nyc votes
New York City Campaign Finance Board

# সাধারণ নির্বাচনের ভোটার গাইড

**কুইনস কাউন্সিল ডিস্ট্রিক্ট 19–32, 34**

**ভোট দিন** মঙ্গলবার, নভেম্বর ৫

## আপনার ছাপ দিন




**ভিতরে:**

- ভোটারদের FAQ
- প্রার্থীর প্রোফাইল
- NYS ব্যালট প্রস্তাবসমূহ
- ভিডিও ভোটার গাইড এবং বিতর্কের সময়সূচী

# আপনার NYC ভোটার গাইডে স্বাগতম

**আপনার ছাপ দিন** এই বছরের সাধারণ নির্বাচনে ভোট প্রদান করে সিটির সরকারে অংশ নিন!
নিউ ইয়র্ক সিটির জন্য এইটি একটি বড় নির্বাচনী বছর **মেয়র, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বারোর প্রেসিডেন্ট,** এবং **সিটি কাউন্সিলের** নির্বাচনী প্রতিযোগিতা।

এই গাইডটিতে প্রতিটি প্রার্থীর ব্যাকগ্রাউন্ড ও প্লাটফর্ম সম্পর্কে তথ্যাদি রয়েছে, যাতে আপনি জেনে বুঝে ভোট দিতে পারেন। **প্রার্থীদের প্রোফাইল 4 নং পৃষ্ঠা থেকে শুরু হয়েছে।** এখানে আরও আছে এ বছরের স্টেট ব্যালট প্রস্তাবনা সমূহ পৃষ্ঠা 28-29। (বিস্তারিত জানার জন্য অনলাইন গাইড দেখুন **www.nyccfb.info/voterguide**)।

**NYC Votes**, দ্যা ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের ভোটারদের সংশ্লিষ্টতার প্রচারণায় আপনারা প্রার্থীদের সম্পর্কে বিভিন্ন উপায়ে জানতে পারবেন। **ভোটার গাইডের ভিডিও সংস্করণে NYC gov চ্যানেলে** গিয়ে প্রার্থীদের ভিডিও বিবৃতি দেখতে পাবেন। অনলাইন ভোটার গাইডে গিয়ে প্রার্থীদের প্রোফাইল পড়তে, তাদের ভিডিও দেখতে, তাদের ওয়েবসাইট এবং সামাজিক মিডিয়ার পাতাগুলো পর্যালোচনা এবং ভোটারদের জন্য অন্য ওয়েব রিসোর্স সম্পর্কে জানতে পারবেন, ব্যালটে অন্যান্য নির্বাচন বিষয়ে তথ্যও রয়েছে। সিটি ব্যাপী আফিসের প্রার্থীদের আনুষ্ঠানিক সর্বশেষ **NYC Votes সাধারণ নির্বাচনের বিতর্কগুলো**। চলার পথে আছেন? আপনি আপনার **স্মার্ট ফোন বা ট্যাবলেটে ভোটার তথ্যের জন্য আমাদের নতুন মোবাইল এপ্লিকেশন ব্যবহার করুণ www.nycvotes.org**।

ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড সম্পর্কে আরও জানার জন্য পৃষ্ঠা 31 দেখুন।

**nyc votes** | ওয়েব | মোবাইল | প্রিন্ট | ভিডিও | সামাজিক

আপনার ছাপ দিন ভোট

## ভোটার হিসাবে আপনার অধিকার

### নভেম্বর ৫, ২০১৩ সনের সাধারণ নির্বাচনে ভোট দেয়ার অধিকার আপনার আছে যদি:

» আপনি নিবন্ধিত ভোটার হন।

» ৫ই নভেম্বর রাত ৯ টার মধ্যে আপনি আপনার ভোট কেন্দ্রের ভিতরে অবস্থান করেন।

### যে কোন নির্বাচনে আপনার অধিকার আছে যে:

» যদি ভোট দানে সাহায্যের প্রয়োজন হয় তখন একজন প্রশিক্ষণপ্রাপ্ত নির্বাচন কর্মীসহ আপনার পছন্দের যে কোন ব্যক্তি দ্বারা (আপনার নিয়োগ কর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া)। যদি দোভাষী পরিসেবার প্রয়োজন হয় BOE দোভাষীদের পাওয়া যাবে কিছু মনোনীত কেন্দ্রে। কল করুন 866-VOTE-NYC আরো তথ্যের জন্য ও কোন কোন ভোট কেন্দ্রে দোভাষী পরিসেবা মিলবে এবং কোন কোন ভাষায়।

» নির্বাচন কর্মীদের জিজ্ঞাসা করা কি ভাবে ভোট দিতে হয়।

» এই ভোটার গাইডসহ কাগজ পত্র নিয়ে আসবেন।
(অনুগ্রহ করে ভোট দান শেষে আপনার সাথে এ সব কাগজ পত্র ফেরত নিয়ে যাবেন।)

» ভোট প্রদানের যন্ত্র বিকল থাকা সত্ত্বেও ভোট দিন।

» আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় যদি আপনার নাম বাদ পড়ে তাহলে "এফিডেভিট ব্যালট" এর মাধ্যমে ভোট দিন।

**এই নির্বাচনে আপনার ভোট কেন্দ্রে যদি প্রথম বারের মত ভোট দিতে আসেন তাহলে আপনার পরিচয় পত্র দেখাতে হতে পারে।**
আপনি যদি পরিচয় পত্র দেখাতে না পরেন বা না চান এফিডেভিট ব্যালট এর মাধ্যমে ভোট দেয়ার অধিকার আপনার আছে।

### আপনার **ভোট সংক্রান্ত যাবতীয় প্রয়োজন** বা **প্রশ্নের জন্য...**

যোগাযোগ করুন NYC Board of Elections (BOE) ফোনের মাধ্যমে 866-VOTE-NYC (866-868-3692; **212-487-5496 যারা শ্রবণ প্রতিবন্ধী**) অনলাইনে **www.vote.nyc.ny.us** অথবা ব্যক্তিগত ভাবে স্থানীয় BOE কার্যালয়ে

**জেনারেল অফিস**
32 Broadway
7th Floor
New York, NY 10004
(212) 487-5400

**ব্রুকলিন**
345 Adams Street
4th Floor
Brooklyn, NY 11201
(718) 797-8800

**ম্যানহ্যাটান**
200 Varick Street
10th Floor
New York, NY 10014
(212) 886-2100

**কুইনস**
126-06 Queens Boulevard
Kew Gardens, NY 11415
(718) 730-6730

**দ্যা ব্রঙ্কস**
1780 Grand Concourse
5th Floor
Bronx, NY 10457
(718) 299-9017

**স্ট্যাটেন আইল্যাণ্ড**
1 Edgewater Plaza
4th Floor
Staten Island, NY 10305
(718) 876-0079

# সচরাচর করা প্রশ্নমালা

## সাধারণ নির্বাচন কি?

একটি সাধারণ নির্বাচন হচ্ছে যখন বিভিন্ন দল থেকে মনোনয়ন প্রাপ্ত ব্যক্তিগণ সরকারী পদের জন্য প্রতিযোগিতা করেন। এর মধ্যে অন্তর্ভুক্ত সেপ্টেম্বর ১০-এর প্রাইমারিতে বিজয়ী প্রার্থীগণ এবং স্বতন্ত্র ভাবে লড়ে যাচ্ছেন সে সকল প্রার্থীগণ।

নিউ ইয়র্ক শহরে অনেকগুলি রাজনৈতিক দল আছে, এবং একজন ভোটার হিসেবে আপনাকেই সিদ্ধান্ত নিতে হবে কোন প্রার্থী আপনার প্রয়োজনগুলি সবথেকে ভালো মেটাতে পারবেন।

## ৫ই নভেম্বরের সাধারণ নির্বাচনে আমি কি ভোট দিতে পারব?

নিউ ইয়র্ক সিটিতে আপনি যদি নিবন্ধিত ভোটার হয়ে থাকেন তাহলে ৫ই নভেম্বরে আপনি ভোট দিতে পারবেন (এবং উচিতও)। ভোট কেন্দ্র খোলা থাকবে সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। নিবন্ধিত ভোটারগণ BOE কর্তৃক ডাক যোগে পাঠানো নোটিসে ভোট কেন্দ্রের ঠিকানাসহ ভোট সংক্রান্ত আর অন্য তথ্য পাবেন। কোন নোটিস যদি আপনি না পেয়ে থাকেন তাহলে হয়তো আপনি নিবন্ধিত নন। যাচাই করার জন্য কল করুন 866-VOTE-NYC অথবা নিবন্ধন বিষয়ে অনলাইনে দেখুন **voterlookup.elections.state.ny.us** যোগ্য হতে হলে **গত বছর** ১২ই অক্টোবর (২০১২) তারিখের মধ্যে একটি দলে নাম লিখাতে হবে।

## ব্যালট প্রস্তাবনা কী?

ব্যালট প্রস্তাব হচ্ছে একটি প্রশ্ন যা ব্যালটে উত্থাপন করা হয় ভোটারগণের সিদ্ধান্তের জন্য। এ বছর ব্যালটে নিউ ইয়র্ক স্টেট এর সংবিধানকে সংশোধনের ছয়টি প্রস্তাব রয়েছে। স্টেট সিনেট ও আসেম্বলি কর্তৃক গৃহীত এই সংশোধনগুলি ভোটার গনের মতের উপর নির্ভরশীল, যার মানে হচ্ছে আপনি চাইলে তা ভোট দানের মাধ্যমে গ্রহণ বা প্রত্যাখান করতে পারেন। প্রতিটা প্রস্তাব সম্পর্কে 28-29 পৃষ্ঠায় গিয়ে জেনে নিন।

## সাধারণ নির্বাচনে আমি কাঁদের জন্য ভোট দিব?

আপনি ভোট দিচ্ছেন মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বোরো প্রেসিডেন্ট এবং আপনার ডিস্ট্রিক্ট এর সিটি কাউনসিল মেম্বারকে নির্বাচিত করার জন্য। আপনি অন্য নির্বাচনেও ভোট দিতে পারেন যা এই ভোটার গাইডের অন্তভুক্ত নয়, যেমন এসেম্বলি মেম্বার বা ডিস্ট্রিক্ট এটর্নি।

আপনি যে দলেই তালিকাভুক্ত হন না কেন যে কোনো দলের যে কোনো প্রার্থীকে ভোট দিতে পারেন।

আপনি NYS এর ছয়টি ব্যালট প্রস্তাবে ভোট দিতে যাচ্ছেন যা স্টেট সংবিধানকে বিভিন্ন ভাবে সংশোধন করতে পারে যদি ভোটারগণ দ্বারা অনুমোদিত হয়।

## ভোট দেওয়ার জন্য কিভাবে আমার নাম নিবন্ধিত করব?

এ বছরের সাধারণ নির্বাচনে ভোট দেয়ার জন্য নিবন্ধন করানোর সময় শেষ হয়ে গেছে। (শেষ সময় ছিল অক্টোবর ১১, ২০১৩) কিন্তু আপনি যদি নিবন্ধিত না হয়ে থাকেন তাহলে দয়া করে ভবিষ্যৎ নির্বাচনের জন্য নিবন্ধন করিয়ে নিন। ভোটার নিবন্ধনের একটি আবেদনপত্র পূরণ করে সশরীরে বা ডাক যোগে NYC Board of Elections (BOE)-তে জমা দিতে পারেন। আপনি BOE-র ওয়েব সাইট থেকে নিবন্ধনের আবেদনপত্র নামাতে পারেন, স্থানীয় BOE অফিস থেকে সংগ্রহ করতে বা 866-VOTE-NYC ফোন করে ডাক যোগে পাঠানোর অনুরোধ করতে পারেন।

## আমার রেজিস্ট্রেশনের মেয়াদ কি উত্তীর্ণ হতে পারে?

আপনার রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কোন তারিখ নেই, কিন্তু সেটি বাতিল হয়ে গিয়ে থাকতে পারে যদি আপনি ঠিকানা বদল করে থাকেন এবং আপনার নতুন ঠিকানাটি BOE-কে না জানিয়ে থাকেন, অথবা যদি আপনি বিগত দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন। সঠিক তথ্য জানতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন বা **voterlookup.elections.state.ny.us** ঠিকানায় দেখুন।

## আমি শেষ বার ভোট দিয়ে যদি নিউ ইয়র্কের মধ্যেই বাড়ি বদল করি?

আপনি বাড়ি বদল করলে, তা ২৫ দিনের মধ্যে BOE-কে অবশ্যই অবহিত করত হবে। অবহিত করার জন্য আপনাকে একটি রেজিষ্ট্রেশন ফর্মের তথ্যাদি পূরণ করে জমা দিতে হবে। বিশেষ করে যে বাক্সটিতে লেখা থাকবে "ভোটদানের পরিবর্তিত তথ্য।" আপনার পুরাতন এবং নতুন ঠিকানা লিখুন, আপনি যে পার্টির জন্য নাম লেখাতে চান, সেই বাক্সে দাগ দিন (আপনার আগের ঠিকানায় কোনো পার্টির জন্য নাম লেখানো থাকলেও এখানে আবার লিখুন), এবং আর কোনো তথ্য জানাতে হলে সেগুলিও দিন। আপনি যদি বাড়ি বদলে থাকেন কিন্তু নির্দিষ্ট সময়ের মধ্যে BOE-র কাছে পরিবর্তিত ঠিকানা না জানিয়ে থাকেন, তাহলে আপনাকে আপনার নতুন ভোটদানের জায়গায় যেতে হবে এবং অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে। আপনার ঠিকানা পরিবর্তন হয়েছে কিনা জানার জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

## আমি ভোট দিতে গেলে তারা যদি আমার নাম ভোটার তালিকায় খুঁজে না পায়?

প্রথমে, এটি নিশ্চিত করুন যে আপনি আপনার জন্যে সঠিক পরিষদ এবং নির্বাচনের জেলার টেবিলটিতে সই করছেন। এই জেলা সংখ্যাগুলি ভোটার নির্দেশাবলী বইটির নাম-ঠিকানা লেখা জায়গাটিতে আপনার নামের ওপরে ছাপানো থাকবে এবং প্রত্যেক অগাস্ট মাসে সব নথীভুক্ত ভোটারদেরকে BOE যে খামটি পাঠায় সেটির ওপরে থাকে। আপনি একজন ভোটকর্মীর কাছ থেকেও সাহায্য চাইতে পারেন, অথবা **nyc.pollsitelocator.com** ও পড়ে দেখতে পারেন।

যদি আপনি সঠিক টেবিলেই থাকেন কিন্তু ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তাহলে হয়তো BOE-র কাছে আপনার রেজিস্ট্রেশন ফর্ম পৌঁছায়নি। যদি আপনি মনে করেন যে আপনার ভোট দেওয়ার যোগ্যতা আছে, তাহলে **আপনি ভোট দিতেই পাবেন**। একটি **অ্যাফিডেভিট ব্যালট** চেয়ে নিন, এবং নির্দেশগুলি অনুসরণ করুন। নির্বাচনের পরে, BOE তাদের রেকর্ড চেক করে দেখবে এবং আপনি ভোট দেওয়ার যোগ্য হয়ে থাকলে আপনার ভোটটিও গণ্য হবে। না হলে, আপনি একটি নোটিশ পাবেন, যে আপনি ভোট দেওয়ার যোগ্য ছিলেন না এবং সেই সঙ্গে পরবর্তী নির্বাচনগুলির জন্য একটি রেজিস্ট্রেশন ফর্মও পাবেন।

## যদি আমি নির্বাচনের দিন আমার ভোটকেন্দ্রে যেতে না পারি?

আপনি যদি আপনার পেশাগত, ব্যবসা, পড়াশোনা, ভ্রমণ, হাজতবাস (গুরুতর অপরাধ ছাড়া), অসুস্থতা, প্রতিবন্ধী, হাসপাতালে ভর্তি থাকা বা দীর্ঘমেয়াদি কেয়ার ফেসিলিটিতে ভর্তি থাকার দরুন ভোটকেন্দ্রে না যেতে পারলে অ্যাবসেন্টি (অনুপস্থিত) ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। দুই ভাবে অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেওয়া যায়: ডাকে পাঠিয়ে বা সশরীরে।

**ডাকযোগে অ্যাবসেন্টি ভোট দিতে হলে,** 866-VOTE-NYC নম্বরে ফোন করে একটি অ্যাবসেন্টি ব্যালট অ্যাপ্লিকেশন চেয়ে নিন বা **www.vote.nyc.ny.us** থেকে ডাউনলোড করুন। অ্যাপ্লিকেশন ফর্মটি পূরণ করে আপনার BOE বরো অফিসে ডাকযোগে পাঠিয়ে প্রেরিত আবেদনপত্রে অক্টোবর ২৯, ২০১৩ তারিখের মধ্যের **ডাকমোহর** থাকতে হবে। BOE আপনাকে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। সেটি পূরণ BOE বরো অফিসে পাঠিয়ে দিন(৪ই নভেম্বর, ২০১৩ এর মধ্যের ডাকঘরের স্ট্যাম্প থাকতে হবে)।

**সশরীরে অ্যাবসেন্টি ভোট:** ব্যালট হাতে এলেই (ইলেকশনের অন্তত ৩২ দিন আগে) অ্যাবসেন্টি ভোট দেওয়া শুরু হয় এবং নির্বাচনের দিন শেষ হয়। এটি আপনার **বরো অফিসে** প্রতি সোম থেকে শুক্রবার এবং নির্বাচনের আগের সাপ্তাহিক ছুটির দিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এবং ইলেকশনের দিন রাত ৯টা পর্যন্ত জমা দেয়া যাবে।

**মনে রাখবেন:** যদি ডাকযোগে অ্যাবসেন্টি ব্যালট চেয়ে পাঠানোর শেষ তারিখ পার হয়ে গিয়ে থাকে এবং কোন দুর্ঘটনা বা আকস্মিক অসুস্থতার দরুন আপনি নির্বাচনের দিন আপনার ভোটকেন্দ্রে যেতে না পারেন, তবে আপনার একজন প্রতিনিধিকে লিখিত অনুমতিপত্র দিয়ে BOE বরো অফিসে পাঠিয়ে আপনার হয়ে অ্যাবসেন্টি ব্যালট আনাতে পারেন। পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্ম এবং আপনার পূরণ করা ব্যালট ৫ই নভেম্বর রাত ৯টার মধ্যে **আপনার** BOE বরো অফিসে অবশ্যই জমা দিতে হবে।

## নিশ্চিত নন কোন সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট এ বসবাস করেন?

**এই গাইডের প্রচ্ছদে দেখুন:** আপনার নাম ঠিকানার উপরেই আপনার ডিস্ট্রিক্ট নম্বর গুলো মুদ্রিত আছে। আপনি ভিসিট করতে পারেন **nyc.pollsitelocator.com,** এই নম্বরে ভোটার হটলাইনে কল করুন **866-VOTE-NYC,** অথবা আপনার বোরো এর BOE কার্যালয়ে যোগাযোগ করুন।

## বিষয়সূচী


ভোটদাতা হিসাবে আপনার অধিকার ..... 2
সচরাচর করা প্রশ্নমালা ..... 3
সিটিব্যাপী প্রার্থীদের পরিচিতি ..... 4
স্থানীয় প্রার্থীদের পরিচিতি ..... 13
নিউ ইয়র্ক স্টেট ব্যালট প্রস্তাবনা সমূহ ..... 28
কিভাবে ভোট দিবেন ..... 30
ভিডিও ভোটার গাইড সময়সূচী ..... 31
সিটিব্যাপী বিতর্কের সময়সূচী ..... 31
এনওয়াইসি ক্যাম্পেন ফাইন্যান্স বোর্ড ..... 31


## দলের প্রতীকী

এই সংক্ষেপকরণগুলো প্রতিটি প্রার্থীর নামের কাছে থাকবে যাতে বুঝা যায় তারা কোন দলের পক্ষ (পক্ষসমূহ) নিয়ে লড়ে যাচ্ছেন।

| | | | |
|---|---|---|---|
| AL | এবিওডান লরেল-স্মিথ | LBT | লিবারটারিয়ান |
| AT | সামর্থ্য Tmrw | P | পপুলিস্ট |
| CV | সুশীল সদগুনাবলী | PR | প্রগতিশীল |
| CS | সাধারণ জ্ঞান | REF | সংস্কার পন্থী |
| C | রক্ষণশীল পন্থী | RTH | বাড়ী ভাড়া অত্যাধিক বেশি |
| D | ডেমোক্রেটিক | R | রিপাবলিকেন |
| DD | ডাম্প দ্যা ডাম্প | S2A | সেকেন্ড এভিনিউ কে বাচান |
| FV | বিশ্বাস ও মূল্যবোধ | SC | স্কুল চয়েস |
| FE | দীপ্তিময় সূর্যের মত প্রতিটি ব্যক্তিকে সমৃদ্ধ করা | SW | সমাজতন্ত্রী কর্মী |
| | | SF | ছাত্ররা প্রথম |
| FB | এগিয়ে চল ব্রুকলিন | TWS | ওয়াল স্ট্রীটের উপর কর আরোপ করুন |
| F | ফ্রিডম | | |
| G | গ্রীন পার্টি | T2H | কর অতিরিক্ত |
| I | ইন্ডিপেনডেন্স | U | একতা |
| JE | কাজ ও শিক্ষা | WV | যুদ্ধপ্রবীন |
| L | উদার পন্থী | WF | কর্মজীবি পরিবার |

এই গাইডটি মুদ্রণে যাওয়ার পর দলের নাম পরিবর্তন হয়ে থাকতে পারে। হল নাগাদ তথ্যের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**।

# আপনার **ভোটার গাইড** সম্পর্কে

এই মুদ্রিত গাইডে অন্তর্ভুক্তির জন্য সময় মত যদি কোন প্রার্থী ভোটার গাইড প্রোফাইল জমা না দিয়েও থাকেন মুদ্রণের সময় পর্যন্ত সাধারণ নির্বাচনের ব্যালটে যাদের নাম এসেছে এই গাইডে সমস্ত প্রার্থীদের নাম তালিভুক্ত করা হয়েছে। যেহেতু আইনগত কারণে প্রার্থীদের নাম ঠিক নির্বাচনের প্রাক্কালেও অপসারণ করা হতে পারে সেহেতু এই গাইডের তালিকায় অন্তর্ভুক্ত কিছু প্রার্থীর নাম ব্যালটে না ও থাকতে পারে।যদি কোন প্রাইমারি নির্বাচনের ফলাফল মুদ্রণের সময় পর্যন্ত খুবই কাছা কাছি হয় অথবা রান অফ নির্বাচনের প্রত্যাশা থাকে তবে একই দলের একাধিক প্রার্থীর নাম তালিকায় আসবে এবং কেন তা উল্লেখ হবে একটি পাদ টীকায় তবে সাধারণ নির্বাচনী ব্যালটে প্রতি দলের শুধু একজন করে প্রার্থীর নাম থাকবে।হাল নাগাদ সাধারণ নির্বাচনের তথ্যের জন্য অনলাইন ভোটার গাইড দেখুন এখানে **www.nyccfb.info/voterguide**, অথবা আপনার স্যাম্পল ব্যালট দেখার জন্য ব্যবহার করুন BOE এর নির্বাচনী কেন্দ্র নির্দেশক এখানে **www.vote.nyc.ny.us**।

এই গাইডের প্রোফাইল ও ছবিগুলো প্রার্থীদের কতৃক CFB এর নিকট দাখিল করা হয়েছে। সকল প্রার্থীরা অসত্য শপথের দন্ডের অধীন হলফ করেছেন যে, তাদর জ্ঞান অনুযায়ী প্রোফাইলে প্রদত্ত সকল তথ্য সত্য। প্রার্থী কর্তৃক CFB এর নিকট দাখিলকৃত তথ্যাদি হুবুহু পুনর্মুদ্রণ করা হয়েছে সেগুলো ছাড়া যে গুলোর বিষম ক্রটি এবং ছোট খাট ফরম্যাটিং ইস্যু রয়েছে তা মুদ্রণের আগে CFB কর্তৃক সংশোধন করা হয়ে থাকতে পারে। প্রার্থীদের প্রতিবেদনে প্রকাশিত বিবৃতি তাদের নিজস্ব বক্তব্য, এর সাথে নিউ ইয়র্ক ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের কোন সংশ্লিষ্টা নেই।

## **সিটিব্যাপী** প্রার্থীদের

# মেয়র

মেয়র হলেন নিউ ইয়র্ক সিটির প্রধান প্রশাসনিক কর্মকর্তা যিনি সিটির সরকারী কর্মকাণ্ড কার্যকরী ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দায়িত্বশীল। মেয়রের অনেকগুলি কাজের মধ্যে কয়েকটি হল মেয়োরাল এজেন্সিগুলির এজেন্সি হেড ও কমিশনার নিয়োগ ও অপসারণ করা; বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, কমিশন ও বোর্ডের সদস্য নিয়োগ করা; এবং নিউ ইয়র্ক সিটির জন্য বাজেট পেশ করা। এ ছাড়াও মেয়রের হাতে সিটি কাউন্সিলের আইনি ও জমি-ব্যবহার বিষয়ক সিদ্ধান্ত নামঞ্জুর করার ক্ষমতা আছে। মেয়র বার্ষিক $২২৫,০০০ বেতন পান।

বিল ডে ব্ল্যাসিও (Bill de Blasio) (D)
জোসেফ জে. লোটা (Joseph J. Lhota) (R, C, SF)
কেভিন এ. ফিনিগেন (Kevin A. Finnegan) (WF)*
অ্যাডলফো ক্যারিয়ন জুনিঃ (Adolfo Carrión, Jr.) (I)
অ্যান্থনী গ্রোনোউইচ (Anthony Gronowicz) (G)
অ্যাবিওডান স্যামুয়েল লরেল স্মিথ (Abiodun Samuel Laurel-Smith) (AL)
জোসেফ জি. মেলারাগনো (Joseph G. Melaragno) (AT)*
জর্জ ম্যাকডোনাল্ড (George McDonald) (CS)
মাইকেল যে. দিল্গার (Michael J. Dilger) (FE)*
মাইকেল কে. গ্রেইস (Michael K. Greys) (F)*
জ্যাক ডি. হিডারি (Jack D. Hidary) (JE)
জন ক্যাটসিম্যাটিডিস (John Catsimatidis) (L, T2H)
মাইকেল সেন্সেস (Michael Sanchez) (LBT)*
কার্ল পারসন (Carl Person) (REF)
জিমি (ভাড়া খুব বেশি) ম্যাকমিলান [Jimmy (rent is too damn high) McMillan] (RTH)
এরিক সালগাডো (Erick Salgado) (SC)
ডেন ফ্যাইন (Dan Fein) (SW)
রেন্ডি ক্রেডিকো (Randy Credico) (TWS)
সেম স্লোয়ান (Sam Sloan) (WV)*

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**-এ দেখুন।

---

## বিল ডে ব্ল্যাসিও (Bill de Blasio)

### মেয়র (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট

**পূর্ববর্তী পেশা:** হিলারী ক্লিন্টনের সিনেট নির্বাচনের ক্যাম্পেইন ম্যানেজার; ইউ. এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং এন্ড আরবান ডেভেলপমেন্ট-এর আঞ্চলিক পরিচালক (রিজিওনাল ডিরেক্টর); মেয়ার ডিনকিন্স-এর এইড

**শিক্ষাগত যোগ্যতা:** কলোম্বিয়া ইউনিভার্সিটি স্কুল অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স থেকে M.A.; নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে B.A.

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার ডিস্ট্রিক্ট ৩৯ (ব্রুকলিন); কমিউনিটি স্কুল বোর্ড ১৫-এর সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার অগ্রাধিকারের তালিকায় থাকবে অর্থনৈতিক বৈষম্যকে সমাধান করা। বহু যুগ ধরেই সিটি হল অর্থবানদের চাহিদা পূরণ করে এসেছে আর অন্যদিকে মধ্যবিত্ত ও শ্রমজীবি সমাজের চাহিদাকে হয নাকচ না হয় অগ্রাহ্য করা হয়েছে। এই অর্থনৈতিক বৈষম্যকে মুছে ফেলতে আমাদের শিক্ষা ব্যবস্থাকে আরও দৃঢ় করতে হবে, সাধ্যের মধ্যে আবাসনকে আরও বিস্তৃত করতে হবে ও তাকে সুরক্ষিত রাখতে হবে, এবং পাঁচটি বরোর মধ্যে অনেক কর্মসংস্থান করতে হবে। আমিই একমাত্র প্রার্থী, যার কাছে সবার জন্য প্রাথমিক শিক্ষা (আর্লি এডুকেশন) ও স্কুল-বহির্ভূত প্রোগ্রাম তৈরি করার জন্য একটি সুনির্দিষ্ট পরিকল্পনা আছে, যা চলানো যাবে অর্থবানদের উপর অল্পমাত্রায় অতিরিক্ত কর ধার্য করে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি অবগত আছি যে, পুলিশ ও জনসাধারণের মধ্যে ভঙ্গুর সম্পর্ক কিভাবে উভয়ের জন্যই যথেষ্ট ঝুঁকিতে পরিণত হয়, আর আমি স্টপ অ্যান্ড ফ্রিস্ক-এর পূর্ণ সংস্কার এবং জাতিগত প্রোফাইলিং নিষিদ্ধ করার জন্য কোঠর আইনের পক্ষে। আমি বিশ্বাস করি যে, আমাদের সিটির একটি প্রধান অঙ্গ হল অভিবাসীরা (ইমিগ্র্যান্টরা) এবং আমাদের সিটির পরবর্তী প্রশাসনকে এই গুরুত্বপূর্ণ অভিবাসীদের কমিউনিটিগুলো সাথে ঘনিষ্ট ও সহযোগিতা নিতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি অর্থবান ও ক্ষমতাবানদের বিরোধীতায় আর নিয়মিত করদাতা, পরিবার ও সাধারণ নিউ ইয়র্ক বাসীর পক্ষ নিয়ে কথা বলার জন্য আমার কর্মজীবন উৎসর্গ করেছি। বরোর-বাইরে বসবাসকারী কর্মজীবি পিতা এবং সরকারী স্কুলের শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আমি পরিবারগুলোর দৈনন্দিন সমস্যা সমূহের সম্মুখীন হয়, সেই বিষয়ে অবহিত আছিঃ অর্থনৈতিক ন্যায্যতা, কর্মসংস্থান, প্রাথমিক শিক্ষা (আর্লি এডুকেশন) ও স্কুল-বহির্ভূত প্রোগ্রামগুলি, শিশু পরিচর্যা, জীবন-ধারণযোগ্য বেতন, কার্যকরী ও সম্মানীয় পুলিশ ব্যবস্থা, এবং সাধ্যের মধ্যে আবাসন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.billdeblasio.com | bill.deblasio | deblasionyc | YouTube NYForDeBlasio

## জোসেফ জে. লোটা (Joseph J. Lhota)

**মেয়র (R, C, SF)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি-র চেয়ারম্যান ও CEO; ডেপুটি মেয়র ও বাজেট ডিরেক্টর, জিউলিয়ানি প্রশাসন; ম্যাডিসন স্কোয়ার গার্ডেন ও কেবল ভিশন -এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট; ইনভেস্টমেন্ট ব্যাংকার

**শিক্ষাগত যোগ্যতা:** জর্জটাউন ইউনিভার্সিটি থেকে BS ১৯৭৬; হার্ভার্ড বিজনেস স্কুল থেকে MBA ১৯৮০

**সাংগঠনিক সম্পৃক্ততা:** CUNY, বোর্ড অফ ট্রাস্টিজ-এর সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জিউলিয়ানি প্রশাসনে বাজেট ডিরেক্টর ও ডেপুটি মেয়র অপারেশনস; মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি-র চেয়ারম্যান ও CEO

### ১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?

কর্মসংস্থান সৃষ্টি করা ও একটি বিকাশশীল, বহুমুখী অর্থনীতি আমাদের সিটিকে সাফল্যের শিখরে পৌঁছে দেয়ার মুখ্য ভূমিকা পালন করে। সরকার সরাসরি চাকরি সৃষ্টি করতে পারে না, কিন্তু তারা এমন এক পরিবেশ তৈরি করতে পারে যাতে চাকরির সংখ্যা ও সুযোগ বাড়াতে পারে। আমাদের সরকার আরও দক্ষতার সাথে পরিচালিত হওয়া উচিত, ক্ষুদ্র ব্যবসাগুলির শ্বাসরুদ্ধ করে, এমন সব ট্যাক্স কমিয়ে ও সেই সমস্ত দুর্বিষহ বিধি ও শাস্তিবিধান সরিয়ে। আমাদের জোর দিতে হবে পাঁচটি বরোতেই সেই সব বিকাশশীল শিল্পের প্রতি যাতে তারা উচ্চমানের ও ভালো বেতনের চাকরি তৈরি করে।

### ২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?

সরকারে সংস্কার ঘটানো সবচেয়ে বড় আগ্রাধিকার হওয়া প্রয়োজন। আমাদের প্রয়োজন নৈতিক সংস্কার যাতে দুর্নীতিগ্রস্ত রাজনৈতিকদের সরিয়ে ফেলা যায় এবং শিক্ষাগত সংস্কার যাতে আমাদের স্কুলগুলি উন্নত হতে পারে। আমাদের জীবনের মানোন্নয়নে জনসাধারণের নিরাপত্তাও খুবই জরুরি বিষয়। সন্ত্রাসীদের ও হিংস্র অপরাধীদের থেকে আমাদের নিরাপত্তার জন্য নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (NYPD)-এর কাছে যথেষ্ট পরিমাণে প্রয়োজনীয় পন্থা ও সম্পদ আছে তা নিশ্চিত করতে হবে।

### ৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?

পরবর্তী মেয়রের কাছে যথেষ্ট অভিজ্ঞতা ও দূরদৃষ্টি থাকা উচিত যাতে তিনি প্রথম দিন থেকে নিউ ইয়র্ক শহরকে নেতৃত্ব দিতে পারেন। আমাদের সিটিটি হল $৭০ বিলিয়ন মূল্যের উদ্যোগ, যেখানে প্রায় ৩০০,০০০ মানুষ কাজ করেন। আমিই একমাত্র প্রার্থী যার সরকারী ও বেসরকারী উভয় ক্ষেত্রেই বিভিন্ন জটিল সংস্থা পরিচালনা করার বিপুল অভিজ্ঞতা আছে। আমার সৌভাগ্য হয়েছিল যে আমি এই শহরের মানুষজনদের সেবা করতে পেরেছিলাম, যখন আমাদের এই শহর দ্রুত বৃদ্ধি পাচ্ছিল ও পরিবর্তিত হচ্ছিল, এমনকি যখন আমাদের এই শহর খুব বড় চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিল সেই সময়েও আমি মানুষের সেবায় পাশি ছিলাম যেমন ৯/১১ এবং হারিকেন স্যান্ডি-র সময়ে। আমি বিশ্বাস করি যে আমাদের সুসময় খুব দ্রুত আসতে চলেছে এবং মেয়র হিসাবে আমি আমার সাধারণ বুদ্ধি ব্যবহার করব, আমার দূরদৃষ্টি ও অভিজ্ঞতা ব্যবহার করব যাতে আমি নিউ ইয়র্ক শহরকে আরও এগিয়ে নিয়ে যেতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.joelhotaformayor.com

---

## অ্যাডলফো ক্যারিয়ন, জুনিঃ (Adolfo Carrión, Jr.)

**মেয়র (I)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** কোনো রাজনৈতিক দলভুক্ত নয়

**বর্তমান পেশা:** মেট্রো ফিউচার্স LLC সংস্থার প্রতিষ্ঠাতা/ব্যবস্থাপনা পরিচালক, (ম্যানিজিং ডিরেক্টর)।

**পূর্ববর্তী পেশা:** ক্ষুদ্র ব্যবসায়ী, NYC-র সরকারী স্কুল শিক্ষক, সিটি প্ল্যানার (শহর পরিকল্পক), কমিউনিটি বোর্ড ম্যানেজার

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক ডিগ্রি - কিংস কলেজ; আর্বান প্ল্যানিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি - CUNY - হান্টার কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** মরিস হাইটস হেল্থ সেন্টার, কাউন্টি এক্সিকিউটিভস অফ আমেরিকা, হাডসন রিভার স্লুপ ক্লিয়ারওয়াটার অর্গ, ব্রঙ্কস ডিভা টক - ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাওয়ারনেস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** হোয়াইট হাউস ডিরেক্টর অফ আর্বান অ্যাফেয়ার্স, ইউ. এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আর্বন ডেভেলপমেন্ট-এ রিজিওনাল ডিরেক্টর, দুবার ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট, NYC কাউন্সিল সদস্য, NALEO (ন্যাশানাল অ্যাসোসিয়েশন অফ ল্যাটিনো ইলেক্টেড অফিশিয়ালস)-র প্রাক্তন প্রেসিডেন্ট

### ১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?

সর্বাধিক অগ্রাধিকার দেওয়া উচিত শিক্ষা সংস্কারের উপর, যাতে নিশ্চিত করা যায় যে নবীনরা অর্থনীতিতে অংশগ্রহণ করতে তৈরি থাকে। এই মুহূর্তে শিক্ষা অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের প্রয়োজন ও চাহিদা মেটানোর বদলে কিছু প্রাপ্তবয়স্কদের প্রয়োজন ও চাহিদা মেটানোর জন্য কাজ করে চলেছে, যা প্রকারন্তরে একটি ব্যর্থ ব্যবস্থাকেই ইঙ্গিত করছে।

### ২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?

নিউ ইয়র্ক সিটিকে মধ্যবিত্ত ও এখানে আরও উন্নত জীবনের সন্ধানে আসা মানুষের সাধ্যের মধ্যে রাখতে হবে। এটিকে ব্যবসা-বান্ধব শহরও হতে হবে, যা শিল্প ও কর্মসংস্থানের যোগান দিয়ে চলবে। কর না বাড়িয়ে ও আমাদের মানুষ ও ব্যবসাগুলিকে সরকারের ATM-এর মতো না ভেবে, আমরা এটি অর্জন করতে পারব। আমাদের সিটিকে নিরাপদ হতে হবে এবং সেই অভূতপূর্ব স্থান হতে হবে, যেখানে উদ্ভাবন কাজের সুযোগ তৈরি করবে।

### ৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?

আমি নির্বাচিত হলে আমার অভিজ্ঞতার ভাণ্ডার উজার করে দেব ও আমার সাধারণ বুদ্ধির আইডিয়াগুলিকে এবং স্বাধীন নেতৃত্বকে কাজে লাগাব যা নিউ ইয়র্ক বাসীরা চায় ও সিটি হলের জন্য উপযুক্ত। এর আগে নিউ ইয়র্ক সিটির পরিচালনার দায়িত্বে ছিলেন বিভিন্ন বিশেষ স্বার্থ গোষ্ঠী ও রাজনৈতিক দলগুলি। আমাদের সিটি চায় আরও ভালো কাজ ও দৃপ্ত দূরদৃষ্টি এমন একটি শহর তৈরির জন্য যা সবার মঙ্গল করতে সক্ষম হবে। এটি আসলে মেয়রের দায়িত্ব যাতে নিউ ইয়র্ক বাসীর জীবনমান উন্নয়ন করা । সিদ্ধান্তগুলি নেওয়া খুব সহজ নয়, কিন্তু আমার পূর্ব অভিজ্ঞতা থেকে দেখতে পাবেন যে, সবার আগে মানুষদের রাখলে ভালো ফল অবশ্যই পাওয়া যায়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.carrion2013.com | AdolfoCarrionNYC | AdolfoCarrion | YouTube AdolfoCarrion | www.linkedin.com/pub/adolfo-carrion/36/113/395

---

## অ্যান্থনী গ্রোনোউইচ (Anthony Gronowicz)

**মেয়র (G)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রিন পার্টি

**বর্তমান পেশা:** CUNY প্রফেসর

**পূর্ববর্তী পেশা:** CUNY প্রফেসর

**শিক্ষাগত যোগ্যতা:** BA কলোম্বিয়া কলেজ; নিউ ইয়র্ক সিটি পলিটিক্যাল হিস্ট্রি-তে PhD,ইউনিভার্সিটি অফ পেনসিলভানিয়া

**সাংগঠনিক সম্পৃক্ততা:** অ্যামেরিকান হিস্টোরিক্যাল অ্যাসোসিয়েশন; অর্গানাইজেশন অফ অ্যামেরিকান হিস্টোরিয়ান্স

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** রিন পার্টি অফ NYS স্টেট কমিটি-র প্রতিনিধি

### ১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রধান্য দিবেন?

পরিবেশগত ক্ষয় সব থেকে জরুরী বিষয়, যা সব নিউ ইর্য়কবাসী যার সম্মুখীন হচ্ছে। আমি একজন নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হিসাবে স্বীকার করি, বিশেষত সুপারস্ট্রম স্যান্ডি এবং ২০০৮ সালে অর্থব্যবস্থা ভেঙ্গে পড়ার পরে, যা আবাসন, স্বাস্থ্য পরিষেবা, কর্মসংস্থান এবং শিক্ষা এসব কিছুই পরিবেশের মানের দ্বারা প্রভাবিত হয়। একটি সহনীয় পরিবেশ গড়পড়তা নিউইয়র্কবাসীর দীর্ঘ এবং সমৃদ্ধ জীবনের চাবিকাঠি।

### ২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?

এই সিটির ৫৩,০০০ – এরও বেশি শিশুদের স্থায়ী গৃহ নেই – ২০০৮ সালের থেকে ৫০০% বেশি। পাবলিক স্কুলের ৫% শিক্ষার্থীরা অস্থায়ী আবাসনে (শেল্টার) বাস করে। এইসব শিক্ষার্থীদের বেশিরভাগ লাতিনো এবং আফ্রিকান-আমেরিকান। এইসব শিক্ষার্থীদের অনেকেই পুলিশ থামিয়ে এবং তল্লাশির (স্টপ এন্ড ফ্রিস্ক) সম্মুখীন করে, যে পুলিশ বিভাগ সম্পর্কে বলতে গিয়ে ইতিহাসে সব থেকে ধনী মেয়র “আমার নিজস্ব সেনা বাহিনী” বলে মন্তব্য করেছেন। আমি যদি নির্বাচিত হই তবে এই জঘন্য পদ্ধতি বন্ধ করব। , আমাদের সংবিধান অন্তর্ভুক্ত অধিকারের বিভিন্ন ধারাকে লঙ্ঘন না করেই নিউ ইয়র্কের তুলনায় লস অ্যাঞ্জেলস, নিউ অর্লিন্স, ড্যালাস, এবং বাল্টিমোরে অপরাধ শতাংশের হিসাবেরও নিচে নেমে গেছে। অন্য একটি প্রধান সমস্যা প্রাকৃতিক জ্বালানী থেকে সৃষ্ট বর্জ্যপদার্থ, যা আমাদের শিশুদের হাঁপানি এবং অন্যসব শ্বাসজনিত অসুখের বৃদ্ধির কারণ। অধিকতর উন্নত শিক্ষা দিতে, আমি ক্লাসের আকার ২০টি আসনে সীমাবদ্ধ করব, প্রত্যেক শিশুর জন্য প্রি-স্কুল প্রোগ্রামে বেশি অর্থ বিনিয়োগ করব এবং জিম, শিল্প এবং সঙ্গীত ফিরিয়ে নিয়ে আনব। সরকারী স্কুল এবং সরকারী হাসপাতাল বন্ধ করে দেওয়া কোনভাবে মেনে নেওয়া সম্ভব নয়।

### ৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?

আমি আমার জীবন সাধারণ নিউইয়র্কবাসীর প্রয়োজন মেটানোর জন্য উৎসর্গ করেছি। আমার ভাবনাচিন্তা অবিচলিতভাবে ৯৯% দের জন্য, ১% দের জন্য নয়, যারা অর্থের উপর নির্ভরশীল অর্থনীতি থেকে সামঞ্জস্যহীন ভাবে উপকৃত হয়েছে, এবং কেউই সকল সুবিধা সহ সম্পূর্ণ কর্মসংস্থানের ব্যবস্থার কথা ভাবেনা।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.votegronowicz.info | VoteGronowicz

## অ্যাবিওডান স্যামুয়েল লরেল স্মিথ

(Abiodun Samuel Laurel-Smith)

**মেয়র** (AL)



**যে রাজনৈতিক দলভুক্ত:** স্বতন্ত্র

**বর্তমান পেশা:** শিল্পী, লেখক, প্রকাশক

**পূর্ববর্তী পেশা:** শিল্পী, লেখক, প্রকাশক

**শিক্ষাগত যোগ্যতা:** ফাইন আর্ট পড়েছেন পলিটেকনিক ইবাডান, নাইজেরিয়া, তারপর শিল্প, সমাজ ও ছাপার ইতিহাস পড়েছেন অক্সফোর্ড ব্রুকস ইউনিভার্সিটি, অক্সফোর্ড, যুক্তরাজ্যে এবং শিল্পের ইতিহাস ও হেরিটেজ ম্যানেজমেন্ট পড়েছেন দ্য ইউনিভার্সিটি অফ বাকিংহ্যাম, বাকিংহ্যাম, যুক্তরাজ্যে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ফ্রেন্ডস অফ স্মিদিজ নিউ ইয়র্ক (FoSNY)

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সরকারী চাকরি (MOD)

www.smithiesny.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রধান্য দিবেন?**

নিরাপত্তা এবং প্রতিরক্ষার মাধ্যমে সিটির রাজস্ব আয়ের বিকল্প উৎস সৃষ্টি করা। এরপরে গবেষণা, প্রযুক্তি এবং সেবা শিল্পগুলো সিটিতে ফিরিয়ে আনা হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

"HOMEWORKNY" মাধ্যমে সর্বস্তরে ভালো শিক্ষা দিয়ে অভিভাবকদের এবং অভিবাসী পরিবারগুলি তাঁদের দক্ষতাকে উন্নত, তাঁদের সন্তানদের হোমওয়ার্কে সাহায্য করতে এবং বর্তমান দ্রুত গতিসম্পন্ন এবং ডিজিটাল প্রতিযোগিতামূলক সমাজের দাবি মেটাতে পারবেন। স্কুলের বাইরে ইন্টারনেট অ্যাক্সেস দেওয়া এবং নিম্নবিত্ত পরিবার থেকে শিশুদের এতে সংযুক্ত করা, যাতে তারা স্কুল পরবর্তী পড়াশুনো করতে পারে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি যোগ্যতম কারণ আমি মেয়র ব্লুমবার্গের দল-নিরপেক্ষ (নন পার্টিসান) পন্থায় কাজ করে যাব। নতুন উৎস যেমন – গবেষণা, মানবসম্পদ, পরিষেবা ক্ষেত্র এবং প্রযুক্তি – এসবের মাধ্যমে সিটির জন্য রাজস্ব আয় বৃদ্ধি করব। ব্লকের পর ব্লকে মধ্যে সাধ্যের মধ্যে আবাসন এবং হেল্থ কেয়ারের মোকাবিলা করা হবে, যাতে আমার প্রশাসন জানতে পারে যে, কে কোথায় বাস করেন এবং কোন অবস্থায় কেমনভাবে উন্নতি করছেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---




# সাধারণ নির্বাচন

# মঙ্গলবার, নভেম্বর ৫

সকল নির্বাচন কেন্দ্রগুলো খোলা থাকবে সকাল **৬ টা থেকে-রাত ৯ টা** পর্যন্ত। নিশ্চিত নন যে কোথায় ভোট দিবেন? কল করুন **866-VOTE-NYC** অথবা দেখুন **nyc.pollsitelocator.com**

## ভোট দান পূর্বে প্রার্থীদের এবং ব্যালট প্রস্তাবসমূহ সম্পর্কে আর জানার চেষ্টা করুন এখানে NYC Votes!




### **টিভি** ও **ভিডিও** ভোটার গাইড এবং বিতর্ক সমূহ

NYC Votes ভোটের বিতর্ক দেখুন। আপানার বারোর ভিডিও গাইডটি দেখুন।




### **অনলাইন** ভোটার গাইড

অনলাইনে গাইডটি দেখুন **www.nyccfb.info/voterguide**।




### **মোবাইল** এপ্লিকেশন

আপনার মোবাইল ডিভাইজ থেকে **www.nycvotes.org**–এ দেখুন।

## জর্জ ম্যাকডোনাল্ড (George McDonald)
**মেয়র** (CS)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** দেশের অন্যতম বিখ্যাত অলাভজনক সংস্থা ডো ফাণ্ডের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট। জর্জ ম্যাকডোনাল্ড প্রমাণ করেছেন যে মানুষকে বেতনসহ কাজের সুযোগ দিলে তাদের জীবন পাল্টে দেওয়া যায়। তাঁর স্ত্রী হ্যারিয়েটের সঙ্গে এবং এই বিশ্বাসে ভর করে যে "কাজে কাজ হয়।" ডো ফাণ্ড ১৮০০০-এরও বেশি মানুষকে তাদের জীবন ফিরে পেতে সাহায্য করেছে, যার মধ্যে যুদ্ধফেরত সৈনিক থেকে প্রাক্তন বন্দী, সকলেই আছে।

**পূর্ববর্তী পেশা:** ম্যাকগ্রেগর স্পোর্টসওয়্যারে অ্যাপারেল ইণ্ডাস্ট্রি এক্সিকিউটিভ।

**শিক্ষাগত যোগ্যতা:** তাঁর পুরো ক্যারিয়ারের সময়কাল জুড়ে ম্যাকডোনাল্ড অসংখ্য প্রশংসা ও স্বীকৃতি লাভ করেছেন, যার মধ্যে আছে ম্যানহ্যাটান ইনস্টিটিউটের লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড ইন সোশ্যাল আঁত্রেপ্রেনোরশিপ এবং হোবার্ট ও উইলিয়াম কলেজ থেকে সাম্মানিক ডিগ্রি।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ABO

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৫ সালে জর্জ NYS ইণ্ডিপেণ্ডেণ্ট কমিটি অন রিএন্ট্রি অ্যাণ্ড এমপ্লয়মেন্টের সভাপতিত্ব করেন। বর্তমানে তিনি গভর্নর কুয়োমোর ওয়ার্ক ফর সাকসেস এক্সিকিউটিভ কমিটিতে আছেন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

চাকরি, চাকরি, চাকরি! NYC প্রত্যেক বসবাসকারী যারা কাজ করতে চান, তাদের একটি পাওয়া উচিত। যা নাগরিক জীবনের প্রতিটি দিকে নাটকীয় প্রভাব ফেলবে। আমাদের সিটিকে আরো নিরাপদ করে তোলার চেষ্টা চালিয়ে যেতে হলে, চাকরি হল জনগণের নিরাপত্তার শেষ সীমানা। নতুন নতুন খরচ মেটানোর জন্য আমরা যেমন কাজ করি, সেখানে কর না বাড়িয়ে সিটির রাজস্ব আয় বৃদ্ধির সবথেকে ভালো উপায় হল চাকরির সুযোগ সৃষ্টি করা। সবশেষে, নতুন চাকরি ও সুযোগ তৈরি করে আমরা বাজেট ঠিক রাখতে পারব কারণ তাহলে এনটাইটলমেন্ট ব্যয় এড়ানো যাবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

মেয়রের সব থেকে গুরুত্বপূর্ণ কাজ হল আমাদের সিটিকে নিরাপদ রাখা। সেটা করতে হলে আমাদের স্টপ, কোয়েশ্চেন অ্যাণ্ড ফ্রিস্ক পদ্ধতি শুধু জারি রাখলেই হবে না, তাকে আরো উন্নত করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

২৫ বছর আগে একটানা ৭০০ রাত ধরে গৃহহীনদের খাবার সরবরাহের কাজে সাহায্য করতে আমি গ্র্যাণ্ড সেন্ট্রালে যেতাম। ওরা স্যাণ্ডউইচগুলো পেয়ে খুশি হতেন ঠিকই, কিন্তু সত্যি করে যা চাইতেন তা হল "একটা ঘর আর তার ভাড়া জোগাবার জন্য একটা চাকরি।" কথাটা আমি শুনেছিলাম আর সেদিন থেকে আজ পর্যন্ত তাদের জীবনকে কাজের সাহায্যে পাল্টে দেওয়ার সুযোগ করে দেওয়ার জন্যই কঠিন পরিশ্রম করে এসেছি। মেয়র হিসেবে, আমি NYC-র প্রত্যেকের জন্যই তা করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

McDonald2013.com | McDonald2013 | Mcdonald4nyc | YouTube mcdonald4ny

---

## জ্যাক ডি. হিডারি (Jack D. Hidary)
**মেয়র** (JE)



**যে রাজনৈতিক দলভুক্ত:** কোনটাই নয়

**বর্তমান পেশা:** উদ্যোক্তা

**পূর্ববর্তী পেশা:** Dice.com (NYSE: DHX)-এর চেয়ারম্যান ও CEO

**শিক্ষাগত যোগ্যতা:** কলাম্বিয়া ইউনিভার্সিটি-তে পড়াশুনা করেছেন, ন্যাশনাল ইন্সটিটিউট অফ হেলথ (NIH)-এ ক্লিনিকাল নিউরোসায়েন্স-এ স্ট্যানলি ফেলোশিপ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** XPrize.org, গুগোল এক্স ল্যাবস, ন্যাশনাল রিনিউএবল এনার্জি ল্যাব (NREL), ক্লিন্টন গ্লোবাল ইনিশিয়েটিভ (CGI), ইস্ট সাইড কমিউনিটি হাই স্কুল

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

বহু সংখ্যক নিউ ইয়র্ক অধিবাসীর কাজ নেই, অথবা তারা খুব কম মাইনের চাকরী দিয়ে কোনমতে জীবনধারনের কঠোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। NYC-র বেকারত্ব-র হার ৯%-র বেশী, যেটা দেশের গড় হারের চেয়ে অধিক। আমার পঞ্চ-সূত্র পরিকল্পনা NYC-তে হাজার হাজার নতুন চাকরী সৃষ্টি করবে, এবং বেশী বেতনের পদে উন্নীত হবার সুবিধার্থে নিউ ইয়র্ক অধিবাসীদের হাতে-কলমে শিক্ষা প্রদান করবে। একজন উদ্যোক্তা, নিউ ইয়র্ক-এর অর্থনৈতিক অবস্থার উন্নতিসাধন করার জন্য প্রয়োজনীয়- অনন্য অভিজ্ঞতা আমার আছে। আমার প্রথম কোম্পানি, Dice.com, ৫ মিলিয়নেরও বেশী লোক-কে চাকরীর যোগাযোগ করিয়ে দিয়েছে। ব্রুকলিন-এর বাসিন্দা হিসাবে আমি বিশ্বাস করি যে আমাদের অর্থনৈতিক সুযোগ অবশ্যই তৈরি করতে হবে, তবে শুধুমাত্র পাঁচটি 'বোরো'-তেই নয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

ভালো ভালো স্কুল, নিরাপদ শহর ও আর্থিক সামর্থ্যের মধ্যে আবাসন-ও আমাদের প্রয়োজন; যাতে NYC এর বৃদ্ধি অব্যাহত থাকে। ভালো শিক্ষা প্রতিটি শিশুর ভবিষ্যতের চাবিকাঠি, কিন্তু আমাদের স্কুলগুলিতে প্রচুর সংখ্যক শিশুরা অসফল হচ্ছে। শিক্ষা জগতে অনেক বছর কাজ করার পর, আমার পরিকল্পনা হবে ক্লাসরুম অভিজ্ঞতায় নতুনভাবে প্রবর্তন আনা ও চাকুরির যোগ্য শিক্ষিতদের কর্মসংস্থান করে দেওয়া। নিউ ইয়র্ক-এ প্রতি বছর নজির সৃষ্টিকারী রেকর্ড ৫২ মিলিয়ন পর্যটকের আগমন ও আমাদের অর্থনৈতিক ব্যবস্থা-কে সমৃদ্ধ করার ধারা বজায় রাখার চাবিকাঠি হল নিরাপদ শহর। সর্বশেষে, নিম্ন ও মধ্য-আয়ের পরিবারগণ, যারা রোজকার থাকা-খাওয়ার খরচ বৃদ্ধির চাপে নিষ্পেষিত, তাদেরকে নিউ ইয়র্ক শহরে টিকিয়ে রাখার জন্য সহজ-সাধ্য আয়ত্তাধীন আবাসন খুবই গুরুত্বপূর্ণ।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি জীবিকার জন্য রাজনীতি করি না। আমি একজন উদ্যোক্তা, যিনি অনেক সফল ব্যবসা স্থাপন ও পরিচালনা করেছেন, যার মধ্যে রয়েছে- দেশের সবচেয়ে অগ্রসর আই টি-চাকরির ওয়েবসাইট, যেটি একটি পাবলিক লিস্টেড কোম্পানি। ব্যবস্থাপনায় আমার প্রগাঢ় অভিজ্ঞতা, তৎসহ স্কুলে ও নিম্ন-আয়ীদের অর্থনৈতিক উন্নতিকল্পে আমার কাজকর্ম, আমাকে প্রস্তুত করেছে NYC কে নেতৃত্ব দিয়ে একটি রোমাঞ্চকর ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাবার জন্য।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.hidaryfornyc.com

---

## জন ক্যাটসিম্যাটিডিস (John Catsimatidis)
**মেয়র** (L, T2H)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** সফল স্বতন্ত্র ব্যবসায়ী. রেড অ্যাপেল গ্রুপের CEO

**পূর্ববর্তী পেশা:** সফল ব্যবসায়ী রেড অ্যাপেল গ্রুপের CEO

**শিক্ষাগত যোগ্যতা:** ব্রুকলিন টেকসহ নিউ ইয়র্ক শহরের পাবলিক ও প্যারোকিয়াল স্কুল সমূহে, NYU (নিউ ইয়র্ক ইউনিভার্সিটি)-তে গিয়েছিলেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** পুলিশ অ্যাথলেটিক লিগ-এর বোর্ড সদস্য আছেন প্রায় ৩০ বছর, তিনি বোর্ড সদস্য হিসাবে কাজ করছেন কলাম্বিয়া প্রেসবিটেরিয়ান হাসপাতালে, হেলেনিক টাইমস স্কলারশিপ ফান্ড-এ, সেন্ট ফ্রান্সিস ফুড প্যান্ট্রিজ-এ, এবং তিনি গ্রীক অর্থোডক্স আর্চডায়োসেশন কাউন্সিল-এর প্রাক্ত ভাইস চেয়ারম্যান ছিলেন। আমি স্থানীয় 338 RWDSU/UFCW-এর পেনশন বোর্ড-এর সদস্য হিসাবে কাজ করছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সাধারণ জ্ঞান সম্পন্ন ব্যবসায়ী যিনি শূণ্য থেকে একটি গুরুত্বপূর্ণ ও সফল রিটেল সংস্থা শুরু করেছেন। একমাত্র প্রার্থী যাঁর নিউ ইয়র্ক সিটির মতো এতো বড় ও এত জটিল সংগঠন চালানোর জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা আছে।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

জনসাধারণের নিরাপত্তা: যেসব নীতি নিউ ইয়র্ক সিটিকে অপরাধ ও সন্ত্রাসবাদ থেকে এতদিন নিরাপদ রেখেছে সেগুলো অব্যাহত রাখবো। নিউ ইয়র্কবাসী যেন তাঁদের নেবারহুডে (পাড়াতে) নিরাপদে চলাফেরা করতে পারেন, আমি তা নিশ্চিত করব। আমাদের একটি নিরাপদ সিটির প্রয়োজন যাতে নিউ ইয়র্ক সিটিতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য বিশ্বের আস্থা অর্জন করা যায়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

চাকুরি এবং অর্থনীতি: এই নির্বাচনে আমিই একমাত্র প্রার্থী যে, নিউ ইয়র্ক সিটিতেই কর্মসংস্থান সৃষ্টি করার অতীতে রেকর্ড আছে এবং মেয়র হিসাবেও আমি সেই ধারা বজায় রাখব;

শিক্ষা: বৃত্তিমূলক প্রোগ্রামের মাধ্যমে স্কুল ছুটের সংখ্যা প্রায় ৪০% হ্রাস করব এবং প্রতিটি শিক্ষার্থীকে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সহায়তা সরবরাহ করা হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি একজন সফল স্বতন্ত্র ব্যবসায়ী যার নিউ ইয়র্ক সিটিতে কর্মসংস্থান সৃষ্টি করার রেকর্ড রয়েছে। আমি ৪০ বছরের বেশি সময় ধরে CEO -র কাজ করছি এবং আমিই একমাত্র প্রার্থী যার $৭০ বিলিয়ন মূল্যের এই বিশাল সিটিকে পরিচালনা করার যোগ্যতা আছে। আমি বড় হয়ে উঠেছি হারলেম-এর ১৩৫তম স্ট্রিটে এবং কখনই ভুলিনি আমি কোথা থেকে এসেছি। আমি শিক্ষায় লক্ষ লক্ষ ডলারের আর্থিক অনুদান যোগাড় করেছি এবং আমি মেয়র নির্বাচনে এই জন্য অংশগ্রহন করছি কারণ আমি বিশ্বাস করি আমি যা সুযোগ পেয়েছি তা প্রতিটি নিউ ইয়র্ক বাসীর পাওয়ার অধিকার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.cats2013.com | JohnCats2013 | JCats2013

## কার্ল পারসন (Carl Person)

### মেয়র (REF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রীন পার্টি

**বর্তমান পেশা:** ফোরক্লোজার (বকেয়া ঋণের কারণে বন্ধক সম্পত্তি অধিগ্রহণ) ও অন্যান্য ঋণ সংক্রান্ত ছাড়ের জন্য বিভিন্ন বাড়ির মালিক ও ক্ষুদ্র ব্যবসায়ীদের হয়ে অ্যাটর্নির কাজ করা; এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের হয়ে ব্যবসাগত মামলা পরিচালনা করা

**পূর্ববর্তী পেশা:** মার্কিন যুক্তরাষ্ট্রে কলেজ গ্র্যাজুয়েটদের প্যারালিগাল-এর কেরিয়ার ক্ষেত্র ও তাতে কাজ করার নির্দেশিকা তৈরি (৬০০,০০০ প্যারালিগ্যাল) করেছেন জন্য প্রথম প্যারালিগাল স্কুলের প্রতিষ্ঠাতা ও তা ১৮ বছর ধরে পরিচালনা করা। স্কুলটির কাছে বিস্তারিত-টেকনলজি পড়ানোর জন্য লাইসেন্স ও স্বীকৃতি দেওয়া হয়েছে

**শিক্ষাগত যোগ্যতা:** হাই স্কুল ছুট। সামরিক বাহিনীতে ৩ বছর কাজ করার পর ব্রুকলিনের LIU থেকে ম্যাগনা কাম লড (magna cum laude) পাশ করেছেন; তারপর হার্ভার্ড ল' স্কুল থেকে পাশ করেছেন "ওয়াল স্ট্রিট" ট্যাক্স ও বিজনেস কোর্সের ঐচ্ছিক বিষয়গুলি নিয়ে

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ঋণ ছাড়ের জন্য সাহায্যকারী সংগঠনগুলির সাথে মুক্ত জোট; কর্মসংস্থান তৈরি, ক্ষুদ্র ব্যবসার জন্য সুযোগ এবং ব্যক্তি ও সংখ্যালঘু গোষ্ঠীদের সমৃদ্ধি

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০১০ সালের NYS অ্যাটর্নি জেনারেল-এর নির্বাচনে ৩৭,০০০ ভোট পেয়ে ৩য় হয়েছিলেন এবং ২০১২ সালে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের জন্য মনোনয়ন দাখিল করেছিলেন

carlperson2013.nationbuilder.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সকল নিউ ইয়র্ক সিটি বাসিন্দা (হাইস্কুল সিনিয়র এবং অ্যাডাল্ট এডুকেশন প্রোগ্রামে থাকা সমস্ত প্রাপ্তবয়স্কদের)-দের জন্য বিনামূল্যে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে $২৫-৬০ প্রতি ঘন্টা (অথবা $৮০-$১০০ প্রতি ঘন্টা স্বাধীন কনট্র্যাক্টর হিসাবে), যাতে গ্র্যাজুয়েটরা মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোনো স্থানে চাকরি পায়। নতুন ইন্টারনেট ও কম্পিউটার প্রযুক্তির কারণে সরকারী স্কুলগুলিতে কারিকুলামের পরিবর্তন করতে হবে, যাতে নিউ ইয়র্ক সিটির বাসিন্দা ও ক্ষুদ্র ব্যবসায়ীরা ভালো চাকরি পায়, ক্ষুদ্র ব্যবসার সুযোগ পায় ও সমৃদ্ধ হয়ে ওঠে। কারিকুলামটি পাওয়া যাবে এই ওয়েবসাইটে carlperson.com/resume03

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

ব্যবসার বিধি-বিধান হ্রাস করা। সকল আর্থিক লেনদেনে স্বচ্ছতা থাকবে এবং ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হবে। কাজ করে এমন পাবলিক ক্যাম্পেইন অর্থ তোলা হবে। বিনামূল্যে সরকারী গণপরিবহণ (রাজস্ব আয় থেকে)।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

ক্ষুদ্র ব্যবসায়ে ও কেরিয়ার মুখী শিক্ষায় আমার ৫০ বছরের অভিজ্ঞতা আছে, এবং নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভালো বেতনের চাকরির সুযোগ সৃষ্টির জন্য যে নতুন শিক্ষা কার্যক্রমের প্রয়োজন আছে তা আমি অবগত আছি। অধিকাংশ নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের জন্য আর্থিক সমস্যার সমাধান করতে আমাদের প্রথমে ভালো বেতনের চাকরির সুযোগ সৃষ্টি করতে হবে, তারপর কলেজ বিষয়ে পদক্ষেপ নেয়া যাবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

---

## জিমি (ভাড়া খুব বেশি) ম্যাকমিলান [Jimmy (rent is too damn high) McMillan]

### মেয়র (RTH)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** রেন্ট ইজ টু ড্যাম হাই পার্টির প্রতিষ্ঠতা

**পূর্ববর্তী পেশা:** ডাক বিভাগের কর্মী, ইউনাইটেড স্টেটস আর্মির প্রাক্তন সৈনিক, সতন্ত্র আণ্ডারকভার ইনভেস্টিগেটর (গোয়েন্দা)

**শিক্ষাগত যোগ্যতা:** বার্কলে PSI থেকে স্নাতক

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নেই

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

www.jimmymcmillan.org

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ভাড়া হ্রাস করণ

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শিক্ষা

কর্মজীবী পরিবারসমূহ

দরিদ্রতা

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি জনতার কণ্ঠস্বর, আর নিউ ইয়র্ক সিটির ভুলে যাওয়া মানুষগুলোর কণ্ঠস্বর: যুবা, গরীব, শ্রমজীবী পরিবার সমূহের এবং প্রতিবন্ধিদের।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## এরিক সালগাডো (Erick Salgado)

### মেয়র (SC)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের জন্য প্রার্থী যিনি বেনসনহার্স্ট-এর ইগলেশিয়া জোভেনেস ক্রিস্টানুস চার্চ-এ প্যাস্টর হিসাবে কাজ করেন।

**পূর্ববর্তী পেশা:** এরিক একটি বইয়ের দোকান খুলেছিলেন ও সেটিকে ৪টি বরোতে চেইন হিসাবে ছড়িয়ে দিয়েছিলেন। তিনি এছাড়াও একটি রেডিও নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছিলেন এবং গত ডিসেম্বর পর্যন্ত তিনি রেডিও ক্যান্টিকো নুয়েভো ইনক-এর প্রেসিডেন্ট ছিলেন, বিগত ২৪ বছরে এরিক NYC বিভিন্ন কমিউনিটিতে থাকা মানুষজনদের সাথে প্রচুর সময় ব্যয় করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** এরিক UTI ইউনিভার্সিটি থেকে থিওলজিক্যাল স্টাডিজ-এ ডক্টরেট করেছেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** N/A

salgadonyc.com | ErickSalgadoNYC | ErickSalgadoNYC

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

মেয়র জিলিয়ানির প্রশাসনের পুলিশ বিভাগের পদগুলিকে আমি ফিরিয়ে আনব, কোটা বহিষ্কার করব এবং সব অফিসারের জন্য অতিরিক্ত সংবেদনশীলতা প্রশিক্ষণ বাস্তবায়িত করব। সন্ত্রাসবাদের সঙ্গে লড়াই করতে পুলিশ বিভাগের উদ্যোগ আমি অব্যাহত রাখব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

১. নিউ ইয়র্কবাসীদের চাকরির প্রয়োজন যেখানে তারা বেঁচে থাকার অত্যাবশকীয় বেতন পাবে। আমি আমলাতান্ত্রিক প্রতিবন্ধকতাগুলি দূর করব যা অনেক ব্যবসাকে বেড়ে উঠতে বাধা দেয়, পুরোনো আমলের নিয়মকানুন রোহিত করব, অনলাইনে যতখানি সম্ভব বেশি অনুমোদন প্রক্রিয়া রাখব, নতুন চাকরির সৃষ্টিকে উৎসাহ প্রদান করতে ট্যাক্স ইনসেনটিভ দেব, রিকোয়েস্ট ফর প্রোপোজাল-এর ক্ষেত্রে সিটির অনুরোধে NY ব্যবসাগুলোকে প্রাধান্য দেব এবং NYC তে অতিরিক্ত ব্যবসাকে আকর্ষণ করতে ট্যাক্স ইনসেনটিভ (কর-উৎসাহপ্রদায়ী) ব্যবহার করব। ২. শিক্ষা বিভাগ অবিলম্বে শিক্ষার্থীদের প্রয়োজন অবশ্যই মেটাবে। অভিভাবকদের ভূমিকা বৃদ্ধি করব, শিক্ষকদের মূল্যায়নে অভিভাবকদের গ্রেড দেয়া অন্তর্ভুক্ত করব। কোন কার্যক্রমটি সফল তা স্থির করতে আমি একটি ব্যবস্থা-বিস্তৃত (সিস্টেম-ওয়াইড) অডিট পরিচালনা করব, এবং সেই তথ্য শিক্ষক এবং প্রধানশিক্ষকদের জানানো হবে। পুরো NYC নির্বাচিত কমিউনিটি স্কুল বোর্ড পুনঃপ্রতিষ্ঠা করতে আমি কাজ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমিই একমাত্র প্রার্থী যে NYC-র বিভিন্ন গোষ্ঠী এবং ধর্মসম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবো এবং তাঁরা কিভাবে তাঁদের জীবনযাপন করবেন তার আদেশ দেব না। আমি এদিক থেকেও একমাত্র প্রার্থী যে, প্রথাগত পারিবারিক মূল্যবোধকে প্রাধান্য দেয় এবং যে আমাদের নবীনদের সর্বোত্তম শিক্ষার জন্য লড়াই করবে, এমনকি তা যদি শিক্ষকদের সমিতির বিরোধিতা স্বত্বেও।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## ডেন ফ্যাইন (Dan Fein)

**মেয়র (SW)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** স্বতন্ত্র
**বর্তমান পেশা:** ইলেক্ট্রনিক্স শিল্পে যান্ত্রিক সংযোজনকারী
**পূর্ববর্তী পেশা:** আলোকসজ্জিত কারখানায় সংযোজনকারী
**শিক্ষাগত যোগ্যতা:** ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া
**সাংগঠনিক সম্পৃক্ততা:** সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টি
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০০ সালের নিউ ইয়র্কের গভর্নর নির্বাচনে এসডাব্লিউপি-র প্রার্থী।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

দ্যা সোশ্যালিস্ট ওয়ার্কারস প্রার্থীরা শ্রমিকদের জন্য একটি উদাহরণ প্রতিষ্ঠা করেছেন যে, ডেমোক্রেটিক, রিপাবলিকান এবং অন্যান্য পুঁজিবাদী দল থেকে মুক্তির প্রয়োজন এবং স্বাধীন শ্রমিক-শ্রেণী রাজনৈতিক কার্যক্রমের লক্ষ্যবস্তু স্থির করা। সিটিতে এবং দেশে সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে বেকারত্ব। শ্রমজীবী শ্রেণীর মধ্যে যে কাজ করে আর যিনি কাজ করেন না এই পার্থক্য সরকারী অনুদানে গণপূর্ত প্রকল্প করে লক্ষ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি, সাশ্রয়ী মুল্যে আবাসন, হাসপাতাল, শিশু পরিচর্যা কেন্দ্র এবং অন্যান্য চাহিদা মিটানোর শ্রমিক আন্দোলনের যে সংগ্রাম, তার মাধ্যমে দূর করা সম্ভব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শ্রমিক শ্রেণীর মধ্যে একতা, ডিপোর্টেশন বন্ধ করা, সর্বনিম্ন মজুরির বিশাল বৃদ্ধির, অসংগঠিত শ্রমিকদের সংগ্রামী ইউনিয়নে সংগঠিত করা

কিউবান পাঁচ জনকে মুক্ত করা, ১৯৯৮ সাল থেকে পাঁচ কিউবান বিপ্লবীরা আমেরিকার ভূমি থেকে পরিচালিত কিউবান-আমেরিকান পাল্টা বিপ্লবী গ্রুপগুলোর কর্মকাণ্ড সম্পর্কে তথ্য সংগ্রহ করার দায়ে "ষড়যন্ত্রের" পাতানো অভিযোগে ইউএসের জেলে বন্দী আছেন।

মহিলাদের গর্ভপাতের অধিকার সমর্থন করা। ওয়াশিংটনের যুদ্ধগুলোকে না বলা। আফগানিস্থান, কোরিয়া, গুয়ানতানামো ও পৃথিবীর অন্যান্য স্থান থেকে U.S. সৈন্য ফেরত আনার জন্য। স্টপ এন্ড ফ্রিস্ক রহিত করা। Trayvon Martin হত্যাকারীর বিচারের দাবীতে প্রতিবাদে আমি যোগ দিয়েছিলাম।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই নির্বাচনে একমাত্র আমিই ওয়ার্কার্স পার্টীর থেকে মেয়র পদ প্রার্থী সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টী। গত শীতে স্কুল বাস চালক এবং মেট্রনদের ধর্মঘটের সময় আমি এমালজেমেটেট ট্রানজিট ইউনিয়ন লোকাল ১১৮১-এর সাথে মিছিল করে প্রতিবাদ করেছি। আমার ইউনিয়নের ধর্মঘটে অংশ নেয়ার ও মালিক ও তাদের সরকারের আক্রমণের বিরুদ্ধে প্রতিরোধ করার দশকব্যাপী-দীর্ঘ ইতিহাস আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

---

## রেন্ডি ক্রেডিকো (Randy Credico)

**মেয়র (TWS)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** রাজনৈতিক সমালোচক(ব্যাঙ্গশিল্পী), ইম্প্রেশনিস্ট, কনসালটেন্ট
**পূর্ববর্তী পেশা:** উইলিয়াম কুনস্টলার ফান্ড ফর রাডিক্যাল জাস্টিস-এর ডিরেক্টর, কেম্পেইন কনসালটেন্ট
**শিক্ষাগত যোগ্যতা:** মাউন্ট স্যাক কলেজ ক্যালিফোর্নিয়া
**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুনস্টলার ফান্ড
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** শূন্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

নিউ ইয়র্কের ফৌজদারি বিচার ব্যবস্থা সংস্কার করতে চাইব

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

ওয়াল স্ট্রিটে ট্যাক্স বসাব ১ শতাংশ
বাকি ৯৯ %-এর ট্যাক্সের বোঝা কমাব
সরকারী স্কুলগুলিকে উন্নত করব
বিশাল FDR চাকরির প্রোগ্রাম
বিনামূল্যে হেল্থ কেয়ার ও কলেজ শিক্ষা
ক্রমবর্ধমানে বাড়া রিয়েল এস্টেট ট্যাক্স
সাধ্যের মধ্যে আবাসন
বেসরকারী কলেজে ট্যাক্স বসাব
ধূমপান নিষিদ্ধ করণ ও ক্যাবারেট আইন রদ করব
ছোটো ব্যবসাকে সুরক্ষিত করব
ray kelly-কে বরখাস্ত করব
শিক্ষক-শিক্ষিকাদের সুরক্ষিত করব
কমিউনিটি পুলিশ ব্যবস্থা চালু করব
বিনামূল্যে বাস ও সাবওয়ে পরিষেবা দেব
ডগ রান বাড়াব
সম্পূর্ণ তালিকা পাওয়া যাবে credico2013.org-এ

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি রাজনৈতিক সমালোচক(ব্যাঙ্গশিল্পী), রাজনীতিবিদ নই

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.credico2013.org | pages/Randy-Credico-for-Mayor-of-New-York-City-2013/111174312385339 | credico2013

---

# অনলাইনে প্রার্থীদের সম্পর্কে জানুন!

অনেক প্রার্থীরা তাদের প্রোফাইলে **সামাজিক মিডিয়ার** তথ্যাদি প্রদান করেছেন। এই সাইডগুলো দেখার জন্য নিম্নোক্ত ঠিকানা ব্যবহার করুন, সরাসরি তাদের পাতায় যাওয়ার জন্য ইউআরএল (URL)-এর শেষে প্রার্থীর একক শনাক্তকরণ লিখুন।

www.facebook.com/
www.twitter.com/
YouTube www.youtube.com/
www.linkedin.com/

# পাবলিক অ্যাডভোকেট

সিটির "ওম্বুডসম্যান্যা" বা মুখপাত্র হিসাবে,
পাবলিক অ্যাডভোকেটের কাজের মধ্যে আছে সিটির এজেন্সিগুলির সরকারি তথ্য এবং পরিষেবা অভিযোগ প্রোগ্রামগুলির প্রতি নজর রাখা এবং বিভিন্ন পরিষেবা সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখা ও মীমাংসা করার চেষ্টা করা। মেয়রের অনুপস্থিতিতে পাবলিক অ্যাডভোকেট মেয়রের দায়িত্ব পালন করেন; মেয়রের আসনটি শূন্য থাকলে, একটি বিশেষ নির্বাচন না হওয়া পর্যন্ত পাবলিক অ্যাডভোকেট মেয়র হিসাবে দায়িত্ব পালন করেন। পাবলিক অ্যাডভোকেট সিটি কাউন্সিল মিটিংগুলিতেও সভাপতিত্ব করেন ও স্থানীয় আইন স্পনসর করতে পারেন। পাবলিক অ্যাডভোকেট বার্ষিক $১৬৫,০০০ বেতন পান।

লেটিশিয়া জেমস (Letitia James) (D†, WF)
ড্যানিয়েল স্কোয়াড্রন (Daniel Squadron) (D†)
রবার্ট মারেস্কা (Robert Maresca) (C)*
জেমস লেন (James Lane) (G)
মাইকেল কে. লয়েড (Michael K. Lloyd) (F)*
এলেক্স মেরসিড (Alex Merced) (LBT)*
টাইরেল এল. জয়নার-এইল্যান্ড (Tyrrell L. Joiner-Eiland) (RTH)
ডেবরাহ লিয়াতস (Deborah Liatos) (SW)
মোলেনা জি. ফাব্রিকান্ট (Mollena G. Fabricant) (SF)*
আইরেনী ই. এস্ত্রাদা রুকাজ (Irene E. Estrada Rukaj) (WV)*

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**-এ দেখুন।

†অক্টোবর ১,২০১৩ তারিখে ডেমোক্রেটিক প্রাইমারীর বিজয়ী নির্ধারণের জন্য একটি রান-অফ নির্বাচন অনুষ্ঠিত হয় (এই গাইডটি প্রেসে যাবার পর)। হালনাগাদ ফলাফলের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**।

## লেটিশিয়া জেমস (Letitia James)

**পাবলিক অ্যাডভোকেট** (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল মেম্বার

**পূর্ববর্তী পেশা:** লিগ্যাল এইড সোসাইটিতে সরকারী প্রতিরক্ষাকারী; সহকারী NYS অ্যাটর্নি জেনারেল; NYS অ্যাসেম্বলিতে চিফ অফ স্টাফ

**শিক্ষাগত যোগ্যতা:** নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল; CUNY লেম্যান কলেজ; হাওয়ার্ড ইউনির্ভাসিটি ল'স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আরবান নেটওয়ার্ক-এর প্রতিষ্ঠাতা যারা সংখ্যালঘু পেশাদার সংস্থার একটি সহযোগী সংস্থা হিসাবে অর্থ সংগ্রহ করে শহরের মধ্যস্থ যুব সম্প্রদায়ের জন্য কলেজ স্কলারশিপ প্রদান করে।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল মেম্বার, ৩৫তম ডিস্ট্রিক্ট

letitiajames2013.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের প্রতিটি শিশুর জন্য ভালো শিক্ষা ব্যবস্থার লক্ষে সংগ্রাম করাই হবে আমার মূল লক্ষ্য। সরকারী প্রবক্তার কার্যালয়ের মাধ্যমে আমি দাবী জানাব, যাতে সিটির শিক্ষার গুনগত মানের উন্নতি ঘটানো যায় এবং আমি সকল পরিবার ও কমিউনিটিকে এই আন্দোলনে অন্তর্ভুক্ত করে আমাদের প্রতিটি শিশুকে শুধুমাত্র পরীক্ষা দেবার জন্যই শিক্ষা না দিয়ে, কলেজ ও বর্তমান বিশ্বের উপযোগী শিক্ষা পায় তা আমি সকল পরিবার ও কমিউনিটিকে আন্দোলনে অন্তর্ভুক্ত করে নিশ্চিত করবো।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি জনগণের জন্য ন্যায্য বেতন ও সুযোগ সুবিধা সম্বলিত ভাল কর্মসংস্থান, সাশ্রয়ী মূল্যে আবাসন, ভোক্তার নিরাপত্তা, স্বাস্থ্য সেবা এবং জনগণের নিরাপত্তার জন্য সংগ্রাম করব।


**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি সারা কর্ম জীবন প্রগতিশীল কাজের জন্য সোচ্চার ছিলাম। একজন সরকারী প্রবক্তা হিসাবে, আমি সকল নিউইয়র্কবাসীদের জন্য ভালো স্কুল, ন্যায্য বেতনের চাকরী, সাশ্রয়ী আবাসন এবং সিটির শ্রমজীবি এবং মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করার লক্ষে অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের লড়াই চালিয়ে যাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## ড্যানিয়েল স্কোয়াড্রন (Daniel Squadron)

**পাবলিক অ্যাডভোকেট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** স্টেট সেনেটর

**পূর্ববর্তী পেশা:** নীচে দেখুন

**শিক্ষাগত যোগ্যতা:** ইয়েল ইউনিভার্সিটি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৮ সালে নির্বাচিত হওয়ার আগে আমি US সেনেটর Chuck Schumer-এর প্রধান এইড হিসাবে কাজ করেছি এবং তাঁর বইয়ের সহ-লেখক ছিলাম। আমি আমাদের ট্রানজিট ব্যবস্থায় $৩ বিলিয়ন আনতে পেরেছি এবং আমলাদের থেকে আমাদের সরকারী স্কুলে অর্থ আনতে সক্ষম হয়েছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি লড়াই করব যাতে আমাদের সিটিটি আরও বাসযোগ্য হয় ও সাধ্যের মধ্যে থাকে। যাতে আরও বেশি সংখ্যাক মানুষ এখানে থাকতে পারেন, বিশেষ করে অসহায় মানুষরা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

সদ্য পিতা হওয়ার সুবাদে আমি জানি প্রতিটি শিশুর উজ্বল ভবিষ্যতের অধিকার আছে। আমি সরকারী স্কুলে আরও বেশি অর্থ বরাদ্দ ও জবাবদিহিতার জন্য সংগ্রাম করে যাব এবং অভিভাবকদের মতামত প্রদানে নিশ্চিত করব, সিটি ফস্টার কেয়ারে কাছে থাকার সময়ে শিশুদের নিরাপত্তা দেয় এবং কোনো শিশুই যেন খালি পেটে ঘুমাতে না যায়। আমি একটি আইন করেছিলাম যেখানে সশস্ত্র বাহিনীর মতো অস্ত্র যেমন নিউটাউনে ব্যবহৃত হয়েছিল সেগুলো প্রয়োগ নিষিদ্ধ হয়েছিল। আমার ১০০% ভাগ অস্ত্র নিয়ন্ত্রণের রেকর্ড আছে এবং NRA-এর বিরোধীতা করারও। আমি চেষ্টা করব যাতে বেআইনী অস্ত্র আমাদের জনপথ থেকে দূরে রাখতে এবং নিউ ইয়র্ককে নিরাপদ করব। যখন ঘূর্ণিঝড় স্যান্ডি আঘাত হেনেছিল, তখন আমি ত্রাম শিবির খুলেছিলাম এবং আটকে পড়া বৃদ্ধ ও অন্যদের খাবার বিতরণ করেছিলাম। আমি সর্বস্বান্ত বাড়ির মালিকদের ট্যাক্স ছাড়ের প্রস্তাব করেছিলাম। পাবলিক অ্যাডভোকেট হিসাবে আমি নিশ্চিত করব যে আমারা যেন নিরাপদে থাকি এ পরবর্তী দুর্যোগের সময় প্রস্তুত থাকি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার পূর্ববর্তী রেকর্ড আছে যে আমি নিউ ইয়র্ক বাসীদের জন্য প্রতিদিন কাজ করছি - দুর্নীতির বিরুদ্ধে লড়েছি, নতুন যুগান্তরী অস্ত্র আইন করেছি, সাধ্যের মধ্যে আবাসন, পার্ক ও যানবাহনের পরামর্শ দিয়েছি। আমি পাবলিক অ্যাডভোকেটের অফিসকে আরও কার্যকরী করব শিশু, বৃদ্ধ ও সাধারণ পরিবারের জন্য যাতে তাদের আওয়াজ ও প্পৌঁছায়। আমাকে সমর্থন করছেন Chuck Schumer, প্রাক্তন অ্যাডভোকেটরা ও শহরের নেতারা।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

squadronfornewyork.com | Squadron4NY | Squadron4NY

## জেমস লেন (James Lane)

### পাবলিক অ্যাডভোকেট (G)



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রীন পার্টি

**বর্তমান পেশা:** ২৪/৭ মিডিয়া-তে ভাইস প্রেসিডেন্ট, ক্লায়েন্ট সলিউশনস; হট ইন্ডি মিডিয়া-র প্রতিষ্ঠতা; ব্ল্যাক ডন-এর ব্যাসিস্ট

**পূর্ববর্তী পেশা:** গ্লোবাল অ্যাকাউন্টস অ্যানালিস্ট, রয়টার্স ফাইন্যান্সিয়াল স্টাফ; স্টাফ অ্যাকাউন্টেন্ট, রয়েটার্স হেল্থ; বিলিং কোঅর্ডিনেটর; পার্টনার্স ইন কেয়ার; সিনিয়র পেশেন্টস অ্যাকাউন্টস রিপ্রেজেন্টেটিভ, ভিজিটিং নার্স সার্ভিস অফ নিউ ইয়র্ক

**শিক্ষাগত যোগ্যতা:** ইউ. এস. আর্মি সিগনাল স্কুল, ইলেক্ট্রনিক্স/কমিউনিকেশনস টেকনিশিয়ান; হাই স্কুল অফ আর্ট অ্যান্ড ডিজাইন, কমার্শিয়াল আর্টস/গ্রাফিক ডিজাইন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডাইভার্সিটি কমিটি মেম্বার, গ্রিন পার্টি অফ দ্য ইউনাইটেড স্টেটস; স্টেট কমিটি মেম্বার, গ্রিন পার্টি অফ নিউ ইয়র্ক;

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** আমার কমিউনিটিকে উন্নত করতে আমি সমস্ত কাজ স্বেচ্ছাসেবক হয়ে করেছি, বেতনভূগী সরকারী পদে থেকে নয়। যাকে দত্তক নেওয়া হচ্ছে তার আদি পরিচয় জানার অধিকার, আমাদের অতিরিক্ত মিলিটারি বাজেট কমানো, হাইড্রোফ্র্যাকিং নিষিদ্ধ করা এবং রিসাইকেলইং বাড়ানো মতো অনেক সমস্যাই আমার তালিকায় আছে।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সব মানুষদের স্বাস্থ্য ও সামাজিক কল্যাণে উন্নতির লক্ষ্যে তাদের আওয়াজ সরকারের নেতৃত্বের কাছে পৌঁছে দিব, তাদের আর্থিক অবস্থা যাই থাকুক না কেন, যাঁরা আমাদের অনেকদিনই অগ্রাহ্য করছেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

দত্তক আধিকার, সাধ্যের মধ্যে আবাসন, ভোক্তাদের অধিকার, পারিবেশিক বুদ্ধিমত্তা, তৃণমূল স্তরে গণতন্ত্র, উচ্চ শিক্ষা, গণ পরিবাহন, হিংসারোধ, জনস্বাস্থ্য এবং সামাজিক ন্যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি পেশাদার রাজনৈতিক নই, আমি আজীবন নিউ ইয়র্ক সিটির বাসিন্দা, আমি জন্ম গ্রহণ করেছি ফ্লাশিং-এ এবং বড় হয়েছি হারলেম-এ, বোধ-বুদ্ধি এসেছে হেলস কিচেন-এ এবং বর্তমানে পার্ক স্লোপ-এ বসবাস করি। আমি বিবাহিত এবং আমার একটি সন্তার আছে, যে সিটির সরকারী স্কুলে পড়ে। গত ৩০ বছরে আমি মিলিটারি, কর্পোরেট এবং ইন্টারনেট টেকনলজি চাকরিতে নেতৃত্বের পদে ছিলাম এবং চেষ্টা করেছি তার মধ্যে থেকে যতটা সম্ভব সময় বার করে নিয়ে নিরাপদ ও দীর্ঘকালীন ভবিষ্যত গড়তে। পাবলিক অ্যাডভোকেট পদে গ্রীন পার্টির প্রার্থী হিসাবে আমি শপথ নিচ্ছি যে, আমি মেয়র ও সিটি প্রশাসনের উপর কড়া দৃষ্টি রাখব কারণ আমি মনে করি দুটি দলের বাইরে কোনো ব্যক্তি কোনো সরকারী পদে নির্বাচিত হলে সত্যিকারের গণতন্ত্রের সাহায্য হবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.VoteJamesLane.org | VoteJamesLane | VoteJamesLane | YouTube VoteJamesLane

---

## টাইরেল এল. জয়নার-এইল্যান্ড (Tyrrell L. Joiner-Eiland)

### পাবলিক অ্যাডভোকেট (RTH)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** যেষ্ঠ ধর্মযাজক । গ্রেটার চার্চ অফ গড পেনটাকোস্টাল, Inc.।

**পূর্ববর্তী পেশা:** প্রজেক্ট ম্যানেজার D.C. এর আবাসন ও সামাজিক উন্নয়ন বিভাগ। স্থপতি ইন্টার্ন ।অলস্টেট ইনস্যুরেন্স কোম্পানি মাইনরিটি আউটরীচ এন্ড ডেভেলাপমেন্ট । ব্লু ক্রস ব্লু শিল্ড আর্বান লীগ অফ পিটস্বার্গ, প্রিন্সিপাল । আর্কিটেকচারাল কনসেপ্টস, প্রিন্সিপাল । GB হসপিটালিটি গ্রুপ, ন্যাশনাল গ্রীন শেরেট ফ্যাসিলিটেটর । এন্টারপ্রাইস ফাউন্ডেশন, ইনক।

**শিক্ষাগত যোগ্যতা:** অর্গ্যানাইজেসনাল বিহেভিয়র-নিউ ইয়র্ক ইউনিভার্সিটি, আর্কিটেকচার-হাওয়ার্ড ইউনিভার্সিটি, ফান্ড রেইজিং ম্যনেজমেন্ট-ইন্ডিয়ানা ইউনিভার্সিটি, প্রোটোকল । প্রোটোকল স্কুল অফ ওয়াশিংটন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** সদস্য । কিওয়ানিস ইন্টারন্যাশনাল, U.S. ডেলিগেট । ওয়ার্ল্ড ইউনিয়ন অফ জুইস স্টুডেন্টস । গ্রেটার ফেলোশিপ NYU, এসোশিয়েট। আমেরকান ইন্সটিটিউট অফ আরকিটেক্টস, কমিটি মেম্বার। US গ্রীন বিল্ডিং কাউন্সিল, পেনটাকোস্টাল চার্চেস অফ জিসাস ক্রাইস্ট। মাউন্ট কাভাল্রী হলি চার্চেস অফ আমেরিকা, এনশেন্ট ফ্রি এন্ড এক্সেপটেড মেসন্স

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ইন্টার্ন, ওয়াইট হাউস । U.S. ডিপার্টমেন্ট অফ স্টেট, সদস্য । ওয়েস্টচেষ্টার কাউন্টি কাউন্সিল অন আর্বান ইউথ

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

নিউ ইয়র্ক বাসীর জন্য আবাসন একটি বড় সমস্যা। আবাসস্থলে অতিরিক্ত ভিড়, তার সাথে অযৌক্তিক ভাড়ার বৃদ্ধি, এবং এখন হ্যারিকেন স্যান্ডির কারণে আমাদের সিটির প্রয়োজন একজন কড়া অ্যাডভোকেট-এর, যিনি সাধ্যের মধ্যে আবাসনের ঘাটতিকে সমাধান করতে পারবেন। আমি বিশ্বাস করি যে এই সিটির প্রতিটি নাগরিকের অধিকার আছে এমন একটি স্থানের যেখানে তারা নিশ্চিন্তে ঘুমাতে পারেন ও যাকে তারা নিজেদের বাসা বলতে পারেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

পরিকাঠামো ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়টি আমাদের সিটির অগ্রাধিকারের তালিকায় থাকা উচিত, আমাদের একটি পরিষ্কার নীতি থাকা উচিত যে আমরা আমাদের উপকূলকে কিভাবে রক্ষা করব এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির মাত্রাকে ন্যূনতম পর্যায় এনে দিবে। অ্যাডভোকেটের প্রধান অগ্রাধিকারের মধ্যে শিক্ষা ব্যবস্থার সংস্কার থাকা উচিত, এমন অবস্থায় আমরা নেই যে, আমরা হাত গুটিয়ে বসে থাকব আর আমাদের ছাত্র-ছাত্রীরা অধঃপতনের দিকে যাবে। আমাদের লক্ষ্য হওয়া উচিত শিক্ষার কৃতিত্বের ও উৎকর্ষের ধারাটি বজায় রাখা এই প্রশাসন করবে এবং পরের প্রশাসনের সময়েও চলতে থাকবে। আমাদের যুবকরা একটি কঠিন যুদ্ধে ক্রমশ হাল ছেড়ে দিচ্ছে, আর কর্মসংস্থানের অভাবে সহজেই গ্যাং, ড্রাগ ও অপরাধ জগতের দিকে চলে যাচ্ছে। আমাদের এই বিষয়ে একটি সমাধান প্রয়োজন।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমিও প্রিয়জন হারিয়েছি এবং একজন অ্যাডভোকেট হিসাবে জনগণের মৌলিক চাহিদা বুঝি। আমি বিশ্বাস করি যে, আমি শুধুমাত্র এই পদে দারুন নেতৃত্ব নিয়ে আসব তাই নয়, আমি জানি মানুষের চাহিদা ও প্রয়োজন কী, কারণ আমি তাদের মধ্যে থেকেই উঠে এসেছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.jeadvocate.com | joinereiland | joinereiland | YouTube joinereiland

---

## ডেবরাহ লিয়াতস (Deborah Liatos)

### পাবলিক অ্যাডভোকেট (SW)



**যে রাজনৈতিক দলভুক্ত:** সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টি

**বর্তমান পেশা:** ইলেক্ট্রনিক্স শিল্পে যান্ত্রিক সংযোজনকারী

**পূর্ববর্তী পেশা:** কারখানা শ্রমিক

**শিক্ষাগত যোগ্যতা:** হাই স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টি

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০১২ সালের নির্বাচনে ১৩তম সিডি পদে এসডাব্লিউপি-র প্রার্থী।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু প্রাধান্য দিবেন?**

পুঁজিবাদী ব্যবস্থার কারনে সারা বিশ্ব জুড়ে অর্থনৈতিক সংকটের প্রভাব সকল স্থানের শ্রমিকরা সম্মুখীন— আমাদের কাজের পরিবেশ এবং জীবনযাত্রার মান নিগৃহীত। পুঁজিবাদের লালিত প্রতিযোগিতা ও বিভাজন ছেঁটে ফেলা এবং শ্রমিক শ্রেণীর মধ্যে একতা এবং বুর্জুয়া শ্রেণীর বিপক্ষে প্রতিবাদ করার মত প্রয়োজনীয় রাজনৈতিক শক্তি অর্জনের লক্ষ্যে, দ্যা সোশ্যালিস্ট ওয়ার্কার্স প্রচারণা পরিচালনা করছেঃ

বিশালাকারের সরকারী অনুদানে গণপূর্ত প্রকল্প করে লক্ষ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি, সাশ্রয়ী মুল্যে আবাসন, হাসপাতাল, শিশু পরিচর্যা কেন্দ্র এবং শ্রমিকদের অন্যান্য চাহিদা মিটানো। সর্বনিম্ন মজুরির উল্লেখযোগ্য বৃদ্ধি যার ফলে সকল কর্মজীবী মানুষের বেতন বৃদ্ধি পায়। অসংগঠিত শ্রমিকদের সংগঠিত ও একত্রিত করা। মহিলাদের গর্ভপাতের অধিকার সমর্থন করা। স্টপ এন্ড ফ্রিস্ক রহিত করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

একটি গুরুত্বপূর্ণ বিষয় হল, পাঁচজন কিউবানের মুক্তির প্রচারাভিযানে যোগ দেয়া—জিরারদো হার্নান্দেজ, রেমন লাবানিনো, এন্টোনিও জিরেরো, ফার্নান্দেজ গঞ্জেলাস এবং রেনে গঞ্জেলাস— ১৯৯৮ সালে কিউবান বিপ্লবীদেরকে ষড়যন্ত্রমূলক অভিযোগে ফাঁসানো হয়েছে – এখনও একজন ছাড়া বাকি সবাই ইউএসতে বন্দী আছেন। এই পাঁচজন আমেরিকা থেকে পরিচালিত দায়মুক্ত কিউবান-আমেরিকান পাল্টা বিপ্লবী গ্রুপগুলোর কর্মকাণ্ড সম্পর্কে তথ্য সংগ্রহ করছিলেন। এ মামলাটি ব্যপক জনসমর্থন অর্জন করেছে। তারা হল এমন পুরুষ ও মহিলার উদারহন যারা গত পাঁচ দশকের বেশি ধরে কিউবার বিপ্লবকে রক্ষা করে যাচ্ছেন এবং রাজনৈতিক ক্ষমতায়নে শ্রমিক শ্রেণীর আন্দোলনে নেতৃত্ব দানের জন্য বিপ্লবী দল গঠন করবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি ও অন্যান্য সোশ্যালিস্ট ওয়ার্কার্স প্রার্থীরা শ্রমিকদের জন্য একটি উদাহরণ প্রতিষ্ঠা করেছি যাতে তারা ডেমোক্রেটিক, রিপাবলিকান এবং অন্যান্য পুঁজিবাদী দল থেকে মুক্তির প্রয়োজনীয়তা অনুভব করে এবং স্বাধীন শ্রমিক-শ্রেণীর রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করা। এই প্রচারণা ও রাজনৈতিক ইস্যুগুলো সম্পর্কে আরও জানতে হলে দ্যা মিলিটেন্ট নিউজপেপার পড়ুন। আমাদের প্রচারণা কার্যালয়ে ২১২-৭৩৬-২৫৪০ নম্বরে বা newyorkswp@mac.com -এ যোগাযোগ করুন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

# কম্পট্রোলার

কম্পট্রোলার সিটির মুখ্য আর্থিক অফিসার। কম্পট্রোলারের দায়িত্বের মধ্যে আছে: মেয়র ও সিটি কাউন্সিলকে সিটির আর্থিক অবস্থা সম্বন্ধে অবহিত রাখা; শহরের কাজকর্ম, আর্থিক নীতি ও আর্থিক লেনদেন সম্পর্কে সুপারিশ করা; সিটির এজেন্সিগুলির অডিট করা ও সিটির আর্থিক অবস্থা সংক্রান্ত যাবতীয় বিষয় অনুসন্ধান করে দেখা; কনট্র্যাক্ট রেজিস্টার ও অডিট করা; সিটির বণ্ড ইস্যু ও বিক্রি করা; সিটির সিংকিং ফাণ্ড ও অন্যান্য ট্রাস্ট এবং পেনশন ফাণ্ড ম্যানেজ করা; এবং সিটির কাজকর্ম থেকে অপচয় ও দুর্নীতি দূর করার জন্য পর্যালোচনা করা। কম্পট্রোলারের বার্ষিক বেতন $১৮৫,০০০।


স্কট এম. স্ট্রিঙ্গার (Scott M. Stringer) (D, WF)
জন বার্ণেট (John Burnett) (R, C, SC)
জুলিয়া উইলেব্রান্ড (Julia Willebrand) (G)
হাশাম এল–মেলিগী (Hesham El–Meligy) (LBT)*
জন স্টুদার (John Studer) (SW)*
রিচার্ড বজুলিচ (Richard Bozulich) (WV)*

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**–এ দেখুন।

## স্কট এম. স্ট্রিঙ্গার (Scott M. Stringer)

**কম্পট্রোলার (D, WF)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** ২০০৬ সাল থেকে এখনও পর্যন্ত ম্যানহাটন বরো প্রেসিডেন্ট

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার, ডিস্ট্রিক্ট ৬৭

**শিক্ষাগত যোগ্যতা:** জন জে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস থেকে B.A।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৬ সাল থেকে এখনও পর্যন্ত ম্যানহাটন বরো প্রেসিডেন্ট; ১৯৯২ থেকে ২০০৫ সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার, ডিস্ট্রিক্ট ৬৭

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটির রাজস্ব খাতে যাতে উন্নতি নিশ্চিত করা যায় এবং কর দেওয়া প্রতিটি ডলারের সুরক্ষার জন্য বিরামহীনভাবে কাজ করে যাব। সিটির সমস্ত খরচ আমি কোঠর ভাবে নিরীক্ষা করব এবং অপচয় ও অদক্ষতা সমূলে উৎপাটন করব। দায়যোগ্য লগ্নির মাধ্যমে আমাদের পেনশন তহবিল বৃদ্ধির জন্য কাজ করব এবং বিভিন্ন চুক্তির কারণে সিটির দুর্নীতি এবং অপচয় যাতে না হয় সে কারণে নজরদারী শক্তিশালী করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

আমার সরকারী কর্ম জীবনে সারাজীবন ধরে আমি যেমনভাবে কাজ করে গেছি ঠিক সেইভাবে সরকারের কাজে স্বচ্ছতা এবং জবাবদিহিতা আনবার জন্য নতুন পরিমাপ নির্ধারণ করব। শহরের বাজেট নিরুপন থেকে অডিটকারী বিভিন্ন এজেন্সীগুলির কাজে কঠিন নজরদারী সহ আমি এই সরকারী কাজ এমনভাবে পরিচালিত করব যাতে প্রতিটি কর প্রদানকারীর সর্বোত্তম স্বার্থ সুরক্ষিত থাকে। আমাদের এই অর্থনীতিকে বিভিন্ন উদ্যমশীল পথে পরিচালিত করবার চেষ্টা করব এবং পাঁচটি বরোর প্রত্যেকটিতে উন্নয়নের যে ধারা পরিচালিত হচ্ছে তার সহযোগিতায় মধ্যবিত্ত শ্রেণী ও শ্রমজীবি পরিবারদের জন্য নতুন নতুন কাজের সুযোগ সৃষ্টি করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার ২০ বছরের সরকারী কর্মজীবনে, আমি একজন প্রগতিশীল, সংস্কারপন্থী ডেমোক্র্যাট যে প্রকৃত লক্ষ্য অর্জন করেছি। বরো প্রেসিডেন্ট হিসাবে, বাইরের কনসালটেন্টদের জন্য সিটির লাগামহীন মিলিয়ন ডলারের ব্যয় নিউ ইয়র্কবাসীদের পরিশোধ করতে হয়, সেগুলো আমি প্রকাশ করব। শিক্ষা বোর্ডের পূর্বানুমানের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করার ব্যর্থতা আমি দেখিয়ে দিয়েছি এবং অতি প্রয়োজনীয় নতুন নতুন স্কুল ভবন নির্মাণ প্রকৃয়া তরান্বিত করেছি। সরকারী আবাসনের ৭৫ শতাংশ এলিভেত্টর পরিদর্শন প্রকৃয়ার উত্তীর্ণ হতে ব্যর্থ হওয়া সেগুলি মেরামতির জন্য লক্ষাধিক ডলার সংরক্ষিত করে আমি ভাড়াটিয়াদের জন্য বিজয় এনেছি। কম্পট্রোলার হিসাবে, এই সিটির বাসিন্দাদের সমান একতা, সক্রিয়তা আনব এবং তাদের জন্য সংগ্রাম করার অঙ্গীকারবদ্ধ।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.Stringer2013.com | Stringer2013 | Stringer2013

## জন বার্ণেট (John Burnett)

**কম্পট্রোলার (R, C, SC)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** হোয়াইট উলফ ক্যাপিটালের একজন পরামর্শদাতা বোর্ড সদস্য।

**পূর্ববর্তী পেশা:** জনের ২০ বছরের বেশী সময়ের অর্থনৈতিক পরিষেবার অভিজ্ঞতা আছে এবং প্রয়োগ, পরিচালনা, বিনিয়োগ দূরদর্শিতা এবং ঝুঁকি পরিচালনার ক্ষেত্রগুলিতে আভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক নেতৃত্বের ভূমিকা পালন করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** জন নিউইয়র্ক বিশ্ববিদ্যালয় থেকে লিডারশিপ এবং ম্যানেজমেন্ট স্টাডিতে সান্মানিক BS ডিগ্রী লাভ করেছেন এবং কর্ণেল বিশ্ববিদ্যালয়ের জনসন স্কুল অফ ম্যানেজমেন্ট থেকে একজন MBA হয়েছেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আরবান রিসোর্স ইন্সটিটিউট বোর্ড ট্রাস্টী, পাবলিক এডুকেশন নীডস সিভিক ইনভলভমেন্ট ইন লার্ণিং (P.E.N.C.I.L.), আলফা ফি আলফা ফ্রেটারনিটি ইনকরপোরেশন, – ন্যাশনাল এসোসিয়েশন অফ ব্ল্যাক একাউন্টস, ওয়ান হান্ডরেড ব্ল্যাক মেন, ইনকর্পোরেশনের আজীবন সদস্য।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জন সক্রিয় ভাবে ইউথ মনিটারিং কর্মসূচি, কমিউনিটি পরিষেবা এনহ্যান্সমেন্ট প্রজেক্টে, শিক্ষা এবং স্বাস্থ্য কর্মসূচিগুলিতে প্রত্যক্ষভাবে যুক্ত আছেন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি নিশ্চিত করব যাতে সিটির পেনসন পরিকল্পনাগুলি কার্যকরীভাবে পরিচালনা করা হয় এবং তার দ্বারা যেন সর্বোচ্চ বিনিয়োগ ফেরত পাওয়া যায়। যখন বিনিয়োগের পরিমাণ সর্বনিম্ন লক্ষে পৌঁছাতে পারে না, তখন করের ডলার পেনসন পরিকল্পনাগুলি তহবিলের জন্য ব্যবহার করা হয়। আমি করদাতাদের ডলারগুলি ব্যবহার করতে চাই না এবং নিশ্চিত করতে চাই যে পেনসন ফান্ডগুলি যেন অবসরকারীদের জন্য সর্বোচ্চ রিটার্ণে (ফেরৎ) বিনিয়োগ করা হয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

আমি জনসাধারণের পরিষেবায় অখণ্ডতা পুনরুদ্ধারে সাহায্য করতে চাই। আমি সিটিব্যাপী ঝুঁকি মূল্যায়ন তৈরী করব এবং রাজস্বখাতে অপচয় এবং নিউ ইয়র্ক সিটির সরকারের মধ্যে প্রতারণা হ্রাস করে মূল্যকে সর্বোচ্চ পর্যায়ে আনার জন্য সংশোধনকারী কার্য পরিকল্পনা গ্রহণ করব। এই বাঁচানো খরচ আমাদের ভবিষ্যতের জন্য উৎপাদন বাড়াতে, কর্মসুযোগ তৈরী করতে এবং একটি উন্নততর শিক্ষা ব্যবস্থা করতে আমি পুর্নবিনিয়োগ করতে পারি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

নিউইয়র্ক সিটি কম্পট্রোলার হলেন চিফ ফিনান্সিয়াল অফিসার (CFO)। এই কার্যালয়ের কর্তব্যগুলি হল পেনসন ফান্ডের কার্য দক্ষতার প্রতি দৃষ্টি রাখা, সিটি এজেন্সীগুলির অডিট করা এবং আর্থিক বিষয়গুলির উপরে পরামর্শ দান। আমি নিউ ইয়র্ক সিটি ভোটদাতাদের একজন কম্পট্রোলার হিসাবে আমাকে কাজ করার জন্য নির্বাচিত করতে অনুরোধ করছি যে কাজগুলি আমি গত ২০ বছর ধরে করে আসছি, যেমন, বিনিয়োগ পোর্টফোলিও, অডিট, নিয়ম নীতি প্রয়োগ, চুক্তিবদ্ধ প্রশাসন, বাজেট করা এবং অর্থনৈতিক কাজকর্ম।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.JohnBurnett2013.com | JohnBurnett2013 | JohnBurnett2013 | YouTube JohnBurnett2013

## জুলিয়া উইলেব্রান্ড (Julia Willebrand)
### কম্পট্রোলার (G)



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রিন পার্টি

**বর্তমান পেশা:** একজন সক্রিয় কর্মী হিসাবে লক্ষ্য হল নিউ ইয়র্কের করপোরেট জগত নিয়ন্ত্রিত 'দ্বিদলীয়' ভোট ব্যবস্থা পরিবর্তন করে এমন এক অবস্থা আনা যাতে সকল নিউ ইয়র্কবাসীর সামাজিক ন্যায়বিচার, পরিবেশগত এবং অর্থনৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠা হয়।

**পূর্ববর্তী পেশা:** বুককিপার, ওয়েট্রেস, বেসরকারী গোয়েন্দা এবং মডেল। কিন্তু আমার অধিকাংশ কর্মজীবন কেটেছে শিক্ষাবিদ হিসাবে হাঙ্গেরীতে ফুলব্রাইট প্রফেসর; ষ্টেট ইউনিভারসিটির লেবার কলেজে ইংলিশ ডিপার্টমেন্টের চেয়ার; জার্সি সিটি স্টেট কলেজে ESL কোঅর্ডিনেটর; স্টাফ ডেভলপমেন্ট সুপারভাইজার, ওয়েলফেয়ার এডুকেশন প্রোগ্রাম, শিক্ষক, পিএস৮৪।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট জিন ব্যাপটিস্ট হাই স্কুল; CCNY থেকে আমেরিকান স্টাডিজ-এ BA; কলম্বিয়া ইউনিভার্সিটি থেকে অ্যাডাল্ট এডুকেশনে MA; কলম্বিয়া ইউনিভার্সিটি থেকে এডুকেশনে ডিপ্লোমা, TESOL

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ইউএস গ্রিন পার্টি ইন্টারন্যাশানাল কমিটির কো-চেয়ার; আমেরিকান ইউএস ডেলিগেটের ফেডারেশন অফ গ্রিন পার্টিস; সিয়েরা ক্লাব করপোরেট অ্যাকাউন্টিবিলিটি টাস্ক ফোর্সের একজন মেম্বার; আপ্পালাচিয়ান মাউন্টেন ক্লাব কনসারভেশন চেয়ার; ইউনাইটেড ফেডারেশন অফ টিচার্স ডেলিগেট; OWS অল্টারনেটিভ ব্যাঙ্কিং গ্রুপ

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** চেয়ার, ম্যানহাটন সলিড ওয়েস্ট অ্যাডভাইসরি বোর্ড

www.votewillebrand.info | VotejuliaNYC

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

NYC-র ভর্তুকি প্রাপ্ত কর্পোরেশন যেমন NYCHA হাউজিং প্রজেক্ট ও খেলার মাঠগুলো ও শিক্ষা বোর্ডের প্রস্তাবিত স্কুল ভেঙ্গে সেই জমিতে বিলাসবহুল সুউচ্চ অট্টালিকা নির্মাণের জন্য ডেভেলপারের নিকট বিক্রয় করা পরিকল্পনা বাতিল করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

১) NYC বন্ডগুলিতে ব্যাঙ্কিং বাবদ খরচ এবং সুদের হার কমানোর জন্য নর্থ ডাকোটার অনুকরণে একটি স্টেট ব্যাঙ্ক গড়ে তোলায় সহযোগিতা করা। ২) যে সকল চাকরীর ক্ষেত্র গড়েই ওঠেনি সেগুলি পূর্বানুমানের ভিত্তিতে বিভিন্ন করপোরেশনগুলিকে দেওয়া বহুবিধ সরকারী কর ছাড় বন্ধ করা। ৩) প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলায় জীবাশ্মঘটিত জ্বালানী করপোরেশনগুলিতে NYC পেনশন ফান্ডের শেয়ারগুলি রেয়াৎ দেয়ার সুপারিশ করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

পাবলিক স্কুল থেকে শিক্ষাপ্রাপ্ত ২টি সন্তানের জননী হিসাবে, ব্রুকলীন শহরে জন্মগ্রহণ করে, মেয়ে এবং নাতনী হিসাবে নিউইয়র্কের বাসিন্দা হয়ে, কুইন্সে বেড়ে উঠে, ম্যানহাটন থেকে শিক্ষিত হয়ে এবং ব্রঙ্কসে নিজের কর্মজীবন কাটিয়ে আমি সমাজের বিভিন্ন শ্রেণীর এবং এই সিটি খুব ভালভাবে চিনি ও জানি। এই অফিসের যে ক্ষমতা সেটি স্বাধীনভাবে ব্যবহার করে কেবলমাত্র ১ শতাংশ নয়, বরং সমগ্র নিউইয়র্কবাসীকে সুবিধা দান করাই আমার লক্ষ্য।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

---

## স্থানীয় প্রার্থীরা

# বরো প্রেসিডেন্ট

বরো প্রেসিডেন্টরা প্রতিটি বরোর প্রধান প্রশাসক হিসাবে কাজ করেন। তাঁদের নিজ নিজ বরোর জন্য বার্ষিক প্রশাসনিক বাজেট তৈরির ক্ষেত্রে মেয়রের সঙ্গে পরামর্শ করার অধিকার তাঁদের আছে; বাজেটের অগ্রাধিকার, ক্যাপিটাল প্রোজেক্ট ও অন্যান্য বিষয়ে সুপারিশ করার অধিকার আছে; জমি-ব্যবহার ও সিটির প্রস্তাবিত ফেসিলিটিগুলির জায়গা সংক্রান্ত সিদ্ধান্ত পর্যালোচনা করার অধিকার আছে; নাগরিক পরিষেবা প্রদান ও কন্ট্রাক্টদের সম্পাদিত কাজের ওপর নজর রাখার অধিকার আছে; এবং সিটি কাউন্সিলে আইন প্রবর্তনের অধিকার আছে। বরো প্রেসিডেন্টরা বার্ষিক $১৬০,০০০ বেতন পান।

মেলিন্ডা কাটজ্ (Melinda Katz) (D, WF)
অরেলিও অ্যান্টনিও আর্কাব্যাস্কিও (Aurelio Antonio Arcabascio) (R)
পিটার এফ. ভ্যালোন জুনিঃ (Peter F. Vallone Jr.) (C)
এভারলি ডি. ব্রাউন (Everly D. Brown) (JE)

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

---

## মেলিন্ডা কাটজ্ (Melinda Katz)
### কুইন্স বরো প্রেসিডেন্ট (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** কুইন্স বরো প্রেসিডেন্টের জন্য সর্বক্ষণের প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য (২০০২-২০০৯); কুইন্স বরো সভাপতির কার্যালয়ে (১৯৯৯-২০০২) পর্যন্ত কমিউনিটি বোর্ডের পরিচালক; নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য (১৯৯৪-১৯৯৮); অ্যাটর্নী

**শিক্ষাগত যোগ্যতা:** J.D., সেন্ট জনস ইউনির্ভাসিটি স্কুল অফ ল; B.A., ইউনির্ভাসিটি অফ মাসাচুসেটস, হিলক্রেস্ট হাই স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** সাবেক বোর্ড সদস্য, কুইন্স সিমফনি অর্কেস্ট্রা; প্রাক্তন বোর্ড সদস্য, কুইন্স জিউইশ কমিউনিটি কাউন্সিল; ডিস্ট্রিক্ট লিডার, রবার্ট এফ কেনেডি ডেমোক্রাটিক ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ল্যান্ড ইউজ কমিটির কাউন্সিল সদস্য এবং চেয়ারম্যান; কুইন্স বরো প্রেসিডেন্ট কার্যালয়ের কমিউনিটি বোর্ডের পরিচালক; নিউ ইউর্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য।

www.melindakatz.com | MelindaKatzForQueens | MelindaKatz

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কুইন্সকে আমাদের এমনভাবে গড়ে তুলতে হবে যেখানে মধ্যবিত্ত পরিবারগুলি সুন্দরভাবে বসবাস করতে পারবে, কাজ করতে এবং তাদের পরিবারকে ভালভাবে বেড়ে উঠতে পারে। অর্থাৎ কুইন্সের শিল্পাঞ্চলগুলির সংস্কার করে কুইন্সের সকল অংশে ভালো **কাজের সুযোগ তৈরী করা**,নিশ্চিত করতে হবে যাতে আমাদের এখানের **স্কুলগুলি যেন খুব ভাল ফল করে** এবং যেন প্রবীণ এবং মধ্যবিত্ত পরিবারের **ক্রয়োপযোগী** বাড়ির ব্যবস্থা করা যায়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

হ্যারিকেন স্যান্ডির পরবর্তী অবস্থাকে নতুনভাবে গড়ে তোলার সব থেকে বেশী গুরুত্ব আরোপ করতে হবে, যাতে আমরা পরবর্তী কোন ঝড়ের জন্য নিজেদের প্রস্তুত রাখতে পারি। সঙ্ঘবদ্ধ অপরাধীচক্র ও অস্ত্রধারীদের হামলা বন্ধ করে **আমাদের রাস্তাঘাটকে সুরক্ষিত রাখতে হবে**, আমাদের সন্তানরা ভাল আফটার-স্কুলের পরে সুযোগ পায় সেদিকে লক্ষ্য রাখতে এবং বর্তমান স্টপ-অ্যান্ড-ফ্রিস্ক পলিসিগুলি সংশোধন করে কার্যকরী এবং সুন্দর করা। উপসংহারে আমি একথা বলতে পারি যে আমাদের নেইবারহুদের চারপাশের পরিবেশ বজায় রেখে **আরো অনেক সাশ্রয়ী মুল্যে আবাসন তৈরী করব** যেখানে আমি ল্যান্ড ইউজ কমিউনিটির কাউন্সিলের চেয়ারম্যান থাকাকালীন আমার যা অভিজ্ঞতা আছে সেগুলি এখানে প্রয়োগ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কুইন্স বরোর সঙ্গে আমার গভীরতম সম্পর্ক কারণ আমি কুইন্সে জন্মগ্রহণ করে এবং এখানে বেড়ে উঠেছি ঠিক সেইভাবে **আমার দুটি ছোট ছেলে এখানেই বড় হচ্ছে, তাই আমি গর্বিত।** আমি সিটি ও ষ্টেট সরকারের অধীনে কাজ করেছি, এবং বরো প্রেসিডেন্ট ক্লেয়ার শুলমানের অধীনে কমিউনিটি বোর্ডের একজন নির্দেশক হিসাবে কাজ করেছি। **এই কুইন্স শহরের বিভিন্ন সম্প্রদায়গুলিকে আমি একসঙ্গে নিয়ে আসার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ, তাদের সকলের জন্য একটি সাধারণ ক্ষেত্র খুঁজে বের করব এবং এই কাজের জন্য প্রগতিশীল সমাধানের বিষয়ে কাজ করব**।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## অরেলিও অ্যান্টনিও আর্কাব্যাস্কিও

(Aurelio Antonio Arcabascio)

## কুইন্স বরো প্রেসিডেন্ট (R)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** ইনফো সিস্টেমস ফ্যাসিলিটিস/ ক্যাপিটাল প্রোজেক্টস-এর সিনিয়র ম্যানেজার

**পূর্ববর্তী পেশা:** ক্রিমসন টেকনলজিস, ইনকরপোরেশন-এর প্রতিষ্ঠাতা/ বিভিন্ন প্রধান জাতীয় এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের ইনফরমেশন সিস্টেমস সলিউশনসে সিনিয়র ম্যানেজমেন্ট কনস্যালট্যান্ট

**শিক্ষাগত যোগ্যতা:** NYC পাবলিক স্কুল গ্রেড ১-৮/ম্যাটর ক্রিস্টি হাই স্কুল./মার্সিহার্স্ট ইউনিভার্সিটি/ CUNY স্কুল অফ প্রফেশনাল স্টাডিস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ফ্রাঙ্ক কেন্না রিপাবলিকান ক্লাব/ম্যানহাটন থিয়েটার ক্লাব/ALS ফাউন্ডেশন/ ব্রেস্ট ক্যানসার রিসার্চ/

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

একজন বরো প্রেসিডেন্ট হিসাবে ঐ পদে থাকার সবচেয়ে বড় দায়িত্ব হল মানুষের প্রবক্তা হয়ে কিছু বলা এবং প্রত্যেক বাসিন্দা আরো ভালোভাবে জীবন যাপন করতে পারে, সেই সকল কারণগুলির জন্য লড়াই করা। ***কুইন্স হল নিউইয়র্ক সিটিতে মূল প্রবেশ পথ***, সেই কারণে, আমি আরো ভালো রাস্তা, এবং সমগ্র বরোর অঞ্চল জুড়ে ধারাবাহিকভাবে সৌন্দর্যায়নের কাজ চালিয়ে যাওয়ার দাবী জানাব। পার্ক এবং মনোরঞ্জনমূলক এলাকা গড়ে তোলার জন্য দাবীর ফলে সমগ্র বরোব্যাসী আমাদের ছেলেমেয়েদের জন্য আরো নতুন নতুন খেলার ব্যবস্থা থাকবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

একজন বরো প্রেসিডেন্ট হিসাবে আপনি হলেন বরোর একজন সেলসম্যান। আগ্রহী ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলির কাছে এই বরো সম্বন্ধে প্রচার করা খুবই গুরুত্বপূর্ণ কারণ যাতে বর্তমানে আমাদের যে সকল খালি বিল্ডিংগুলি পরে রয়েছে সেখানে নতুন নতুন অফিস করতে পারবে। আমাদের বরোতে শিক্ষার গুণমানের উন্নয়ন ঘটানোর জন্য সিটি থেকে প্রয়োজনীয় সম্পদ লাভ করার জন্য আমাদের কঠোর পরিশ্রম করতে হবে। ***২০২০ সালে অন্যান্য সকল বরোর তুলনায় আমাদের এই বরোতে নথিভুক্ত শিক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ হবে।*** আমরা যদি এই মূহুর্তে সঠিক সিদ্ধান্ত নিতে না পারি, তবে আমরা আমাদের সন্তানদের জন্য ব্যর্থতা নিয়ে আসবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

একজন সফল নেতা হিসাবে আমার অভিজ্ঞতা, প্রযুক্তিজগতের পেশাদারী জীবনে আমার ৩০ বছরের সাফল্য, হেলথকেয়ারের ক্ষেত্রে আমার অভিজ্ঞতা ও জ্ঞান এবং এই বরোকে এমনভাবে প্রতিষ্ঠা করা জরুরি প্রয়োজন যার ফলে এখানকার বাসিন্দাগণ বিশ্বমাপের সুযোগসুবিধা ভোগ করতে পারে। এগুলিই আমি দিতে পারব যা অন্য আর কেউ দিতে পারবে না। আমার অভিজ্ঞতা সমস্ত সম্পদগুলিকে টেবিলে উত্থাপন করতে পারবে যেগুলি বিভিন্ন বিষয়ের সমাধান করবার জন্য প্রয়োজন এবং এর মাধ্যমে আমি এই বরোর যাবতীয় চাহিদা মিটাতে পারবো।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.Arcabascio2013.com | Arcabascio2013 | Tony4QueensBP

---

## পিটার এফ. ভ্যালোন জুনিঃ (Peter F. Vallone Jr.)

## কুইন্স বরো প্রেসিডেন্ট (C)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল সদস্য, ডিস্ট্রিক্ট ২২; পাবলিক সেফটি কমিটি-র চেয়ার

**পূর্ববর্তী পেশা:** প্রসিকিউটার, ম্যানহ্যাটান ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস; পার্টনার – ভ্যালোন অ্যান্ড ভ্যালোন

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাগনা কাম লড এবং ফাই বিটা কাপ্পা-তে গ্র্যাজুয়েশন করেছেন ফোর্ডহ্যাম কলেজ এবং ফোর্ডহ্যাম ল স্কুল থেকে

**সাংগঠনিক সম্পৃক্ততা:** CHOKE; ট্যামিমেন্ট ডেমোক্র্যাটিক ক্লাব; অ্যাস্টোরিয়া সিভিক অ্যাসোসিয়েশন; শেয়ারিং অ্যান্ড কেয়ারিং

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০১ সাল থেকে নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অনেক কমিউনিটির মানুষ আপনাকে বলবে যে,আবার অপরাধ বৃদ্ধি পাচ্ছে। আমাদের এবং আমাদের পরিবারের সুরক্ষার জন্য, শুধুমাত্র রাস্তাগুলি নিরাপদ করা যথেষ্ট নয়; এটি আমাদের অর্থনীতির উন্নতি এবং আমাদের জীবনের মানের অন্যান্য সব দিকের সমাধান। সিটি কাউন্সিলের পাবলিক সেফটি-র চেয়ার হিসেবে, অপরাধ ৩৫% কম করা এবং সন্ত্রাসী, যৌন অপরাধী এবং গ্রাফিটি দ্বারা নষ্টাকারীদের ধরার জন্য আমি ঘনিষ্ঠভাবে NYPD কমিশনার Ray Kelly (রে কেলি)-র সঙ্গে কাজ করেছি। বরো প্রেসিডেন্ট হিসাবে, আমি প্রতিজ্ঞা করছি যে কুইন্স-কে দেশের সবচেয়ে নিরাপদ সিটির সবচেয়ে নিরাপদ বরো বানানোর জন্য লড়াই অব্যাহত রাখব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

এই মুহূর্তে, আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলি এবং বাড়ির মালিকেরা এই সিটির প্রশাসন দ্বারা আক্রান্ত। আমাদের দোকান এবং রেস্টুরেন্টগুলিকে বিনা কারণে জরিমানা দিতে হচ্ছে। আমাদের প্রপার্টি ট্যাক্স এবং ওয়াটার ট্যাক্স (সম্পত্তি ও পানির বিল) অবিরত বেড়েই চলেছে। আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলিকে সাহায্য করার জন্য আমি সিটি কাউন্সিলে আইন জারি করেছি এবং অল্প কয়েকজন সদস্যের সাথে আমি প্রপার্টি ট্যাক্সের বিরুদ্ধে ভোট দিয়েছি। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমি কুইন্সের জীবনযাত্রার সঙ্গে জড়িয়ে থাকা বাড়ি এবং ব্যবসার সুরক্ষা অব্যাহত রাখব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই নির্বাচনী দৌড়ে আমিই একমাত্র ব্যক্তি যার, মানুষকে নিরাপত্তা দেওয়া এবং ক্ষুদ্র ব্যবসা চালানোর বাস্তব অভিজ্ঞতা আছে। আমি প্রসিকিউটর হিসেবে আমার কর্মজীবন শুরু করি এবং পরে আমার পরিবারের ছোট আইন ব্যবসা চালাচ্ছি দশ বছর ধরে। সরকারী পদ খুবই উচ্চ আদর্শের, কিন্তু আমাদের প্রয়োজন, বাইরের অভিজ্ঞতা এবং দৃষ্টিভঙ্গী যুক্ত নেতার যিনি কুইন্সের মধ্যবিত্ত পরিবারের স্বার্থের সত্যিকারের সুরক্ষা করতে পারবেন। কুইন্সের ভোটদাতারা আমাকে বিশ্বাস করতে পারেন, কারণ আমি এই পদে ছিলাম এবং তাদের জন্য যা সত্যিকারের গুরুত্বপূর্ণ কী তা বুঝতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.petervallone.com | peter.vallone.96 | pfvjr

---

## এভারলি ডি. ব্রাউন (Everly D. Brown)

## কুইন্স বরো প্রেসিডেন্ট (JE)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ডেভেলপার, ফোরক্লোজার কনসালটেন্ট, ফাইন্যান্সিয়াল কনসালটেন্ট এবং বিনিয়োগকারী। কমিউনিটি সংগঠক কুইন্স-এ ব্যবসায়ী।

**পূর্ববর্তী পেশা:** ডেভেলপার, ফোরক্লোজার কনসালটেন্ট, ফাইন্যান্সিয়াল কনসালটেন্ট এবং বিনিয়োগকারী।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট ফ্রান্সিস কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন-এ ওয়াশিংটন বিজনেস ইন্সটিটিউট অ্যাসোসিয়েটস ডিগ্রি। ডেল কার্নেগি ইন্সটিটিউট থেকে পাবলিক স্পিকিং, কলেজ অফ আর্টস, সায়েন্স অ্যান্ড টেকনলজি জ্যামাইকা WI বিজনেস স্টাডিজ, সেন্ট জন ইউনিভার্সিটি বেসিক রিয়েল এস্টেট ল।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ন্যাশনাল অকশন নেটওয়ার্ক, বিভিন্ন সিভিক অ্যাসোসিয়েশনস এবং চ্যারিটিগুলি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NY স্টেট অ্যাসেম্বলি, NYC কাউন্সিল, NYS সেনেটর প্রার্থী।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কুইন্স-এর বাসিন্দাদের জীবনের মান। সরাসরি সরকারে অংশগ্রহণের দ্বারা আমি কুইন্সের নাগরিকদের মান উন্নয়নে বিশ্বাস করি। বরো প্রেসিডেন্সি প্রশাসনের স্বচ্ছতার সংস্কার সাধন। শিক্ষার জন্য একটি টাস্ক ফোর্স গঠন, যারা মূল্যায়ন এবং কুইন্সের স্কুলগুলির উন্নতির জন্য পরিবর্তনের প্রস্তাব দেবে। কমিউনিটির পরিষ্কার করার জন্য অর্থের বৃদ্ধি। প্রাথমিকভাবে আমাদের কুইন্সের বর্তমান অবস্থা নিয়ে গর্বিত হতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

স্থানীয় প্রশাসনে সততার পুনরুদ্ধার। স্বচ্ছতার মাধ্যমে সিস্টেমের মধ্যে আস্থা তৈরি করতে হবে ও তা বজায় রাখতে হবে। আমি এমন একটি পদ্ধতি শুরু করতে চাই যার ফলে কুইন্স-এর বাসিন্দারা সরাসরি কুইন্স বরো প্রেসিডেন্টের সঙ্গে দ্বি-সাপ্তাহিকভাবে যোগাযোগ করে তাদের উদ্যোগগুলো ব্যক্ত করতে পারে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

গত তিরিশ বছর ধরে কুইন্সের বাসিন্দা ও কুইন্সের নেতা হিসাবে, কুইন্সের নাগরিকদের যে বিষয়গুলি প্রভাবিত করে সেগুলো সম্পর্কে আমার গভীর এবং সূক্ষ্ম জ্ঞান আছে। কমিউনিটি সংগঠনকারী রূপে আমার কার্যকালে,আমি কমিউনিটি নির্মাণের বিশেষজ্ঞতা পেয়েছি এবং কুইনস ও তার নাগরিকদের প্রতি আমার আস্থা আছে। নির্বাচনী এলাকার পক্ষে অক্লান্তভাবে কাজ করার উদ্যম এবং প্রেরণা আমার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.everlybrown2013.com

# সিটি কাউন্সিল মেম্বার

সিটি কাউন্সিল হল নিউ ইয়র্ক সিটি প্রশাসনের আইনি, বা আইন প্রণয়নকারী শাখা। সিটি কাউন্সিল স্থানীয় আইন পাস করা, জমি ব্যবহার সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া, সিটি এজেন্সিগুলির ওপর নজর রাখা ও অনুসন্ধান চালানো এবং শহরের বাজেট অনুমোদনের দায়িত্ব বহন করে। প্রত্যেক কাউন্সিল সদস্য ৫১টি নিউ ইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের কোনো একটির প্রতিনিধিত্ব করেন। কাউন্সিল সদস্যরা বছরে $১১২,৫০০ বেতন পান। কাউন্সিল লীডার এবং কমিটির সভাপতিরা বাড়তি বেতন পান। কাউন্সিল সদস্যরা তাঁদের কাউন্সিল আসন ছাড়াও অন্য পদ বহন করতে পারেন।

**» কাউন্সিল ডিস্ট্রিক্ট 19**

অস্টিন আই. শাফরান (Austin I. Shafran) (D†)
পল এ. ভ্যালোন (Paul A. Vallone) (D†, I)
ডেনিস শাফরান (Dennis Saffran) (R, C, REF)

**» কাউন্সিল ডিস্ট্রিক্ট 20**

পিটার এ. কো (Peter A. Koo) (D, C)
এভারগ্রিন সি. চৌ (Evergreen C. Chou) (G)
মার্থা ফ্লোরেস-ভাস্কেজ (Martha Flores-Vazquez) (JE)*
সানি হান (Sunny Hahn) (REF)

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।


*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**-এ দেখুন।

†ডেমোক্রেটিক প্রাইমারী প্রতিদ্বন্দ্বিতা প্রেসের জন্য খুবই কাছে ছিল। হালনাগাদ ফলাফলের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**।

## সাধারণ নির্বাচন । সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 19

### অস্টিন আই. শাফরান (Austin I. Shafran)

**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল ডিসট্রিক্ট ১৯ (কুইন্স) এর প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** পাবলিক এফেয়ার্সের সহ সভাপতি, এম্পায়ার স্টেট ডেভালাপমেন্ট, গভর্নর এন্ড্রিউএম. কুয়োমোর কার্যালয়, নিউ ইয়র্ক স্টেট সিনেট ডেমোক্রেটিক সম্মেলনের প্রেস সেক্রেটারী; শিংকোপ লিমিটেডেটের মিডিয়া রিলেসনস পরিচালক; NYC কাউন্সিল ফিনান্স চেয়ার ডেভিড উইপ্রিনের যোগাযোগ; পরিচালক ইউএস কংগ্রেসম্যান গ্রে একারম্যানের কমিউনিটি লিয়েজঁ

**শিক্ষাগত যোগ্যতা:** কুইনস কলেজ, নিউ ইয়র্কের সিটি ইউনিভার্সিটি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট নেতা

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** পাবলিক এফেয়ার্সের সহ সভাপতি, এম্পায়ার স্টেট ডেভালাপমেন্ট, গভর্নর Andrew M. Cuomo কার্যালয়, নিউ ইয়র্ক ষ্টেট সিনেট ডেমোক্রেটিক সম্মেলনের প্রেস সেক্রেটারী; শিংকোপ লিমিটেডেটের মিডিয়া রিলেসনস নির্দেশক; NYC কাউন্সিল ফিনান্স চেয়ার David Weprin-র যোগাযোগ নির্দেশক; কমিউনিটি লিয়েজঁ, US কংগ্রেসম্যান Gary Ackerman

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিসট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার সবচেয়ে অগ্রগণ্যতার কাজ হল শিক্ষা নীতি পরিকল্পনায় অভিভাবকদের, কমিউনিটির এবং শিক্ষাবিদের অবদান বাড়িয়ে, আমাদের স্কুলগুলিতে অত্যাধিক ভীড়ের চাপ কমিয়ে, এবং উচ্চ-কঠিন পরীক্ষাগুলিতে ভুল-পথে চালিত নির্ভরতা কমিয়ে এনে আমাদের সন্তানদের শিক্ষাগত উৎকর্ষতা এবং তার ফলাফলের উন্নতি সাধন করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অন্যান্য অগ্রাধিকার বিষয়গুলির মধ্যে আছে কর্পোরেটের অতি উন্নতি থেকে আমাদের নেইবারহুড রক্ষা করা, মধ্যবর্তী শ্রেণী পরিবারগুলি থেকে কর হ্রাস করা, আমাদের বয়স্ক কেন্দ্রগুলি, পার্ক এবং লাইব্রেরিগুলির জন্য আরও তহবিল নিশ্চিত করা এবং কাউন্সিল সদস্যদের জন্য সকল বহিরাগত আয় নিষিদ্ধ করা এবং অর্থের বিনিময়ে চাকুরীর ব্যাপারে দুর্নীতি চক্রের সমাপ্তি করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি নর্থওয়েস্ট কুইন্সে জন্মেছি এবং সেখানে বড় হয়েছি এবং আমার সম্পূর্ণ জীবন কাজ করেছি এমন একটি স্থানের জন্য যাকে বাড়ি বলা যায়, যেখানে ভালভাবে বসবাস করা যায়, কাজ করা যায় এবং পরিবারকে রাখা যায়। সিটি, ষ্টেট এবং ফেডারাল সরকারে এক দশক কাজ করার অভিজ্ঞতায় আমি জানি কি করে আমাদের স্কুলগুলির উন্নতি করা যায়, আমাদের নেইবারহুড রক্ষা করা যায়, বয়স্কদের জন্য সেবার উন্নতি করা যায়, এবং একটি অর্থনৈতিক বুনিয়াদ গঠন করা যায় যা কর্মের সংস্থান করবে এবং কর্মরত পরিবারগুলির করের হার কমিয়ে দেবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.austin4council.com | austin4council | austin4council | YouTube austin4council | www.linkedin.com/austinshafran

---

### পল এ. ভ্যালোন (Paul A. Vallone)

**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, I)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ভ্যালোন অ্যান্ড ভ্যালোন LLP -র ম্যানেজিং পার্টনার

**পূর্ববর্তী পেশা:** N/A

**শিক্ষাগত যোগ্যতা:** JD সেন্ট জনস ল স্কুল ১৯৯২-এর ক্লাস; BA ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি ১৯৮৯-এর ক্লাস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ক্লিন্টন ডেমোক্র্যাটিক ক্লাবের প্রেসিডেন্ট, বেসাইড-হোয়াইটস্টোন লায়নস ক্লাব-এর প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠতা সদস্য, কাউন্সেল এবং বোর্ড সদস্য - অউবার্নডেল সকার প্রোগ্রাম ও সেন্ট জন্স প্রিপ্যারেটরি স্কুল, কমিউনিটি বোর্ড ৭-এর সদস্য, কুইন্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন, নাইটস অফ কলোম্বাস নং #৫৬৯, সেন্ট অ্যান্ড্রু ফাইন্যান্স কমিটি ও মেন্স গিল্ডের সহ-প্রেসিডেন্ট, কিওয়ানিস অ্যান্ড জাজ ভ্যালোন স্কলারশিপ প্রোগ্রাম-এ স্কলারশিপ চেয়ারম্যান, কুইন্স ফোক গ্রুপের ডিরেক্টর এবং CYO সকার কোচ

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC বোর্ড অফ কারেকশনস

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের স্থানীয় কাউন্সিল অফিস ফিরে পেতে হবে এবং জবাবদিহিতা ও আস্থার সম্পর্ক তৈরি করতে হবে। যখন এই ডিস্ট্রিক্টকে পুনঃস্থাপন ও ঐক্যবদ্ধ করার পরে আমাদের লড়াই করতে হবে আমাদের জীবনেরযাত্রার মান রক্ষা করতে ও সংরক্ষণ করতে এবং বাড়িতে নিরাপদে থাকতে। আমাদেরকে আমাদের স্থানীয় প্রিসেন্ট সমূহ সহায়তা করতে হবে এবং পাশাপাশি সহায়তা করতে হবে NYPD, FDNY এবং সমস্ত জরুরী সেবা প্রদানকারী সংস্থাগুলিকে। আমাদের পুলিশ ফোর্সের পুনরুদ্ধার ও তার কলেবর বৃদ্ধির সাথে সাথে আমাদের কমিউনিটির ভিতরে স্থানীয় পুলিশের সম্পদ বাড়াতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের ক্ষুদ্র ব্যবসায়ের উপর বেশি দাবী-দাওয়া চেপে বসার ফলে আমাদের কমিউনিটির এই গুরুত্বপূর্ণ অংশটি বন্ধ হতে চলছে। আমি এই সমস্ত ক্ষুদ্র ব্যবসাগুলির পক্ষ নিয়ে অন্যায্য আইনের, অন্যায়মূলক জরিমানার বিরুদ্ধে, এবং এই সিটির সাথে কাজ করতে চাই যাতে ট্যাক্স-ফ্রী জোন তৈরি করা যায় এবং শূণ্য শতাংশ ঋণ দেওয়া যায় যাতে নতুন ব্যবসাগুলির শুরু করার খরচে কিছুটা সহায়তা হয়, আর এই সব কারণে অনেক নতুন ব্যবসা শুরু করতে পারে না।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমাদের কমিউনিটিতে একজন বাবা, স্বামী ও ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে, আমাদের কমিউনিটির সংগঠনগুলির সাথে আমি কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করেছি। কমিউনিটি বোর্ড ৭-এর সদস্য, বেসাইড-হোয়াইটস্টোন লায়ন্স ক্লাব-এর প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা, ক্লিন্টন ডেমোক্র্যাটিক ক্লাবের সদস্য, CYO সকার কোচ, অউবার্নডেল সকার ক্লাব-এর কাউন্সেল ও বোর্ড সদস্য হওয়া আমাকে সাহায্য করেছে প্রতিদিন আমাদের কমিউনিটির পাশে দাঁড়াতে এবং যেসব সমস্যা আমাদের সকলকে প্রভাবিত করে তাদের বিরুদ্ধে একসাথে লড়াই করতে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.paulvallone.com | votevallone2013

## ডেনিস শাফরান (Dennis Saffran)

### ১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (R, C, REF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশা:** একটি পাবলিক ইন্টারেস্ট গোষ্ঠী সেন্টার ফর দ্য কমিউনিটি ইন্টারেস্ট-এর ,পরিচালক যেটি রুডি গিলানীর এন্টি-ক্রাইম এবং কোয়ালিটি-অফ-লাইফ রিফর্মসের দ্বারা সাহায্যপ্রাপ্ত

**শিক্ষাগত যোগ্যতা:** NYU ল স্কুল জেডি; হার্ভাড বিশ্ববিদ্যালয়ের B.A.; ফরেস্ট হিলস HS

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডগলাস্টন সিভিক এসোসিয়েসনের সহ সভাপতি

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** উপরে দেখুন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ডিস্ট্রিক্ট ১৯-**এর** সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল নর্থইস্ট কুইন্সে আমাদের জীবন ধারণের বিশেষ গুণমান রক্ষা করা এবং বৃদ্ধি করা। এর মধ্যে আছে: **শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ বজায় রাখা।** স্কুল ডিস্ট্রিক্ট ২৫ এবং ২৬-এর জন্য পর্যাপ্ত অর্থ সংস্থান করা এবং উচ্চ মান বজায় রাখার জন্য আমি কাজ করব এবং একটি NAACP আইনী অভিযোগের বিপক্ষে সিটির বিশেষায়িত উচ্চ বিদ্যালয়গুলিকে রক্ষা করে যাব যা মেধা নির্বাচনকে সরল করে দেবে। **অতিরিক্ত উন্নতির নিয়ন্ত্রণ।** আমি ডাউনজোনিং সমর্থন করি এবং বড় বড় বাণিজ্যিক এবং আবাসিক প্রোজেক্টগুলির বিরুদ্ধে যা আমাদের সম্পদকে নিঃশেষ করে দেবে এবং আমাদের কমিউনিটির চরিত্রের পরিবর্তন করে দেবে, তার বিরুদ্ধে লড়ব। **রাস্তাগুলিকে নিরাপদে রাখা।** আমরা অবশ্যই মেয়র ব্লুমবার্গ এবং গিলানীর এবং পুলিশ কমিশনার রে কেলীর নীতি চালিয়ে যাব যা আমাদের নেইবারহুডগুলোকে নিরাপদে রেখেছে এবং সিটি ঘুরে দাড়িয়েছে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি প্রবলভাবে সিটি কাউন্সিল বিলের বিরোধিতা করে যাব যাতে যারা নাগরিক নন তাদেরকে যেন ভোটের অনুমতি না দেওয়া হয়। আমি অভিবাসন সমর্থন করি কিন্তু বিশ্বাস করি যে এটি হল আমেরিকান নাগরিকত্ব যেটি অভিবাসীদের দেশ হিসাবে আমাদের একত্রে আবদ্ধ করে রেখেছে এবং এই বিলটি নাগরিকত্বের ধারণার উপরে একটি আক্রমণ। আমি প্রবলভাবে “স্টপ এবং ফ্রিস্ক”কেও সমর্থন করি। অবশ্যই এই স্টপগুলি শ্রদ্ধাসম্মত এবং সভ্য হতে হবে। কিন্তু মোট কথা হল তারা রাস্তা থেকে অস্ত্র উদ্ধার করে জীবন বাঁচাবে - বিশেষ করে দরিদ্রদের এবং সংখ্যালঘু বাচ্চাদের জীবন।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি এই কাজের জন্য একজন সর্বোত্তম প্রার্থী কারণ নেইবারহুড এলাকায় গুণমানসম্পন্ন জীবনযাত্রা এবং অপরাধ প্রতিরোধকারী পুনর্গঠন করার লড়াইয়ে আমার নেতৃত্ব যা নিউ ইয়র্ককে একটি উন্নততর স্থান হিসাবে তৈরী করে তুলেছে এবং সরকারে সততা রক্ষা করাই হল আমার নিষ্ঠা। একজন নাগরিক নেতা হিসাবে আমি মেগানের আইনকে তুলে ধরার জন্য কাজ করে যাব এবং স্কুলগুলি থেকে বন্দুক বার করে দিতে, নেইবারহুডের অঞ্চল থেকে পর্ণো দোকানগুলি তুলে দিতে, এবং মানসিক অসুস্থদের সাইডউওয়াক থেকে সরিয়ে চিকিৎসা করিয়ে দিতেও কাজ করে যাব। যখন বদনাম দুই পক্ষকে আবৃত করে রেখেছে, তখন আমি অখণ্ডতার দুই ঐতিহ্যকেই পুনরুদ্ধার করতে চাই যা আমার দুই রাজনৈতিক মেন্টর এবং নায়কের দ্বারা, সেন, ফ্রাঙ্ক পাডাভান এবং এসেম্বলি মহিলা নেটি মেয়ারসোনের দ্বারা নির্ধারিত করে দেওয়া হয়েছে, এবং তারা আমাদের সম্প্রদায়ের জন্য যে কঠিন কাজ করেছিলেন সেই রকমই কাজ আমি করতে চাই।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.saffran2013.com | Saffran2013 | Saffran2013

# সাধারণ নির্বাচন । সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 20

## পিটার এ. কো (Peter A. Koo)

### ২০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, C)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কাউন্সিল সদস্য

**পূর্ববর্তী পেশা:** পিটার কো একজন ফার্মাসিস্ট যিনি স্টারসাইড ফার্মেসি চেইন প্রতিষ্ঠাতা এবং এর সি.ই.ও. এবং সভাপতি হয়েছিলেন

**শিক্ষাগত যোগ্যতা:** নিউ মেক্সিকো বিশ্ববিদ্যালয় – কলেজ অফ ফার্মেসি, যেখানে তিনি ব্যাচেলর্স অফ সায়েন্স ডিগ্রী পেয়েছিলেন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** পিটার কো কমিউনিটি বোর্ড ৭-এর একজন সক্রিয় সদস্য, উনি কুইনস্ জেনারেল হসপিটাল-এর অ্যাডভাইসারি বোর্ডের পরামর্শদাতা; লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ ফাউন্ডেশন-এর কোষাধ্যক্ষ, প্রতিষ্ঠাতা এবং ট্রাস্টি; ফ্লাশিং লায়ন্স ক্লাব, ফ্লাশিং রোটারি ক্লাব এবং আমেরিকান ক্যানসার সোসাইটিতে কাজ করেছেন।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউইয়র্ক সিটি কাউন্সিলে চার বছর ধরে কাজ করেছেন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 20-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার প্রথম টার্মে আমি অফিসে থাকাকালীন প্রকৃত ইতিবাচক পরিবর্তনের স্বপক্ষে উৎসাহ দিয়েছি এবং আমাদের কমিউনিটির জন্য জরুরি সেবা সমূহ ও অনুদান আনার জন্য অক্লান্ত পরিশ্রম করেছি। আমি গর্বের সাথে বলতে পারি যে, আমার অফিস থেকে ৬৮০০টি কমিউনিটি ভিত্তিক অভিযোগের মীমাংসা করতে পেরেছি এবং সিটি থেকে ১৫ মিলিয়ন ডলার অনুদান হিসাবে ডিসট্রিক্টের জন্য সংগ্রহ করতে পেরেছি। আমার প্রথম টার্মে, আমার সাথে নির্বাচিত অন্যান্য প্রতিনিধি এবং কমিউনিটির নেতৃত্বদের সাথে বেআইনি যাত্রীবাহী বাসগুলিকে আমাদের রাস্তাগুলির থেকে দূর করতে পেরেছি, ফ্লাশিং ডাউন টাউনে অতি প্রয়োজনীয় নিরাপত্তামূলক ক্যামেরা বসানোর জন্য দরকারি অর্থায়নের ব্যবস্থা সুনিশ্চিত করতে পেরেছি, দুঃস্থ লোকেদের বিনামূল্যে ফ্লু নিরোধক টীকা দেবার ব্যবস্থা করেছি, বহুসংখ্যক শিক্ষাদানের কর্মশালা চালানোর এবং কমিউনিটির অনুষ্ঠানগুলির এবং নতুন ট্রাফিক সিগনাল বসানোর ও নিয়ন্ত্রণের জন্য পৃষ্ঠপোষকতা করেছি যেন আমাদের রাস্তাঘাট মোটরচালক এবং পথচারী উভয়ের পক্ষেই নিরাপদ হতে পারে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

যানবাহনের অবস্থার উন্নয়নের, ক্ষুদ্র ব্যবসায়ীদের সাহায্যের, বয়স্ক নাগরিকরা যেসব পরিসেবা পাওয়ার কথা সেসব পাবার, শিক্ষার্থীদের শিক্ষাগত অভিজ্ঞতার উন্নয়নের, জনসাধারণের নিরাপত্তা বিধানের উন্নতির এবং সকল বাসিন্দাদের জীবনের সার্বিক মানোন্নয়নের জন্য আরও অনেক কিছু করার আছে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই ডিসট্রিক্ট আমাদের জীবনের মানোন্নয়নের আমি চেষ্টা চালিয়ে যাব, যেন বড় বড় প্রয়োজনীয় প্রকল্প হাতে নেয়া যায় এবং জরুরি পরিষেবা সুরক্ষিত করা যায়। আমি গর্বিত যে আমি আপনাদের সেবা করার সুযোগ পেতে পারছি এবং নিউইয়র্ক সিটি কাউন্সিলে আপনাদের স্বার্থের প্রতিনিধিত্ব করতে পারছি এবং আমি ভবিষ্যতে আমার সহকর্মীদের সাথে কাজ করে নিউ ইয়র্ক শহরের জনসাধারণের জন্য দারুণ সব ব্যাপারে সাফল্য অর্জন করার জন্য উদগ্রীব হয়ে আছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.peterkoo.com

---

# সাধারণ নির্বাচন

# মঙ্গলবার, নভেম্বর ৫

সকাল **৬টা** থেকে রাত **৯টা** পর্যন্ত ভোট কেন্দ্রগুলো খোলা থাকবে

## কোথায় ভোট দিবেন নিশ্চিত নয়?

**nyc.pollsitelocator.com**–এ আপনার ভোট কেন্দ্রের সাইটি ও নমুনা ব্যালট দেখুন বা **866-VOTE-NYC** নম্বরে ফোন করুন।

আপনার ছাপ দিন ভোট

## এভারগ্রিন সি. চৌ (Evergreen C. Chou)

## ২০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (G)



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রীন পার্টি

**বর্তমান পেশা:** ১৯৮৯ সাল থেকে আল্ট্রা সাউন্ড টেকনলজিস্ট

**পূর্ববর্তী পেশা:** রেস্টুরেন্ট কর্মী

**শিক্ষাগত যোগ্যতা:** SUNY থেকে ব্যাচেলর অফ সায়েন্স: ডাউনস্টেট মেডিকাল সেন্টার

**সাংগঠনিক সম্পৃক্ততা:** লাশিং CSA (কমিউনিটি সাপোর্টেড এগ্রিকালচার); বয় স্কাউট অফ আমেরিকা; এভারগ্রিন কমিউনিটি গার্ডেন; ফ্লাশিং গ্রিনস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেবারহুড অ্যাডভিসরি বোর্ড (NAB ৭)-এর সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 20-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ফ্লাশিং উচ্চবিত্ত হয়ে যাওয়া ও সাধ্যের মধ্যে আবাসন না থাকা। যখন আমি প্রথমবার সিটি কাউন্সিলে পদের জন্য নির্বাচন করে ছিলাম তখন থেকেই এটি একটি বড় সমস্যা ছিল, এবং এখন এটি আরো খারাপ হয়েছে। প্রার্থীরা তাঁদের ভাষণে সাধ্যের মধ্যে আবাসনকে অন্তর্ভুক্ত করছেন, কিন্তু কাজের কাজ হওয়ার বদলে হাজার হাজার লাক্সারি আবাসন ইউনিট তৈরি হচ্ছে। এদের মধ্যে অনেকগুলি খালি পড়ে থাকে, কারণ তাদের মালিকেরা এই ষ্টেটের বাইরে ক্রেতাদের খোঁজ করছেন, এমনকি সেই ক্রেতারা দেশের বাইরে থেকেও হতে পারেন কারণ ফ্লাশিংয়ের খুব কম বাসিন্দাদেরই সাধ্যের মধ্যে এগুলো রয়েছে।

www.voteevergreen.info

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

ফ্লাশিংয়ে অনেক চাকরি আছে, কিন্তু তার বেতন খুবই কম যাতে মান্সম্মত জীবন ধারন করা যায় না। বাসিন্দারা আবাসিক এবং বাণিজ্যিক দুই প্রকারেরই রিয়েল এস্টেট থেকে দামের কারণে হাত গুটিয়ে নিচ্ছেন। যেসব পরিবারগুলি নতুন ব্যবসা শুরু করছে, তারা ক্রমবর্ধন ভাড়ার কারণে নাজেহাল। যদি আমরা জীবনধারনের জন্য যোগ্য বেতন ফ্লাশিংয়ে না পাই; তাহলে আমাদের এমন আইন করতে হবে যা ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের এই অঞ্চলে থাকতে সাহায্য করবে। আমাদের এই দৃষ্টিভঙ্গী বদলাতে হবে যে, ব্যাংকগুলি এত বড় যে ব্যর্থ হতে দেয়া যায় না আর আমরা এত ক্ষুদ্র যে বাচানো যায় না।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

মধ্যবিত্ত ও শ্রমজীবি শ্রেণীর প্রয়োজনীয়তা গুলি বুঝি; আমি ঠিক এইরকমই। অধিকাংশ স্থানীয় প্রার্থীরা হলেন ব্যবসায়ী, যাঁরা সর্ব নিম্ন দর ছাড়া কিছুই দেখতে পান না। তাই আবাসন, শিক্ষা, চাকরি ও স্বাস্থ্য সেবার বিষয়গুলো আসে, তখন আমরা এমন কিছু বেছে নিতে পারি না যা বড় ব্যবসার জন্য লাভজনক। একটি কমিউনিটির প্রয়োজনে আমাদের সেই সব কিছু দিতে হবে এবং আমার এই বিশ্বাস আছে যে, কমিউনিটির মানুষদের যদি সঠিক সুযোগ দেওয়া যায় তবে তারা সমৃদ্ধ হবেন। আমার প্রচারনার সময়ে আমি কোনো টি-শার্ট বিলি করব না; অথবা ফ্লাশিংয়ের দামী রেস্টুরেন্টে আপনাদের কোনো দামী খাবার খাওয়াবো না। কিন্তু আমি নির্বাচিত হলে আমি সেই সব কিছুই করব, যাতে আপনারা দিনের শেষে ন্যায্য বেতন নিয়ে ফিরতে পারেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## সানি হান (Sunny Hahn)

## ২০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (REF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশা:** মানবাধিকার বিশেষজ্ঞ

**শিক্ষাগত যোগ্যতা:** BA, MM

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমি নির্বাচনে অংশগ্রহণ করার জন্য অনেকগুলি সংগঠন থেকে ইস্তফা দিয়েছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** এখানে উল্লেখ করার মত অনেক কিছু আছে। আমার সারা জীবন ধরে আমি যেখানে থাকি সেখানের মানুষের ও কমিউনিটির সেবা করেছি। সর্বশেষে আমি NYC-র কমিশন হিউমান রাইটসে কাজ করেছি ও সেখান থেকে অবসর গ্রহম করেছি, প্রথম ও একমাত্র কোরিয়ান কমিউনিটি সংগঠক হিসাবে, এবং সেনেটর ফ্র্যাঙ্ক পাডাভান-এর কমিউনিটি এইড হিসাবে কাজ করেছি আর আমি কুইন্সের কোরিয়ান অ্যামেরিকান অ্যাসোসিয়েশন-এর পরামর্শদাতা ছিলাম এবং আমার আবাসস্থন ডাউনটাউন ফ্লাশিংয়ের কন্ডোমিনিয়ামে প্রেসিডেন্ট হিসাবে কাজ করেছি। এছাড়াও আমি সাত বছর ফ্লাশিং BID বোর্ড-এ নন-ভোটিং সদস্য হিসাবে কাজ করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 20-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অনিয়ন্ত্রিত উন্নয়ন

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

যৌক্তিক উন্নয়ন যাতে দীর্ঘকালীন সুবিধা পাওয়া যায়, সাধারণ যানবাহন, ফ্লাশি হাইস্কুলের উন্নয়ন, মিউনিসিপাল পার্কিং লট ১-এর কাছে ক্ষুদ্র ব্যবসা সমূহ রক্ষা করা।


**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কারণ আমি সবচেয়ে ভালো ও বুদ্ধিমান। আমরা এমন এক প্রার্থী চাই যে অত্যন্ত সৎ ও উন্নত নৈতিক চরিত্রের অধিকারী, যাতে তিনি ঠিক কাজগুলি করতে পারেন এবং এই ডিস্ট্রিক্টের, কুইন্স ও নিউ ইয়র্ক সিটির জনসাধারণের জন্য ভালো কাজ করতে পারেন। উন্নত নৈতিক চরিত্রের সাথে খুব বুদ্ধিমান হওয়াও প্রয়োজন। বুদ্ধি ছাড়া চাহিদার জটিলতা ও যে ডিস্ট্রিক্টের আপনি প্রতিনিধিত্ব করবেন তার সম্ভাব্য চাহিদাগুলো বোঝা যাবে না।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---



nyc votes
New York City Campaign Finance Board

৫ই নভেম্বর ভোট দেওয়ার পরে, “**I Voted**” স্টিকার-টি অবশ্যই মনে করে পরে থাকবেন! একটি ছবি তুলে **press@nyccfb.info**-তে পাঠিয়ে দিন।

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 21**
জুলিসা ফেরেরাস (Julissa Ferreras) (D)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 22**
কস্টা কস্টানটিনাইডস (Costa Constantinides) (D, WF)
ড্যানিয়েল পি. পিটারসন (Daniel P. Peterson) (R)
ড্যানিয়েল এম. ডি স্টেফানো (Danielle M. De Stefano) (C, I)
লিন সার্প (Lynne Serpe) (G)
জেরি ক্যান (Jerry Kann) (P)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 23**
মার্ক এস. ওয়েপ্রিন (Mark S. Weprin) (D)
জোসেফ আর. কান্কানান (Joseph R. Concannon) (REF)*

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 24**
ররি আই. ল্যান্সম্যান (Rory I. Lancman) (D, WF)
অ্যালেকজান্ডার ব্লিশটেইন (Alexander Blishteyn) (R, C)
মুজিব রহমান (Mujib Rahman) (FV)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 25**
ড্যানিয়েল ড্রম (Daniel Dromm) (D, WF)

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**-এ দেখুন।

## সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 21

### জুলিসা ফেরেরাস (Julissa Ferreras)

**২১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** ডিস্ট্রিক্ট ২১-এর NYC কাউন্সিল সদস্য

**পূর্ববর্তী পেশা:** NYC কাউন্সিল মেম্বারদের সিনিয়র স্টাফ এবং অলাভজনক কার্যনির্বাহক হিসাবে কাজ করেছেন

**শিক্ষাগত যোগ্যতা:** জন বোউনে হাই স্কুল, লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ, মেট্রোপলিটন কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডমিনিকান আমেরিকান ন্যাশনাল রাউন্ড টেবিল এর বোর্ড সদস্য। NAACP-র প্রাক্তন বোর্ড সদস্য, নেইবারহুড হাউসিং সার্ভিসেস, রেনেসাঁস মিউজিক অ্যান্ড স্পোর্টস, এবং এল্মকোর ইয়ুথ অ্যান্ড অ্যাডাল্ট অ্যাক্টিভিটিস, NALEO ইনকর্পোরেশনের বোর্ড সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** আমি ১৪ বছর ধরে কমিউনিটির স্বপক্ষে সওয়াল করে যাচ্ছি, আমি করোনা ইয়ুথ কাউন্সিলে কাজ করেছি এবং তিন বছর ধরে করোনা-ইস্ট এল্মহার্স্ট NAACP ইয়ুথ কাউন্সিলের সভাপতি ছিলাম। করোনাতে কমিউনিটি কনসিলিএশন নেটওয়ার্কের সহকারী পরিচালক হয়েছিলাম, এবং করোনাতে PS ১৯-এর বেকন পরিচালক ছিলাম।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 21-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
নতুন করোনা প্লাজা হল একটা বড় সাফল্য, কিন্তু আরও অনেক নতুন নতুন জনসমাগমের স্থান তৈরী করা প্রয়োজন। রুজভেল্ট অ্যাভেনিউর জন্য যে নতুন চুক্তি হল তার ফলে আবর্জনা তুলে ফেলার ক্ষমতা দ্বিগুণ করে দিয়েছে এবং নতুন নতুন চাকরির সৃষ্টি করেছে, এটা এমন এক সুযোগ যা কিনা সমগ্র কমিউনিটিতে ব্যাপ্ত হওয়া দরকার। আমরা বেতনসহ অসুস্থতা জনিত ছুটি দেবার নীতিতে স্বীকৃতি দিয়েছি, কিন্তু উত্তম শ্রম পরিশীলন গড়ে তোলার জন্য আমাদের আরও কাজ করা দরকার এবং নতুন চাকরির সুযোগ সৃষ্টি করা দরকার। সারা সিটি জুড়ে মহিলা ও মেয়েদের জন্য এখনও আরও উন্নততর সুরক্ষার ব্যবস্থা করা দরকার।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
একজন ভবিষ্যতের মা হিসাবে, ডিস্ট্রিক্টের সব শিশুদের জন্য সর্বোত্তম শিক্ষাদানের ব্যবস্থা করার ব্যাপারে আমার মনোযোগ কেন্দ্রীভূত। আমার কাজ; আমি ইতিমধ্যেই ছয়টা নতুন স্কুল, নতুন শিক্ষক/শিক্ষিকা এবং স্কুলের মধ্যে অতিরিক্ত শিক্ষার্থীদের জন্য স্থান সংকুলানের ব্যবস্থা করেছি। আমাদের সন্তানরা যে ধরনের শিক্ষা পাচ্ছে সেটা অবশ্যই নিউ ইয়র্কের অন্য যে কোন কমিউনিটির মতোই ভালো হতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি প্রদানকৃত সেবার যে ফলাফল অর্জন করতে পারছি তার জন্য আমি গর্বিত, যেমন: রুজভেল্ট অ্যাভেনিউর স্বার্থে একটি নতুন চুক্তি, নতুন স্কুল এবং সরকারি স্কুলে আরও বেশি আসনের ব্যবস্থা, বেতনসহ অসুস্থতা জনিত ছুটি, থামিয়ে তল্লাশি (স্টপ এন্ড ফ্রিস্ক) করার নীতিতে সংস্কার করা, কমিউনিটির সকার খেলার মাঠগুলির পুন সংস্কার করা, যৌন কর্মী পাচার বেআইনি করা, স্বাস্থ্য পরিষেবা পাবার সুযোগের বিস্তার, ক্ষুদ্র ব্যবসায় সমর্থন দান, করোনা প্লাজা নির্মাণ করা, ৮২ তম সড়কের রাষ্ট্রীয় ব্যবসায় উন্নয়ন জেলায় ব্যবসার বিস্তার ও উন্নতি ঘটানো, পয়ঃপ্রণালী থেকে আবর্জনা তুলে ফেলার ক্ষমতার দ্বিগুণ বৃদ্ধি, কমিউনিটির জন্য নতুন নতুন অর্থাগম ও সম্পদ আগমনের ব্যবস্থা করা।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.julissaferreras.org

## সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 22

### কস্টা কস্টানটিনাইডস (Costa Constantinides)

**২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, WF)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ডেপুটি চিফ অফ স্টাফ, NYC কাউন্সিল

**পূর্ববর্তী পেশা:** NYC কাউন্সিলের লেজিসলেটিভ ডিরেক্টর; KB টয় স্টোর-এর স্টোর ম্যানেজার, কুইন্স কলেজের অ্যাডজাংক্ট লেকচারার

**শিক্ষাগত যোগ্যতা:** PS ৮৪, PS ১২২, এবং ব্রায়ান্ট হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন করেছেন। কুইন্স কলেজ থেকে কাম লড গ্র্যাজুয়েশন করেছেন এবং ল-এর ডিগ্রি পেয়েছেন কার্ডোজো ল স্কুল থেকে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট লিডার, ইউনাইটেড কমিউনিটি সিভিক অ্যাসোসিয়েশন, আসগাটা অ্যাসোসিয়েশান, লঙ আইল্যান্ড সিটি অ্যালায়েন্স

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিলের লেজিসলেটিভ ডিরেক্টর

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
পশ্চিম কুইন্সকে উন্নত ও নিরাপদ বানানোর জন্য আমাদেরকে একসাথে কাজ করতে হবে। তার মানে নিরাপদ কমিউনিটি করার জন্য আরও পুলিশ অফিসার এবং দমকল কর্মী নিয়োগ করতে হবে এবং মাউন্ট সিনাই হাসপাতালকে সম্প্রসারণ করে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা করা। সরকারী স্কুলের অতিরিক্ত ভিড় কমানো এবং গণপরিবহনের সংখ্যা বাড়ানো। আপনাদের সিটি কাউন্সিলের সদস্য হিসাবে আমি প্রতিদিন পশ্চিম কুইন্সের জনসাধারণের জন্য লড়াই করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
একজন পিতা হিসাবে, আমি আমাদের কমিউনিটির পরিবেশ উন্নত করার কথা ভাবি। আমি চেষ্টা করব নোংরা পাওয়ার প্লান্টগুলির বায়ু দূষণ হ্রাস করতে এবং হাইড্রোফ্র্যাকিং থেকে আমাদের খাবার পানি সংরক্ষণ করতে। পশ্চিম কুইন্সের সবুজ স্থানগুলোর আরও উন্নতি ও সম্প্রসারণের জন্য আমি কাজ করব যাব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি এই এলাকাতেই বড় হয়েছি, এবং এর প্রতিটি অংশে আমার জীবনের বিভিন্ন ঘটনা জড়িয়ে রয়েছে। এখন আমি নিজের পরিবার নিয়ে এখানে রয়েছি, আমি এই নেইবারহুডকে সিটির মধ্যে শ্রেষ্ঠ এলাকা হিসাবে নিশ্চিত করতে চাই। একজন জেলা স্তরের নেতা হিসাবে, আমি গ্র্যান্ড এভিনিউ পোস্ট অফিসকে রক্ষা করতে সাহায্য করেছি, যান চলাচলের নিরাপত্তা উন্নতি করেছি এবং মূল্যবান স্কুল ও শিক্ষাব্যবস্থাকে সুরক্ষিত করেছি। UCCA-র সদস্য হিসাবে, আমি কাজ করেছি দায়িত্বশীল উন্নয়নের জন্য এবং আমাদের পরিবেশ ও উন্নত জীবিকাকে সুরক্ষিত রাখতে। সিটির কাউন্সিল কর্মী হিসাবে আমি আইনসভায় বায়ু দূষণ নিরোধ আইন পাশ করিয়েছি, যাতে বায়ু দূষণ কমানো যায় এবং আমাদের খাবার পানির মান উন্নত করা যায়। আপনাদের সিটি কাউন্সিল সদস্য হিসাবে, আমার সেই অভিজ্ঞতা ও প্রমাণিত নেতৃত্বগুণ আছে যাতে আমি প্রতিদিনই উন্নত ও নিরাপদ কমিউনিটির জন্য সংগ্রাম করতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.votecosta.com | costaforastoria | votecosta

## ড্যানিয়েল পি. পিটারসন (Daniel P. Peterson)
## ২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (R)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** টাইমস ইকুইটিস, ইনকর্পোরেশনের অধীনে রিয়্যাল এস্টেট লিজ এডমিনিস্ট্রেটর।

**পূর্ববর্তী পেশা:** PVC/ST তে আবাসিক এবং বাণিজ্যিক হিসাবরক্ষক, TVT রেকর্ডস্-এ মেইল অর্ডার এবং প্রত্যক্ষ বিপণন, ক্রসওয়াকস টি.ভি. (NYC TV-র পূর্ববর্তী নাম)-তে ১৯৯২ সালের গণতান্ত্রিক জাতীয় সম্মেলন উপলক্ষে অনুষ্ঠিত প্রোগ্রামগুলিতে শিক্ষানবিস, খুচরা ও খাবার পরিষেবা।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাসোসিয়েটস ডিগ্রী, কুইন্স ব্যুরো কমিউনিটি কলেজ, রেডিয়ো/টি.ভি. ব্রডকাস্টিং সার্টিফিকেট, সেন্টার ফর দ্যা মিডিয়া আর্টস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুইনস রিপাবলিকান পার্টি, অ্যাস্টোরিয়ার ফ্রাংক কেনা রিপাবলিকান ক্লাব, নিউ ইয়র্ক ইয়াং রিপাবলিকান ক্লাব।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অ্যাস্টোরিয়া এবং সমস্ত নিউ ইয়র্কের ক্ষেত্রে জনসাধারণের নিরাপত্তার বিষয়টা সবচেয়ে বড়ো বিষয় হয়েই আছে। কাউন্সিল সদস্য হিসাবে আমি জনসাধারণের নিরাপত্তার বিষয়কে এক নম্বর উদ্বেগের কারণ হিসাবে তুলে ধরব, কারণ এটা আমরা যেখানে থাকি, যেভাবে থাকি, আমাদের ব্যবসা এবং জনসমাগমের স্থানগুলিকে এবং প্রতিদিনের জীবনধারণের মান সম্পর্কিত সমস্যাকে প্রভাবিত করে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অন্যান্য যে সব সমস্যা আমাকে উদ্বিগ্ন করে সেগুলি হল জীবন ধারণের মান সংক্রান্ত বিষয়সমূহ, পার্ক ও জনসমাগমের জন্য উন্মুক্ত স্থানসমূহ, যানবাহনের বিভিন্ন ধরণ এবং গণপরিবহনের বিষয়সমূহ, মাউন্ট সিনাই হাসপাতাল এবং তার প্রস্তাবিত সম্প্রসারণ, যে সব নিয়ম ও কর স্থানীয় ব্যবসার ক্ষতি করে, অঞ্চল ভাগাভাগি এবং বাড়ি করার মত জায়গা পাওয়া সংক্রান্ত সমস্যাসমূহ, শিক্ষা, আপদকালীন প্রস্তুতি এবং অবশ্যই আমাদের সিটির বর্তমান কর কাঠামো এবং সরকারি এজেন্সিগুলির অপ্রয়োজনীয় বৃদ্ধি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**


দুটি কারণ: আমি কোন পেশাদার রাজনীতিবিদ নই এবং আমি কোন আইনজীবী নই। আমি একজন বহিরাগত। আমি বরং অনেকটা সাধারণ ভোটদাতাদের মতই যারা এমন সব সমস্যা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়ে যা আমাকে দৈনন্দিন ভিত্তিতে ক্ষতিগ্রস্ত করে। আমি আমার কঠিন আর্থিক সময়ের মধ্যে দিয়ে গেছি এবং ব্যক্তিগত ভাবে নিজের স্কুলের খরচ চালিয়ে এসেছি ষোল বছর বয়স থেকে। আমি বুঝি যে আমরা যে অর্থ নিয়ে নাড়াচাড়া করি সেসব হল আপনাদের টাকা, আমাদের নিজেদের নয় যে যেমন খুশি তাই করব, তাই প্রতিটি প্রচেষ্টা এমন হতে হবে যেন এটা নিশ্চিত করা যায় সেটা স্বচ্ছ ভাবে কমিউনিটির মতামত নিয়ে এবং সচেতন করে করা হচ্ছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.peterson2013.com | Dpeterson2013 | Dpeterson2013

---

## ড্যানিয়েল এম. ডি স্টেফানো (Danielle M. De Stefano)
## ২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (C, I)



**যে রাজনৈতিক দলভুক্ত:** স্বতন্ত্র

**বর্তমান পেশা:** মনসিনিয়র ম্যাকক্ল্যান্সি মেমোরিয়াল হাই স্কুল, এল্মহার্স্ট-এ হেড ভলিবল কোচ।

**পূর্ববর্তী পেশা:** সেন্ট জন্স প্রিপ্যারেটরি হাই স্কুল, অ্যাস্টোরিয়া-তে ভলিবল ও সফটবল কোচ। কোচিং ও স্টুডেন্ট অ্যাথলিটদের প্রশিক্ষণের আগে তিনি নিউ ইয়র্ক মেটস এন্টারটেনিমেন্ট ডিভিশন-এ কাজ করতেন।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট ফ্রান্সিস কলেজ, BS বিজনেস ম্যানেজমেন্ট, সেন্ট জনস প্রিপ্যারেটরি হাই স্কুল, নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস ডিপ্লোমা

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ক্যাথলিক ইউথ অর্গানাইজেশন, স্টুডেন্ট লিডারশিপ টিম

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি-তে স্বেচ্ছাসেবক হিসাবে ২০ বছর কাজ করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ডিস্ট্রিক্ট ২২-এ জনসাধারণের নিরাপত্তা সবসময়েই অগ্রাধিকার পেয়ে এসেছে এবং যার কোন পরিবর্তন হবে না। আমাদের শিশুদের নিরাপদ রাখতে হবে, আমার মতে বিশেষ করে শিশুদের স্কুলে যাওয়া ও আসার পথে, কারণ আমার নিজেরও তিনটি সন্তান আছে। কমিউনিটির প্রয়োজন নিরাপদ সড়ক ও উন্নত জীবনে ইস্যুগুলোর সমাধান হওয়া।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি আমার কমিউনিটির সেবা করব বৃদ্ধদের জন্য সাধ্যের মধ্যে আবাসনের সুযোগ বাড়িয়ে, আমাদের এলাকায় ওয়ার্ক-স্টাডি প্রোগ্রামে উৎসাহ দিয়ে এবং সিটির অপচয় রোধ করে বাড়ির মালিকদের উপর থেকে ট্যাক্স হ্রাস করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

একজন চতুর্থ প্রজন্মের অ্যাস্টোরিয়ান হিসাবে আমি জানি আমাদের কমিউনিটির জন্য কোনটির প্রয়োজন আর কোনটা প্রয়োজন নয়। আমি আমার নেবারহুড ও তার বৈচিত্রময় বাসিন্দাদের জন্য খুবই গর্বিত। আমাদের বাড়ি সুন্দর, নিরাপদ ও সমৃদ্ধশালী রাখার জন্য আমি সবসময়ে লড়াই করে যাব। আমি আমার জীবনের ২০ বছরেরও বেশি সময় নিবেদিত করেছি অ্যাস্টোরিয়া, লং আইল্যান্ড ও জ্যাকসন হাইটস-এর যুবকদের উন্নতি করতে। আমি স্বেচ্ছাসেবীর হিসাবে মাঝে মাঝে প্রতি সপ্তাহে অনেক ঘন্টা ব্যয় করেছি, যা পূর্ণ কালীন চাকরির থেকেও বেশি। আপনাদের কাউন্সিল সদস্য হিসাবে, আমার লক্ষ্য হল সরকারী পদে কাজ করে আমার নিজস্ব এলাকাকে আরও বেশি সহায়তা করা। নির্বাচনে অংশগ্রহণ করার সিদ্ধান্তটি আমার ভালোবাসার কমিউনিটির প্রতি দায়বদ্ধতাকেই প্রতিফলিত করছে। ডিস্ট্রিক্ট ২২-কে সেবা করার সুযোগ, আমার কাছে সবচেয়ে বড় সম্মানে বিষয় হবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.votefordani.com | DanielleforCouncil | VoteforDani

---

## লিন সার্প (Lynne Serpe)
## ২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (G)



**যে রাজনৈতিক দলভুক্ত:** গ্রীন পার্টি

**বর্তমান পেশা:** কুইন্স লাইব্রেরিতে গ্রিনিং লাইব্রেরিজ কনসালটেন্ট

**পূর্ববর্তী পেশা:** ইলেকশান অ্যাডমিনিস্ট্রেটর; নিউ আমেরিকান ফাউন্ডেশান-এ রাজনৈতিক সংস্কার প্রোগ্রাম-এ ডেপুটি ডিরেক্টর

**শিক্ষাগত যোগ্যতা:** সরকার বিষয়ে ব্যাচেলার্স ডিগ্রি, ডার্টমাউথ কলেজ থেকে

**সাংগঠনিক সম্পৃক্ততা:** টু কোভস কমিউনিটি গার্ডেন, ট্রান্সপোর্টেশান অলটার্নেটিভস কুইন্স কমিটি, অ্যাস্টোরিয়া পার্ক অ্যালায়েন্স

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

টেকসই উন্নয়ন উন্নত ওয়াটার ফ্রন্ট অ্যাক্সেস খুবই ভালো, কিন্তু আমাদের কিছু শিল্পের এলাকা ধরে রাখা উচিত এবং গ্রিন ম্যানুফ্যাকচারিং কাজের জন্য বিনিয়োগ করা উচিত। ইষ্ট নদীর ধারে নতুন দুটো প্রকল্পের কাজ ১১০০০ নতুন বাসস্থান সৃষ্টি করবে। এই প্রকল্পগুলি আমাদের স্কুলেগুলোয় অতিরিক্ত ভিড়, হাসপাতাল সমূহ, যাতায়াত ব্যবস্থা, পয়নিষ্কাসন এবং বিদ্যুত ব্যবস্থার সমস্যাগুলিকে উল্লেখ করতে হবে। একটি বহুমুখী -কাজের, কয়েক-প্রজন্মের কমিউনিটি সেন্টার সবার প্রয়োজনীয় শিক্ষা এবং বিনোদনের সুযোগ দেবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

হাঁপানি, ডায়াবিটিস এবং মোটা হয়ে যাওয়া বেড়েই চলেছে, এবং আমাদের সিটি এখনও হারিকেন স্যান্ডির প্রভাব কাটিয়ে উঠতে পারেনি। আমাদের স্বাস্থ্যকর খাওয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং বাস এবং সাইকেলের নেটওয়ার্ক বাড়াতে হবে। খালি জায়গায় রেন গার্ডেন করলে ঝড়-বৃষ্টির জল জমার সমস্যা থেকে রক্ষা পাওয়া যাবে এবং সবুজ জায়গাও বৃদ্ধি পাবে। আমাদের বিল্ডিংগুলির এনার্জি এফিশিয়েন্সি বাড়ালে আমরা আরও সঞ্চয় করতে পারব, এলাকার বাতাসের মান বাড়বে এবং ভালো গ্রিন কাজ সৃষ্টি হবে, ফলে যা আর বিদেশ থেকে করাতে হবে না।

গ্রন্থাগার, সিনিয়র সেন্টার, এবং আফটার স্কুল প্রোগ্রামগুলি যথাযথভাবে অর্থ দিয়ে চালাতে হবে, এবং আমাদের পার্কগুলির নির্ধারিত রাজস্ব আয়ের খুব প্রয়োজন। রিসাইকেল করা বাড়ানো, পুনর্ব্যবহার এবং কমপোস্টিং প্রোগ্রাম অনেক অর্থ বাঁচাতে সাহায্য করবে। সবশেষে, আমাদের নিজেদের ইলেকশন ব্যবস্থা উন্নত করা দরকার, যাতে অংশগ্রহণের বাধাগুলি অতিক্রম করা যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি একজন স্বাধীন কমিউনিটি সংগঠক, যার প্রশাসনের কাজ করার অভিজ্ঞতা রয়েছে। আমি পরিচ্ছন্ন, সবুজ নেবারহুডের এবং ক্ষুদ্র ব্যবসায়ের উন্নত করার জন্য কাজ করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.serpeforcouncil.org | VoteLynneSerpe | VoteLynneSerpe



## জেরি ক্যান (Jerry Kann)

### ২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (P)

**যে রাজনৈতিক দলভুক্ত:** পপুলিস্ট

**বর্তমান পেশা:** প্রুফরিডার/কপি এডিটর (স্বাধীন কন্ট্র্যাক্টর) কুরিয়ার (থান্ডারবল কুরিয়ার সিস্টেমস) টুরিস্ট গ্রিটার (অ্যালায়েন্স ফর ডাউন-টাউন নিউ ইয়র্ক)

**পূর্ববর্তী পেশা:** এডমিন অ্যাসিস্ট (চিল্ড্রেনস এইড সোসাইটি)

**শিক্ষাগত যোগ্যতা:** ইংরেজী সাহিত্যে – BA ক্লিভল্যান্ড স্টেট ইউনিভার্সিটি ক্লিভল্যান্ড, ওহায়ও ডিসেঃ ১৯৮৫ M.A পরীক্ষার্থী ও টিচিং অ্যাসিস্ট, ইংরেজী সাহিত্য, কেস ওয়েস্টার্ন রিজার্ভ ইউনিভার্সিটি, ক্লিভল্যান্ড, ওহায়ও ১৯৮৬-৮৭

**সাংগঠনিক সম্পৃক্ততা:** অকুপাই অ্যাস্টোরিয়া/LIC অকুপাই ওয়াল স্ট্রিট (আউটরিচ অ্যান্ড অল্টার্নেটিভ ব্যাংকিং ওয়ার্কিং গ্রুপস)

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ম্যানহ্যাটানে গ্রীন পার্টি অফিসে ট্রেজারার, ২০০৪ থেকে এখনা পর্যন্ত স্টেট কমিটির সদস্য, গ্রীন পার্টি অফ নিউ ইয়র্ক স্টেট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

বর্তমানে নিউ ইয়র্ক সিটির খুব বড় সমস্যা হল, খুব ধনী মানুষদের এত ক্ষমতা আছে যে তারা কার্যত আইনের ঊর্ধে উঠে গেছে। এটি গণতন্ত্রের জন্য একটি বিপর্যয় এবং এই সম্পর্কে আমাদের কিছু করা উচিত। দু বছর আগে ২০০৯ সালে, মেয়র প্রার্থী মাইকেল ব্লুমবার্গের বিরুদ্ধে আমি অভিযোগ দায়ের করি। দেখা গেছে যে, ২০০৯ সালে অক্টোবরে, মেয়র নির্বাচনের সময়ে একদিনের নির্বাচনী কার্যক্রমে তিনি ১.২ মিলিয়ন ডলারের একটি ব্যয়ের প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়েছেন। ক্যাম্পেইন ফাইনান্স অ্যাক্টে আছে যে, নির্বাচনের আগে এই ব্যয়ের রিপোর্ট দিতে ব্যর্থতার ফলে আইন লঙ্ঘিত হয়। গত বছর, ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের চার সদস্যের একজন, এই অভিযোগটির তদন্ত অব্যাহত রাখার পক্ষে ভোট দেন। এটি শুধুমাত্র একটি উদাহরণ যেখানে নির্বাচিত প্রতিনিধিরা প্রকাশ্যে আইনভঙ্গ করে, পার পেয়ে যাচ্ছেন। আমি যদি নির্বাচিত হই তবে আমার ক্ষমতামতো সব কিছু করব যাতে ওই অন্যায় রোধ করে সবকিছুর পরিবর্তন করা যায়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি কমিউনিটি সেফটি অ্যাক্ট-এর চারটি বিল সমর্থন করি। পুলিশ অফিসারদের সন্দেহভাজনদের আটক এবং তল্লাশি প্রয়োজন, যখন তাদের বিশ্বাস করার সম্ভাব্য কারণ থাকবে যে, একটি অপরাধ সংগঠিত হয়েছে। কিন্তু বর্তমানে স্টপ এন্ড ফ্রিস্ক নীতি নিম্ন-আয়ের নেবারহুডের নিউ ইয়র্কবাসীর জন্য ব্যবহৃত হচ্ছে মূলত বর্ণবাদী ও বৈষম্যমূলকভাবে এবং এটি অবশ্যই বন্ধ করতে হবে। আমি দীর্ঘদিন ধরে আমাদের কমিউনিটি বোর্ডের সদস্যদের জন্য নির্বাচন এবং রেন্ট গাইডলাইন্স বোর্ড-এ ভাড়াটেদের প্রতিনিধি সংখ্যা বৃদ্ধি করতে দাবী জানিয়ে এসেছি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই সিটির বিরাট পরিবর্তন প্রয়োজন। এই সিটির অনেক বেশি গণতান্ত্রিক হওয়া প্রয়োজন। অন্য প্রার্থীর থেকে আমি এই ক্ষেত্রে আরও অনেক বেশি করতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

# সাধারণ নির্বাচন । সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 23



## মার্ক এস. ওয়েপ্রিন (Mark S. Weprin)

### ২৩তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)

**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** ২৩তম ডিস্ট্রিক্ট-এর সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশা:** ২৪তম ডিস্ট্রিক্ট-এর অ্যাসেম্বলি সদস্য

**শিক্ষাগত যোগ্যতা:** SUNY আলবানি থেকে কমিউনিকেশনস ডিগ্রী, ব্রুকলিন ল স্কুল থেকে আইনের ডিগ্রী

**সাংগঠনিক সম্পৃক্ততা:** এলিনর রুজভেল্ট ক্লাবের ডিস্ট্রিক্ট নেতৃত্ব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সংখ্যাগরিষ্ঠদের সম্মেলনে প্রাক্তন সম্পাদক, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য, এ.ডি. 24এর ডিস্ট্রিক্ট নেতৃত্ব

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 23-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার সর্বোচ্চ অগ্রধিকারগুলোর মধ্যে আছে নিউইয়র্ক সিটির সব বাচ্চাদের জন্য উন্নত-মানের শিক্ষা এবং এটা নিশ্চিত করা যেন শিক্ষা বিভাগের মধ্যে অভিভাবকরা তাদের সন্তানদের শিক্ষার সম্পর্কে আলোচনায় অন্তর্ভুক্ত হন। আমাদের সন্তানদের শিক্ষাকে মান নির্ধারণ পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার মধ্যে সীমাবদ্ধ করার বদলে তাদের প্রকৃত শিক্ষার দিকে আমাদের মনোনিবেশ করা দরকার।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমার মতে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলির মধ্যে আছে উন্মুক্ত প্রশাসন, যেখানে জনসাধারণ এবং নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে মতামত বিনিময়ের সুযোগ সৃষ্টি হবে। আমি কমিউনিটি এবং তার নেতাদের মধ্যে আলাপচারিতার ব্যবস্থা করার দায়িত্ব নেব। আমি এমন কিছু কর্মসূচি চালিয়ে যাব যেমন অংশগ্রহণমূলক পদ্ধতিতে বাজেট তৈরি, যেখানে কমিউনিটিকে সিটি বাজেটের অর্থানুকূল্যে নেওয়া স্থানীয় পূঁজি খরচের প্রকল্পগুলিতে নিজেদের পছন্দ জাহির করতে দেওয়া হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার ১৯ বছরের ষ্টেট ও স্থানীয় সরকারী কাজে আমি যে পরিষেবা দিয়েছি তার জন্য আমি গর্বিত, এবং আমি সর্বদাই দেশের মধ্যে অন্যতম সবচেয়ে বেশী বৈচিত্র্যময় একটা ডিসট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পেরে সম্মানিত বোধ করেছি। আমি আমার পদকে ব্যবহার করে বিভিন্ন কমিউনিটির মধ্যে দূরত্ব কমানোর কাজ করে যাব এবং ২৩তম ডিসট্রিক্টকে সিটির মধ্যে অন্যতম শ্রেষ্ঠ শক্তিশালী করে গড়ে তুলব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

mark.weprin | MarkWeprin

# সাধারণ নির্বাচন । সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 24



## ররি আই. ল্যান্সম্যান (Rory I. Lancman)

### ২৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, WF)

**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য, ২০০৭-২০১২ (চেয়ার, ওয়ার্কপ্লেস সেফটি সাবকমিটি)

**শিক্ষাগত যোগ্যতা:** কুইন্স পাবলিক স্কুল; কুইনস কলেজ (BA); কলোম্বিয়া ল স্কুল (JD)

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুইন্স জিউইশ কমিউনিটি কাউন্সিল (বোর্ড সদস্য); ফ্লাশিং হাইটস সিভিক অ্যাসোসিয়েশন (ভাইস প্রেসিডেন্ট); ব্র্যান্ডেইস বার অ্যাসোসিয়েশান (বোর্ড সদস্য); NYC ট্রায়াল লয়ার্স অ্যাসোসিয়েশান (বোর্ড সদস্য); কাউন্সিল অন ফরেন রিলেশান্স, স্টেট অ্যান্ড লোকাল অফিশিয়ালস ইনিশিয়েটিভ; কাউন্সিল অফ স্টেট গভার্নমেন্টস (ফেলো); অউবার্নডেল সকার (ভলেনটিয়ার কোচ)

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYS অ্যাসেম্বলি সদস্য; কমিউনিটি বোর্ড ৮, কুইন্স (সদস্য); কুইন্স হসপিটাল সেন্টার কমিউনিটি অ্যাডভাইসারি বোর্ড (চেয়ার); সিভিল কোর্ট স্মল ক্লেইমস আর্বিট্রেটার; ইনফ্যান্ট্রি অফিসার, ৪২তম ইনফ্যান্ট্রি ডিভিশন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৪ এবং সমগ্র নিউ ইয়র্ক সিটির মধ্যবিত্ত পরিবারদের সুরক্ষিত রাখা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। একটি বাড়ি কেনা বা ভাড়া নিয়ে থাকার খরচ বেড়েই চলেছে, কলেজে শিক্ষাও ক্রমশ সাধ্যের বাইরে চলে যাচ্ছে এবং সাধারণ মানুষ বিরুদ্ধেই যেন সব কিছু চলছে। যখনই আমাদের প্রবক্তার প্রয়োজন হয়েছে, অথনই আমি ছিলাম -- একজন উকিল হিসেবে, কমিউনিটির নেতা হিসাবে এবং একজন অ্যাসেম্বলিম্যান হিসাবেও -- এবং সিটি কাউন্সিলেও যাতে প্রতিটি পরিবারই সাফল্যের জন্য সমান সুযোগ লাভ করতে পারে তার জন্য আমি লড়াই চালিয়ে যাব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

একটি ভালো নেবারহুড তৈরি শুরু হয় আমাদের সন্তানদের জন্য প্রতিটি স্কুলে ভালো মানের শিক্ষা দিয়ে। কথাও কিছু গলদ আছে যখন নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের অধিকাংশ গ্র্যাজুয়েটদের কলেজে যাওয়ার আগে সংশোধনমূলক ক্লাসের দরকার হয় এবং যখন অভিভাবকদের বেছে নিতে হয় তাদের মর্টগেজ পরিশোধ করার এবং তাদের ধর্মের বিশ্বাসে বজায় রাখার মধ্যে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই সিটি একটা বড় ধরনের প্রতিকূল অবস্থার সম্মুখীন হবে যখন আগামী বছরে পুরো প্রশাসনই নতুন নির্বাচিত হবে -- মানে একজন নতুন মেয়র, কম্পট্রোলার, পাবলিক অ্যাডভোকেট, এবং প্রায় অর্ধেক সিটি কাউন্সিল। আমাদের প্রয়োজন অভিজ্ঞ, পরীক্ষিত নেতা, যে আমাদের কমিউনিটির জন্য লড়াই করবে। আমার সরকারী পদে কাজ করার পূর্বের অভিজ্ঞতা এবং কৃতিত্বের রেকর্ড দ্বারা, আমি জানি যে আমি এই কাজগুলি করতে পারব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.rorylancman.com | rory.lancman | RoryLancman | www.linkedin.com/pub/rory-lancman/62/6aa/81

## অ্যালেকজান্ডার ব্লিশটেইন (Alexander Blishteyn)

### ২৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (R, C)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশা:** আইন প্র্যাক্টিসে ঢোকার আগে, আমি কাজ করেছি বারটেন্ডার, কম্পিউটার কনসালটেন্ট, কাস্টমার সার্ভিস রিপ্রেজেন্টেটিভ, ফার্মাসি ফটো ল্যাব টেকনিশিয়ান, অ্যামিউজমেন্ট পার্কের পেইন্টবল অপারেটার, সুপারমার্কেট ক্যাশিয়ার এবং ১৪ বছর বয়সে সুপারমার্কেট গ্রোসারি ব্যাগার হিসাবে কাজ করেছি। এই এত বছর এবং এতগুলি চাকরির পরেও আমার কাজ করার কঠিন পরিশ্রম ও দায়বদ্ধতা একটুও কমেনি, যা সিটি কাউন্সিলেও বজায় থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মায়ামি বিশ্ববিদ্যালয়, স্কুল অফ ল; নিউ ইয়র্ট স্টেট ইউনিভার্সিটি, জেনেসো, টাউনসেন্ড হ্যারিস হাই স্কুল, রায়ান JHS, IS ১৪৫ এবং PS ৬৯।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুইন্স কাউন্টি বার অ্যাসোসিয়েশান

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** N/A

AB4NYC.org | AB4NYC | AB4NYC

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের এমন একটি শিক্ষা ব্যবস্থা চাই যেটা এই ডিস্ট্রিক্টের মানুষের প্রয়োজনীয়তা পূরণ করবে, এবং যা অভিভাবকদের প্রদান করবে অনেকগুলি বিকল্প যে, কোথায় তাঁরা তাঁদের সন্তানদের পড়তে পাঠাবেন। একটি সম্পূর্ণ ভাউচার ব্যবস্থার মাধ্যমে, অথবা নিউ ইয়র্ক সিটির ট্যাক্স ক্রেডিট প্রদানের মাধ্যমে অভিভাবকরা তাদের সন্তানদের তাদের পছন্দমতো স্বীকৃত স্কুলে পাঠাতে পারবেন, যাতে সরকারী স্কুলে যাঁরা তাদের সন্তানদের পড়তে পাঠান তারা তাদের ট্যাক্সের সমমূল্য পেয়ে যান।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের সিটিতে ক্ষুদ্র ব্যবসায়ীদের উপর চাপানো ট্যাক্স এবং বিধির বোঝা কমাতে হবে, যাতে তারা আরও কর্মী নিয়োগ করে আমাদের বেকারত্বের হার কমাতে পারে। ডিস্ট্রিক্ট ২৪ সহ সারা নিউ ইয়র্ক আমাদের জীবনের মান, জনগণের সুরক্ষা এবং সিনিয়ার পরিষেবা উন্নত করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমাকে যা "শ্রেষ্ঠ প্রার্থী" করে, তা হল আমি একজন নাগরিক প্রার্থী। বিগত ২৩ বছর ধরে এই এলাকার বাসিন্দা, এখানকার স্থানীয় সরকারী স্কুলের ছাত্র, ব্যবসার পৃষ্ঠপোষক, একজন বাড়ির মালিক এবং সেপ্টেম্বর ২০১৩ থেকে সরকারী স্কুলে পড়া দুই সন্তানের অভিভাবক হিসাবে এই ডিসট্রিক্ট ও পুরো সিটির উন্নয়নে আমার একান্ত ব্যক্তিগত স্বার্থ রয়েছে। একজন নাগরিক প্রার্থী হিসাবে, পার্টির সমর্থন না পাওয়ার জন্য বা কোনো উচ্চ পদ না পাওয়ার জন্য একটি সান্ত্বনা পুরষ্কার বা কোনো কিছুর আশায় আমি সিটি কাউন্সিলের নির্বাচন করছি না। আমি সিটি কাউন্সিলের নির্বাচনে অংশ নিচ্ছি কারণ আমাদের প্রয়োজন **আমাদের** কমিউনিটির মধ্যে থেকে **আমাদের** স্বার্থ এবং বিশ্বাসকে প্রতিনিধিত্ব করা একজন ব্যক্তিকে, যে **আমাদের** নেবারহুডের কন্ঠ পৌঁছে দেবে **আমাদের** সিটির প্রশাসনের কাছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## মুজিব রহমান (Mujib Rahman)

### ২৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (FV)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** স্বনিয়োজিত

**পূর্ববর্তী পেশা:** শিক্ষক

**শিক্ষাগত যোগ্যতা:** CUNY গ্র্যাজুয়েট

**সাংগঠনিক সম্পৃক্ততা:** অনেক কিছু উল্লেখ করার মত

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি অ্যাকটিভিস্ট এবং সংগঠক

www.rahmanforqueens.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের পরিবার এবং মূল্যবোধকে সুরক্ষিত রাখার জন্য আমি লড়াই করব।

সিটির আবর্জনা কমানো এবং কর হ্রাস করা

কর্ম সংস্থান সৃষ্টি করা এবং স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করা

আমাদের বৃদ্ধ নাগরিকদের সুরক্ষিত রাখা

MTA ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে লড়ব

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের পারিবারিক মূল্যবোধ ও বিশ্বাস ভাগ করে নেওয়া

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**


আমি প্রকিতপক্ষেই সবার জন্য লড়াই করি
এবং আমি একজন প্রমাণিত কমিউনিটি অ্যাকটিভিস্ট এবং সংগঠক

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

# সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 25

## ড্যানিয়েল ড্রম (Daniel Dromm)

### ২৫তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল - ডিস্ট্রিক্ট ২৫-এর সদস্য

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক সিটি সরকারী স্কুল শিক্ষক – ২৫ বছর ধরে কুইন্স এলিমেন্টারি স্কুলে কর্মরত।

**শিক্ষাগত যোগ্যতা:** বিএ- জার্নালিজম, মেরিস্ট; এমএ - এডুকেশন, CUNY - সিটি কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** NYC কাউন্সিল প্রোগ্রেসিভ ককাস, 115তম প্রেসিঙ্কট কাউন্সিল

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট লিডার, কমিউনিটি অর্গানাইজার এবং মানবাধিকার কর্মী।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 25-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আবার নির্বাচিত হলে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে বিষয়টি আমি সমাধান করতে চাইব সেটি হল সরকারী শিক্ষা ব্যবস্থায় উন্নতি। একটি দৃঢ় সরকারী স্কুল ব্যবস্থা ক্রমবর্ধমান মধ্যবিত্ত শ্রেণীর জন্য গুরুত্বপূর্ণ বিশেষ করে নিউ ইয়র্ক সিটির ভবিষ্যত প্রজন্মের জন্য। আমাদের স্কুলগুলিকে উন্নত করতে, আমাদের জোর দিতে হবে আমাদের জানা সেই বিষয়গুলোর উপর যা কাজ করে থাকে - ক্লাসের আয়তন ছোটো করা, স্কুলে অতিরিক্ত শিক্ষার্থী সংখ্যা কমানো, স্কুলে অভিভাবকদের জড়িত করার জন্য উৎসাহিত করা, শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণ বাড়ানো ও তাদের ধরে রাখা এবং প্রতিকূল পরিবেশ থেকে আসা শিশুদের প্রধান সামাজিক প্রতিবন্ধকতা মোকাবিলা করার জন্য দারিদ্র্য বিমোচন কর্মসূচীর উন্নয়ন করা। সিটি কাউন্সিলে আমার প্রথম সময়কালে সরকারী শিক্ষা ব্যবস্থাকে উন্নতি করতে যে কাজ করেছি, তা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি আবার নির্বাচন করছি।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

কমিউনিটি (এলাকা) সমূহের প্রতিনিধিত্ব আমি করি - জ্যাকসন হাইটস, এল্মহার্স্ট এবং ইস্ট এল্মহার্স্ট - সেখানে অনেকগুলি বিভিন্ন ও জরুরি প্রয়োজন আছে। আমাদের নেবারহুডের (পাড়ার) সবচয়ে বেশি প্রয়োজন খোলা জায়গা বাড়ানো, সাধ্যের মধ্যে প্রাথমিক স্বাস্থ্য সেবার উন্নতি করা, শ্রমিকদের অধিকার সুরক্ষিত করা, এবং বয়স্করা অবসর জীবনে তাদের চাহিদামত প্রয়োজনীয় সেবা ও সহযোগিতা পাওয়া নিশ্চিত করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

সিটি কাউন্সিলে আমার প্রথম ৪ বছরে, আমি খোলা জায়গা বাড়াতে, অর্থনৈতিক উন্নতি উৎসাহিত করতে, পুরো কমিউনিটিতে সরকারী স্কুলে কয়েকশো সিট বাড়াতে, মানবাধিকার বিষয়ে আওয়াজ তুলতে পেরেছিলাম, এবং আমি অভিবাসী কমিউনিটির দৃঢ় সমর্থক ছিলাম। আমার রেকর্ড থেকে দেখা যাবে যে আমি আমাদের নেবারহুডে (পাড়ায়) একজন সক্রিয় প্রবক্তা হিসাবে কাজ করেছি। আমি জানি এখনও আমাদের আরও অনেক কাজ করতে হবে। আমি আশা করব যে আপনারা আমাকে আরও ৪ বছরের জন্য সুযোগ দেবেন যাতে আরও বেশি উন্নতি ও অগ্রগতি আপনাদের এনে দিতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.danieldromm.com

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 26**
জেমস ভ্যাম ব্র্যামার (James Van Bramer) (D, WF)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 27**
আই. দানিক মিলার (I. Daneek Miller) (D†, WF)
ক্লাইড ভ্যানেল (Clyde Vanel) (D†)
সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden) (I)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 28**
রুবেন উইলস (Ruben Wills) (D)
মিরাইল পি. লীরোয় (Mireille P. Leroy) (U)*

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 29**
ক্যারেন কসলোউইত্জ (Karen Koslowitz) (D, WF)
জন টোরোড্যাশ (Jon Torodash) (CV)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 30**
এলিজাবেথ এস. ক্রলি (Elizabeth S. Crowley) (D, WF)
ক্রেইগ এন. কারুয়ানা (Craig N. Caruana) (R, C)

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্ত করার জন্য তাঁদের সম্পূর্ণ প্রফাইল প্রদান করেন নাই, কিন্তু অনলাইন গাইডের তাঁরা সামাজিক মিডিয়া লিঙ্ক এবং ওয়েবসাইড তথ্য দিয়েছেন; **www.nyccfb.info/voterguide**-এ দেখুন।

†ডেমোক্রেটিক প্রাইমারী প্রতিদ্বন্দ্বিতা প্রেসের জন্য খুবই কাছে ছিল। হালনাগাদ ফলাফলের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**।

## সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 26

### জেমস ভ্যাম ব্র্যামার (James Van Bramer)

**২৬তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য, ২৬তম ডিস্ট্রিক্ট

**পূর্ববর্তী পেশা:** ডিরেক্টর অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্স, কুইন্স পাবলিক লাইব্রেরি

**শিক্ষাগত যোগ্যতা:** BA, সেন্ট জন্স ইউনিভার্সিটি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রযোজ্য নয়

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** বর্তমানে নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য – ২৬তম ডিস্ট্রিক্টের।

www.jimmyvanbramer.com | jimmyvanbramer | jimmyvanbramer

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 26-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের সিটির প্রাণ সঞ্চালক স্বরূপ বিভিন্ন লাইব্রেরি ও সাংস্কৃতিক সংগঠনগুলি যেন তাদের প্রয়োজন মতো আর্থিক অনুদান পায় তা নিশ্চিত করার জন্য আমি কাজ করে যাব। আফটার স্কুলের অর্থ যোগান এবং সিনিয়র সেন্টারগুলি খোলা রাখার লক্ষে আমি সংগ্রাম অব্যাহত রাখবো।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি উন্নত মূল্যবোধ প্রতিষ্ঠার সাথে সাথে আরও বেশি স্কুল ও সাধ্যের মধ্য আরও আবাসন আমার কাউন্সিল ডিস্ট্রিক্টে আনার জন্য কাজ করে যাব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি খুবই কঠোর পরিশ্রমী এবং বিশ্বাস করি যে, কোন বিষয়ই এত ক্ষুদ্রা নয়, যা আমার কার্যালয়ে লক্ষ্য করা যাবে না। আমার প্রথম সময়কালে আমার অফিস থেকে ১০,০০০-এর অধিক আমার নির্বাচনী এলাকার মানুষজনদের সাহায্য করা হয়েছে। আমি নির্বাচকমন্ডলীর পরিসেবায় নিয়োজিত থাকব এবং আমার নির্বাচনী এলাকা ২৬তম কাউন্সিল ডিস্ট্রিক্টের জনগণের জন্য আমার আন্তরিক সেবা প্রদান করে যাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 27

### আই. দানিক মিলার (I. Daneek Miller)

**২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অ্যামালগামেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন (ATU) লোকাল নং ১০৫৬-এর প্রেসিডেন্ট, যা MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিট-এর কুইন্স বাস ডিভিশনে কর্মরত ড্রাইভার ও মেকানিকদের প্রতিনিধিত্ব করে

**পূর্ববর্তী পেশা:** ATU ১০৫৬ পলিটিকাল অ্যাকশন চেয়ার এবং রেকর্ডিং সেক্রেটারি, MTA বাস চালক

**শিক্ষাগত যোগ্যতা:** কর্নেল ইউনিভার্সিটি-র স্কুল অফ লেবার রিলেশনস, CUNY ট্রান্সপোর্টেশন রিসার্চ ইন্সটিটিউট-এর সিটি কলেজ ও ন্যাশনাল লেবার কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমাদের পার্কগুলিকে আরও উন্নত করতে এবং আমাদের কিশোর ও তরুণদের শিক্ষাগত ও সামাজিক সুযোগ প্রদান করতে সাউদার্ন কুইন্স পার্ক অ্যাসোসিয়েশনে তিনি কাজ করেছিলেন; ব্রাদার্স আনলিমিটেড-এর সহ-প্রতিষ্ঠাতা, যেই সংগঠন অভাবী পরিবারদের সহায়তা দিয়ে থাকে; লাইফ ক্যাম্প এবং ইউনাইটেড ব্ল্যাক মেন অফ কুইন্স-এর মেন্টর; NYC মিডিল স্কুল বেসবল লিগ, যারা সিটির ব্যাপী শত শত তরুণদের সাহায্য করছে, যা গত দুই বছরে প্রায় দ্বিগুণ হয়েছে; গাই আর. ব্রুয়ার এবং ইউনাইটেড ফর প্রোগ্রেস ডেমোক্র্যাটিক ক্লাবস; ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি NYC চ্যাপ্টার-এর এক্সিকিউটিভ কাউন্সিল

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কো-চেয়ার, MTA লেবার কোয়ালিশন যারা প্রতিনিধিত্ব করছে ২৯টি ইউনিয়নের এবং ৬০,০০০-র বেশি কর্মীদের

www.voteidaneekmiller.com | idaneekmiller

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সরকারী স্কুলের সাবেক ছাত্র এবং একজন অভিভাবক যার সন্তানেরা NYC-র সরকারী স্কুলে পড়ে, দানিক চান সরকারী শিক্ষা ব্যবস্থাকে উন্নত করতে এবং শিক্ষক-শিক্ষিকাদের আরও বেশি করে সম্পদ ও উপায় দিতে যাতে তাঁরা আমাদের সন্তান ও তাদের সন্তানদের সুশিক্ষিত করে তুলতে পারেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

NYC-কে যথার্থ স্থান হিসাবে বসবাসের জন্য গড়ে তুলার লক্ষ্যে দানিক লড়াই করবেন যেখানে সকল পরিবার মান সম্মত সরকারি স্কুলের সুবিধা ভোগ করবে, ভাল বেতনে চাকুরির সুযোগ পাবে এবং নির্বাচিত প্রতিনিধিরা জনসাধারণের কাছে দায়বদ্ধ থাকবেন - ধনী অনুদান প্রদানকারীদের কাছে নয়। সকলেই উন্নত যাতায়াত ব্যবস্থা পাবে, ফলে তারা ভালো চাকরির সুযোগ, প্রয়োজনীয় শিক্ষা ও চিকিৎসা সেবা পাবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

দানিক জীবনভর দক্ষিণপূর্ব কুইন্সের পরিবারগুলির জন্য সংগ্রাম, তার অভিজ্ঞতা ও শ্রমিক নেতা হিসাবে তার রেকর্ড এবং কর্মজীবি মানুষদের সুবিধা ও পরিষেবা দেওয়ার কোয়ালিশন তৈরির ক্ষমতা তাঁকে সিটি কাউন্সিল-এ দক্ষিণপূর্ণ কুইন্স-এর প্রতিনিধিত্ব করার জন্য শ্রেষ্ঠ প্রার্থী করেছে। তিনি বাস সার্ভিসের পুনস্থাপন করেছেন বিশেষ করে Q27 এবং Q42, যাতে বাসিন্দাদের কাজে, স্কুল, মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্টে এবং অন্যান্য কাজে যেতে সহজ হয়; তিনি এছাড়াও মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোনো স্থানে মিউনিসিপাল কর্মীদের জন্য প্রথম চাইল্ড কেয়ার প্রোগ্রাম এবং রাইডার ও ট্রানজিট ওয়ার্কারদের হামলা থেকে রক্ষা করার ব্যবস্থা করেছেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## ক্লাইড ভ্যানেল (Clyde Vanel)
## ২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশা:** রেস্তোরাঁর পরিচালক, ইন্টারনেট ট্রেডিং কোং

**শিক্ষাগত যোগ্যতা:** বোস্টন ইউনিভার্সিটি থেকে জুরিস ডক্টর; স্টেট ইউনিভার্সিটি অফ NY থেকে ব্যাচেলর অফ সায়েন্স

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ক্যামব্রিয়া হাইটস সিভিক অ্যাসোসিয়েশন, NAACP, কাপ্পা আলফা সাই

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্র্যাটিক কাউন্টি কমিটি; ডেমোক্র্যাটিক পার্টির ইলেকশন অ্যাটর্নি

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ক্লাইড বিশ্বাস করেন NYC-তে কর্মসংস্থান করতে হবে এবং বিশেষ করে ডিস্ট্রিক্ট ২৭-এর পরবর্তী কাউন্সিল সদস্যের এটি সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত। প্রায়শই আমাদের প্রতিবেশী এবং বন্ধুরা চাকরি হারাচ্ছেন, যখন নিয়োগকারী NYC ছেড়ে নিউ জার্সি বা কানেক্টিকাটে চলে যান। ক্লাইড বোঝেন যে একদিকে যেমন ভালো বেতন দেন এমন নতুন নিয়োগকারীদের নিউ ইয়র্ক আনতে আকৃষ্ট করা খবুই প্রয়োজন, অন্যদিকে বর্তমান নিয়গকারীদের ধরে রাখাও তেমনই গুরুত্বপূর্ণ। এছাড়াও ক্লাইড ক্ষুদ্র ব্যবসার রক্ষক হিসেবে জড়িত আছেন। তিনি অবগত যে, সিটির অনেক বাসিন্দাই ক্ষুদ্র ব্যবসায় কর্মরত। NYC-তে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা সহজ ও লাল ফিতার দৌরাত্ব হ্রাসের জন্য তিনি কঠোর পরিশ্রম করবেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

গুরুত্বপূর্ণ সমস্যাগুলির সম্পর্কে ক্লাইড অবগত আছেন, এর মধ্যে আছে হয়: (১) স্থানীয় স্কুলগুলিকে আরও সম্পদ দিয়ে স্কুল বন্ধ হয়ে যাওয়া আটকিয়ে শিক্ষায় উন্নতি করা, (২) বর্তমানের স্টপ অ্যান্ড ফ্রিস্ক নীতি বন্ধ করে আপরাধ দমন ও নিরাপত্তায় উন্নতি ঘটানো, (৩) ট্যাক্স সংস্কার করা যাতে মধ্যবিত্তরা কিছুটা ছাড় পায়, (৪) নেবারহুডে বন্যা নিয়ন্ত্রণ করা ও সাথে ভিড় কমিয়ে পরিবেশের উন্নতি ঘটানো, (৫) বাস পরিবহণ সেবার উন্নতি করা, (৬) স্বাস্থ্য সেবা লাভ করা উন্নতি করা, এবং (৭) ফোরক্লোজার সমস্যার সমাধান করা এবং যাতে বাসিন্দারা বাড়ির মালিক হয়ে উঠতে পারে সেই পথটি সহজ করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

ক্লাইড সবচেয়ে যোগ্য প্রার্থী কারণ তিনি এমন একজন অ্যাটর্নি যিনি কমিউনিটি ও স্কুলের জন্য বহু বছর ধরে লড়াই করেছেন ও পরামর্শ দিয়েছেন। রি-ডিস্ট্রিক্টিং প্রক্রিয়ার সময় তিনিই একমাত্র প্রার্থী যিনি গত হেমন্তের সময়ে, কমিউনিটির সাথে নেবারহুডগুলিকে একত্র রাখার জন্য আন্দোলন করেছিলেন। ক্লাইড এছাড়াও এই ডিস্ট্রিক্টে একটি অফিস চালান, যেখানে একটি কমিউনিটি সেন্টার আছে ও সেখানে স্থানীয় সংগঠনগুলি মিলিত হয় এবং বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন হয়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

clydevanel.com | clyde.vanel

---

## সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden)
## ২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (I)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কনসালটেন্ট

**পূর্ববর্তী পেশা:** পীডেন, জেকবস অ্যান্ড অ্যাসোসিয়েট-এ ম্যানেজিং ডিরেক্টর;কাউন্সিল অফ স্কুল সুপারভাইজার্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস-এ ডেপুটি পলিটিকাল ডিরেক্টর; কাউন্সিল সদস্য ডেভিড ওয়েপ্রিন-এর ডেপুটি চীফ অফ স্টাফ; কাউন্সিল সদস্য থমাস হোয়াইট জুনিঃ-এর পলিসি ডিরেক্টর; রিভেরা, সিয়েরা অ্যান্ড কোং-এ সহকারী কনসালটেন্ট; আউটরিচ হাউস-এর সাবসট্যান্স অ্যাবিউস কাউন্সেলর; কাউন্সিল সদস্য জুয়ানিতা ওয়াটকিন্স-এর লেজিসলেটিভ ডিরেক্টর

**শিক্ষাগত যোগ্যতা:** মেরিমাউন্ট ম্যানহ্যাটান কলেজ; আউটরিচ ট্রেনিং ইন্সটিটিউট

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আজীবন এপিসকোপালিয়ান; থারগুড মার্শাল রেগুলার ডেমোক্র্যাটিক ক্লাব-এর প্রতিষ্ঠাতা সদস্য; সেন্ট জেমস দ্য লেস কমিউনিটি-এর প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট; লুইস এইচ. ল্যাটিমার ইয়ুথ কর্প-এর প্রতিষ্ঠাতা সদস্য, বোর্ড অফ ডিরেক্টরস; আজীবন সদস্য NAACP, জামাইকা ব্রাঞ্চ; ইউনাইটেড ফর প্রোগ্রেস ডেমোক্র্যাটিক ক্লাব-এর সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সরকারী পদে আমার কেরিয়ার শুরু হয়েছিল সিনিয়র অ্যাডভাইজরের রিসেপশনিস্ট হিসাবে, এবং সব পদেই আমি জনগণের বিশ্বাসকে মূল্যায়ন করেছি ও গুরুত্ব দিয়ে দেখেছি। আমার রাজনৈতিক মেন্টর জুয়ানিতা ওয়াটকিন্স-এর কাছে আমি শিক্ষা ও মানবতার সেবা নীতি শিখেছি। কাউন্সিল সদস্য হোয়াইট-এর সাথে আমরা একত্রে জননিরাপত্তা ও আর্থনৈতিক উন্নয়ন নিয়ে কাজ করেছি, এবং কাউন্সিল সদস্য ওয়েপ্রিনের সাথে নির্বাচনী এলাকায় সেবা দানে এবং নিউ ইয়র্ক সিটি বাজেট নিয়ে কাজ করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের মধ্যে সবচেয়ে অসহায় অল্প বয়স্কদের ও বৃদ্ধদের সুরক্ষিত করতে হবে। এই দুই শ্রেণীর জনগনের জন্য র আবাসন সুনিশ্চিত করতে হবে, যথেষ্ট পর্যাপ্ত পুষ্টি ও আর্থিক স্থায়ীত্ব দেওয়া জন্য অবশ্যই আমাদেরকে নীতি উন্নতি এবং প্রোগ্রাম তৈরি করতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের সন্তানদের সফলতার জন্য NYC-র ডিপার্টমেন্ট অফ এডুকেশন-কে পুনঃবিন্যাস করা প্রয়োজন যাতে আমাদের শিশুদের সাফল্য নিশ্চিত করা যায়। এছাড়াও আমাদের শিল্পের বিকাশ ঘটাতে হবে যাতে চাকরির সুযোগ বাড়ে এবং আমাদের পরিকাঠামোও বৃদ্ধি পায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

সরকারী পদে অনেক দিন ধরে কাজ করার কারণে কিভাবে সিটি কাউন্সিল কাজ করে সে সম্পর্কে আমি এক ধরনের অন্তর্দৃষ্টি লাভ করেছি - কিভাবে আইন প্রণীত হয়, নীতি তৈরি করতে হয় এবং বাজেট করতে হয় যা আমার কমিউনিটিকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এবং সামগ্রিক ভাবে নিউ ইয়র্ক সিটিকেও। আমার বিশেষ অভিজ্ঞতা ও দক্ষতার কারণে আমি বহুবছর ধরে সরকারী পদে কাজ করছি, আর আমি বিশ্বাস করি যে, আজ আমরা যে সমস্যাগুলোর সম্মুখিন হয়েছি তার সমাধানের জন্য এমন নির্বাচিত প্রতিনিধি প্রয়োজন যার প্রাতিষ্ঠানিক জ্ঞান, নতুন দৃষ্টিভঙ্গী এবং অন্যদের সাথে কাজ করার দক্ষতা আছে। আমার সেই দক্ষতাগুলো আছে এবং আশা করি আমি আপনাদের সেবা করার সুযোগ পাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

sondrapeeden.nationbuilder.com | SondraPeeden

# সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 28

## রুবেন উইলস (Ruben Wills)
## ২৮তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** কাউন্সিল সদস্য

**পূর্ববর্তী পেশা:** ক্ষুদ্র ব্যবসার মালিক কনসালট্যান্ট

**শিক্ষাগত যোগ্যতা:** সালিভান কমার্শিয়াল কলেজ থেকে সোশ্যাল সায়েন্সে ডিগ্রি, রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকস্তরের পড়াশুনা এবং এম্পায়ার স্টেট কলেজ থেকে আরবান প্লানিং

**সাংগঠনিক সম্পৃক্ততা:** NAACP, ক্রিশ্চিয়ান বাসকেটবল লিগ ইনকরপোরেশন, নিউইয়র্ক 4 লাইফ ইনক.

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সেন শার্লে হান্টলের চিফ অফ স্টাফ, কাউন্সিল মেম্বার লেরয় কমরির বিশেষ সহযোগী

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের প্রবৃদ্ধিকে স্থবির করে দেবার একটি গুরুত্বপূর্ণ কারণ হল টেকসই এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ঘাটতি। অর্থনৈতিক উন্নয়নের এই শূণ্যতার প্রতি নজর রেখে এবং কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে আমরা যে সুবিধাবলি দান করতে পারব তার ফলস্বরুপ সিটির অপরাধ কমে যাবে এবং জীবন মানের সামগ্রিক উন্নতি ঘটবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি ক্রমবর্ধমান সঙ্গবদ্ধ অপরাধ এবং অবৈধ অস্ত্রের ব্যবহার যা এই সিটিতে ক্রমশঃই বেড়ে চলেছে তা বন্ধ করতে উদ্যোগ নেব। অপরাধের মূল শিকড়টি আমাদের খুঁজে বের করতে হবে এবং প্রয়োজনীয় সেবা প্রদান করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই কমিউনিটিতে দীর্ঘদিন বসবাসের অভিজ্ঞতা আমাকে এই বিষয়গুলির প্রতি সংবেদনশীল করে তুলেছে। আমি ২ ১/২ (আড়াই) বছর ধরে একটি নির্বাচিত পদে রয়েছি যেখানে আমাদের বয়স্কদের এবং ডে-কেয়ার কেন্দ্রগুলির বিরুদ্ধে যে ব্যয় কর্তন করা হয়েছিল তার বিরুদ্ধে লড়াই করে জয়লাভ করেছি; আমার সমস্ত স্থানীয় সরকারী স্কুলগুলিতে আধুনিক প্রযুক্তিগত উন্নয়নের জন্য লক্ষাধিক ডলার দিয়েছি; পিএস ৩০ এবং আগাষ্ট মার্টিন HS বন্ধের বিরুদ্ধে লড়াই চালিয়েছি – PS ৪০ খোলা রাখার লড়াইয়ে জয় লাভ করেছি। যে সকল অলাভজনক সংস্থা জরুরী সেবা প্রদান করে তাদের জন্য সুনিশ্চিত তহবিল গঠনের ব্যবস্থা করেছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.rubenwills.com

## ক্যারেন কসলোউইত্জ (Karen Koslowitz)

### ২৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডে মোক্র্যাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল সদস্য ২৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

**পূর্ববর্তী পেশা:** কুইন্স ডেপুটি বরো প্রেসিডেন্ট, NYC কাউন্সিল সদস্য, সিটি কাউন্সিল অ্যান্ড্রু স্টাইন -এর কমিউনিটি লিয়াজঁ প্রেসিডেন্ট, ফিশবাথ অ্যান্ড মুর ইলেক্ট্রিকাল কনট্র্যাক্টিং

**শিক্ষাগত যোগ্যতা:** জেমস মনরো হাই স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** রিফর্মড টেম্পেল অফ ফরেস্ট হিলস, কন্টিনেন্টাল রেগুলার ডেমোক্র্যাটিক ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল সদস্য, কুইন্স ডেপুটি বরো প্রেসিডেন্ট, সিটি কাউন্সিল কমিউনিটি লিয়াজঁ-এর প্রেসিডেন্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 29-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

২৯তম কাউন্সিল ডিস্ট্রিক্টে সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা হল শিক্ষার গুণগতমান উন্নত করা। অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকা আমাদের শিশুদের সবচেয়ে ভাল ফলাফল অর্জনে সাহায্য করতে পারে তা আমাদের নিশ্চিত করতে হবে। আমি বিশ্বাস করি শিশুরাই আমাদের ভবিষ্যত এবং তাদের সাফল্যের জন্য প্রয়োজনীয় সব পন্থা দিতে হবে। গত ২ বছর ধরে চাইল্ড কেয়ার স্লটগুলি, আফটার স্কুল প্রোগ্রামগুলি এবং লাইব্রেরি সার্ভিস-এর উপর বাজেট কর্তন ভীষণভাবে প্রভাবিত করছে। আমি, আমার সহকর্মীদের সাথে, এই গুলি পুনরুদ্ধার করতে অবিরত লড়াই করছি।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

২০ বছরেরও বেশি সময় ধরে আমি ফুল সার্ভিস সিনিয়র সেন্টার, খাদ্য সরবরাহ সেবা এবং আমাদের বৃদ্ধ-বৃদ্ধাদের অনুদান ও সুবিধা দেবে এমন প্রোগ্রাম-এর পক্ষে নিরন্তর প্রচার চালিয়ে যাচ্ছি। আমাদের বৃদ্ধ বৃদ্ধারা আমাদের কমিউনিটির একটি অবিচ্ছেদ্য অংশ এবং সবসময়েই তাদের সবচেয়ে বেশি অগ্রাধিকার দেওয়া উচিত। ভালো কমিউনিটির চিহ্ন হল জনসাধারণের নিরাপত্তা ও ভালো জীবনের মান, যা মানুষকে বাঁচতে ও কাজ করতে সাহায্য করে। এটি কতটা গুরুত্বপূর্ণ তা জানার ফলে আমি DOE-র তহবিল পরিষেবা বাড়িয়েছি ফরেস্ট হিল-এ এবং এই মূল্যবান পরিষেবাগুলিকে বাড়িয়ে আমি রেগো পার্ক এবং কিউ গার্ডেন্স নেবারহুড (পাড়াকে) অন্তর্ভুক্ত করেছি। আমি নিউ ইয়র্ক সিটির সাথে আমাদের কমিউনিটির স্টোর, বিল্ডিং এবং পরিকাঠামোর সামনে থেকে গ্রাফিটি (দেয়াল লেখন) মুছে ফেলতে কাজ করছি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার কমিউনিটি ও নির্বাচনী এলাকার জনগনের জন্য লড়াই করার আমার দীর্ঘ ও সফল রেকর্ড আছে। আমার কর্মকালীন সময়ে আমি বহু লক্ষ ডলার-এর স্থায়ী প্রজেক্ট আমাদের স্কুল, রাস্তা ও পার্ক-এর উন্নতি করেছি। ইকোনমিক ডেভেলপমেন্ট কমিটি-র চেয়ার হিসাবে আমার লক্ষ্য ছিল যে, মধ্যবিত্ত পরিবারগুলো এবং ক্ষুদ্র ব্যবসা সমূহ আমাদের সিটির ভবিষ্যৎ গড়ার বড় অংশীদারিত্ব নিশ্চিত করা। ২৯তম ডিস্ট্রিক্টের যা প্রয়োজন তা প্রদান করার গভীর জ্ঞান ও দক্ষতা আমার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## জন টোরোড্যাশ (Jon Torodash)

### ২৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (CV)



**যে রাজনৈতিক দলভুক্ত:** স্বতন্ত্র

**বর্তমান পেশা:** সফটওয়্যার ইঞ্জিনিয়ার, প্রশিক্ষক, এবং ক্ষুদ্র ব্যবসার মালিক

**পূর্ববর্তী পেশা:** প্রযোজ্য নয়

**শিক্ষাগত যোগ্যতা:** স্টাইভেসান্ট হাই স্কুল, ট্রিনিটি কলেজ, ভ্যান্ডারবিল্ট ইউনির্ভাসিটি, কুইন্স কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** triumphofcivicvirtue.org, রিগো ফরেস্ট প্রিজারভেশন কাউন্সিল, ম্যাকডোনাল্ড পার্ক স্টুয়ার্ডশিপ, কার্টিস রেসিডেন্স কোঅপারেটিভ, ফাই বিটা কাপ্পা

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** বিভিন্ন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 29-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

২৯ ডিস্ট্রিক্টের অধিকাংশ জনগণ শঙ্কিত, যে আমাদের নেইবার্হুডের আকর্ষনীয় মানের জীবনযাপন যেমন, নিরাপত্তা, ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা সবুজায়িত রাস্তা,পর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা এবং পার্কিং করার ব্যবস্থা, মধ্যবিত্ত শ্রেণীর উপযোগী আবাসন, ভালোমানের স্কুল, এবং ইতিহাসের সমৃদ্ধ জ্ঞান ঝুঁকির মধ্যে আছে। আমার ইচ্ছা এইসকল বিষয়গুলিতে জনগণের ব্যাপক সংশ্লিষ্টতা এবং নাগরিক সচেতনতা গড়ে তোলা।

jontorodash2013.com | torodash.citycouncil

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

বর্তমানে সিটি প্রচন্ড আর্থিক সংকটের মুখোমুখি যা জনগণের জীবনের প্রতিটি ক্ষেত্রকে প্রভাবিত করছে। এটা এমন নয় যে, আমাদের রাজস্বের ঘাটতি আছে। যথেচ্ছভাবে ভুল খাতে ব্যয়ের ফলে এই অবস্থা সৃষ্টি হয়েছে এবং এই সংকট হাসপাতাল, গ্রন্থাগার (লাইব্রেরি), বয়স্ক কেন্দ্র এবং বাসের রুট বন্ধ হয়ে যাওয়ার মধ্যে দিয়ে অব্যাহত আছে। কর্ম পরিচালনার জন্য অপর্যাপ্ত অর্থ থাকার জন্য আমাদের পার্কগুলি আজ অবহেলিত, মেরামতিবিহীন রাস্তাঘাট, পথঘাট অরক্ষিত, এবং স্কুলগুলিতে শিক্ষার্থীদের অত্যধিক ভীড়। আমি সিটির চুক্তি ব্যবস্থার মধ্যে যে দূর্নীতি রয়েছে তা বন্ধ করার মাধ্যমে যে পরিমাণ অর্থ অপচয় হতো তা রোধ করে লক্ষাধিক ডলার সাশ্রয় করব। আমরা কর্মচঞ্চল সিটির জন্য কর প্রদান করি এবং আমরা তা থেকেই বঞ্চিত হচ্ছি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার এই শহরের সঙ্গে নাড়ির যোগাযোগ আছে কারণ আমি ফরেস্ট হিলস-এ জন্মেছি ও বড় হয়েছি, এবং এখন আমি কিউ গার্ডেন্সে বসবাস করছি। আমি সম্পূর্ণভাবে একজন নির্দলীয় প্রার্থী, আমি এই লড়াইয়ে অংশগ্রহণ করছি কেননা যেভাবে অবহেলা করা হচ্ছে, মানসিকতার অভাব রয়েছে এবং স্থানীয় রাজনীতিতে দুর্নীতিতে ভরে গেছে যার জন্য স্থবিরতা এসে গেছে তাই একজন না একজনকে এর উদ্যোগ নিতেই হবে। আমি উদার এবং নিরপেক্ষ সরকার গঠনের জন্য আমার কাজ করতে উৎসাহিত এবং যেহেতু অত্যন্ত চাহিদাশীল একটি বেসরকারী ক্ষেত্রে আমি কাজ করি, তাই দুর্নীতি দূরীকরণে এবং সঠিক সরকার গঠনের উদ্যোগে কোন প্রচেষ্ঠা গ্রহণে আমি কোন ভয় পাই না। একজন প্রযুক্তিবিদ, একজন শিক্ষক ও ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে অন্যান্য প্রার্থীদের তুলনায় আমি বিভিন্ন বিষয়গুলিকে ব্যাপকভাবে বোঝার জন্য ক্ষমতা আনয়ণ করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

# সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 30

## এলিজাবেথ এস. ক্রলি (Elizabeth S. Crowley)

### ৩০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য, ৩০তম ডিস্ট্রিক্ট, কুইন্স

**পূর্ববর্তী পেশা:** কনসর্টিয়াম ফর ওয়ার্কার এডুকেশনের সাথে কাজ করেছি যাতে ক্ষুদ্র ব্যবসাগুলিকে ৯/১১-র পরও খোলা রাখা যায় এবং চাকরির প্রশিক্ষণ দিয়েছি হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে। D.C. জন্য সংরক্ষণকারী পেইন্টার ছিলাম, বিভিন্ন কনস্ট্রাকশন সাইটে কাজ করেছি, যেমন রেডিও সিটি মিউজিক হল, সেন্ট প্যাট্রিকস ক্যাথিড্রাল এবং সেন্ট্রাল সিনাগোগ।

**শিক্ষাগত যোগ্যতা:** সিটি এবং রিজিওনাল প্ল্যানিংয়ে এম.এস. - প্র্যাট ইন্সটিটিউট গ্র্যাজুয়েট স্কুল অফ আর্কিটেকচার থেকে; রেস্টোরেশন-এ বি.এ. SUNY ফ্যাশান ইন্সটিটিউট অফ টেকনলজি।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** D.C. ইন্টার ন্যাশানাল ইউনিয়ন অফ পেইন্টার্স অ্যান্ড অ্যালায়েড ট্রেডস; টিম্স্টার্জ জয়েন্ট কাউন্সিল ১৬

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল সদস্য; ডেমোক্র্যাটিক ডিসট্রিক্ট লিদার, ৩৮তম অ্যাসেম্বলি পার্ট A

www.elizabethcrowley.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 30-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কোনো কমিউনিটি নিরাপত্তা না পেলে সমৃদ্ধ হতে পারে না। ফায়ার অ্যান্ড ক্রিমিনাল জাস্টিস কমিটি-র চেয়ার হিসাবে, আমি ফায়ার কোম্পানিগুলো খোলা থাকার এবং সিটির জরুরীর সময় সাড়া দেয়ার যোগাযোগের লাইনগুলি উন্নত করার জন্য আন্দোলনে নেতৃত্ব দিয়েছি। নিউ ইয়র্ককে বিশ্বের মধ্যে সবচেয়ে নিরাপদ শহরে পরিণত করার জন্য আরও ফায়ারফাইটার (দমকল কর্মী), পুলিশ অফিসার, এবং কারেকশন অফিসারের জন্য আমি এই লড়াই চালিয়ে যাব এবং পরামর্শ দেব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

প্রতিটি শিক্ষার্থী প্রাক-কিন্ডারগার্টেন থেকে স্নাতকোত্তর পর্যন্ত সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে মান সম্মত শিক্ষা পায় তা নিশ্চিত করব। আমাদের বৃদ্ধ নাগরিকদের জন্য স্বাস্থ্য সেবা ও প্রোগ্রামগুলি রক্ষা করতে চেষ্টা করব। সিটির পরিকাঠামোতে বিনিযোগ করব যাতে আমাদের অর্থনীতি দৃঢ় হয় এবং আমাদের জীবনযাত্রার মান বৃদ্ধি পায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

সারা জীবন এই ডিস্ট্রিক্টের বাসিন্দা হিসাবে এবং সরকারী স্কুলে পড়ুয়া দু'টি ছেলের মা হিসাবে আমি জানি নিউ ইয়র্কের পরিবারদের কি কি চ্যালেঞ্জের মোকাবিলা করতে হয়। সরকারী ও বেসরকারী দুই ক্ষেত্রেই কাজ করার সুবাদে, আমার কাছে কর্মসংস্থান সৃষ্টির জন্য এবং নিউ ইয়র্ককে শক্ত করার জন্য যে পরিবারেরা কাজ করে তাদের জন্য প্রয়োজনীয় রসদ প্রদানের প্রামাণিত রেকর্ড আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## ক্রেইগ এন. কারুয়ানা (Craig N. Caruana)
**৩০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (R, C)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের জন্য প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** Craig পেন্টাগনে থেকে তাঁর কর্ম জীবন শুরু করেন, তিনি নৌবাহিনীর সহকারী সেক্রেটারির এইড হিসাবে কর্মরত ছিলেন। এই যোগ্যতার কারনে Craig বাৎসরিক $৫০ বিলিয়ন বাজেটের ১০০,০০০ কর্মীদের একটি প্রতিষ্ঠানে ব্যবস্থাপনায় সহযোগিতা করেছেন। এছাড়া Craig ঐতিহাসিক অর্জনের প্রকল্পেও কাজ করেছেন, এর মধ্যে উল্লেখযোগ্য হলো ইরাকে দ্রুততার সাথে MRAP (মাইন রেসিস্টেন্ট এম্বুশ প্রটেক্টেট) বাহন সরবরাহ করেছিলেন। সহকারী সেক্রেটারির সাথে কাজ করার পর Craig নৌবাহিনীর গোয়েন্দা অফিসে গোয়েন্দা বিশেষজ্ঞ হিসাবে যোগ দান করেছিলেন। ONI-তে কর্মরত থাকাকালীন সময়ে Craig তাঁর অভিজ্ঞতার আলোকে সর্বপ্রথম বেইজলাইন মূল্যায়ন অনুমোদন করেন। Craig উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে উপদেশাবলি ও প্রতিবেদন প্রণয়নের জন্য স্পেসাল এ্যাক্ট এ্যাওয়ার্ড অর্জন করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্যাথলিক ইউনিভার্সিটি থেকে পলিটিক্স-এ ব্যাচেলর ডিগ্রী লাভ। আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে টেক্সাস A & M ইউনিভার্সিটি থেকে মাষ্টার ডিগ্রী অর্জন করেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** জুনিবার পার্ক এ্যাসোসিয়েশন, গ্লেন্ডেল কিওয়ানিস ক্লাব, নাইটস অফ কলম্বাস।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেবারহুড বিভিন্ন সামাজিক ও সেচ্ছাসেবী সংস্থা সমূহের বোর্ড সদস্য।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 30-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

যদি সিটি কাউন্সিলে নির্বাচিত হন, তবে ক্রেইফ সিটি হলে ৩০ নং ডিস্ট্রিক্টের নেইবারহুডের বিষয়গুলোর অগ্রাধিকারের জন্য লড়াই করবেন। ৩০ নং ডিস্ট্রিক্টের করের রাজস্ব ফেরত কর্তন করা হলেও কর, জরিমানা ও ফি বর্ধন করা হয়েছে। Craig চার্টার স্কুল এবং ধর্মীয় স্কুলের জন্য ট্যাক্স ক্রেডিট সমর্থন, পানির বিল ও সম্পত্তি কর বাড়ানোর বিরোধিতা এবং ক্ষুদ্র ব্যবসায়ের জন্য ক্ষতিকর নীতিমালার বোঝা হ্রাস করবেন। ৩০ নং ডিস্ট্রিক্টের একটি কন্ঠ দরকার আর সিটি হলে প্রয়োজন পরিবর্তন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

Craig পুলিশের 'stop and frisk' প্রকৃয়া বিশেষভাবে সমর্থন করবেন। রাজনীতিবিদরা ভুলতে বসেছেন যে, নিউ ইয়র্কে বসবাস করাটা কেমন ছিল, যখন জনগণ সাবওয়েতে চড়তে বা টাইম স্কোয়ারের মত স্থানে বেড়াতে যেতে ভয় করত। পুলিশকে তাঁর কাজের জন্য নির্দোষ প্রমানিত হবার আগেই দোষী সাব্যস্ত করা ঠিক নয়। একজন কাউন্সিল মেম্বার হিসাবে, অপরাধ দমনে কার্যকর পদ্ধতির জন্য Craig বিশেষ ভূমিকা রাখবেন।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

অফিসে চার বছর থাকার পর, করদাতার অর্থ ফেরত পেতে ৫১টির মধ্যে ৩০ নং ডিস্ট্রিক্টের অবস্থান ৪৬তম। এই সমীকরণই প্রমান করে যে, আমাদের কমিউনিটির জন্য কাউন্সিল মেম্বার ব্যর্থ। Craig আমাদের স্কুলগুলো, বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামোর জন্য আরও বিনিয়োগের লক্ষে কাজ করবেন এবং সারা ডিস্ট্রিক্টের বিভিন্ন সামাজিক ও সেচ্ছাসেবী সংস্থা সমূহের জন্য সহযোগিতা আনবেন। প্রতিকূল পরিবেশে কাজ করার মত প্রমানিত নেতৃত্বের গুণাবলী ও অভিজ্ঞতা Craig-র আছে। Craig জানেন অজুহাতে কাজ হয় না, কেবলমাত্র ফলাফলই গণ্য হয়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.craigcaruana.com | craig.caruana.3 | www.linkedin.com/pub/craig-caruana/16/699/a48

**স্থানীয়** প্রার্থীরা

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 31**
ডোনোভান রিচার্ডস (Donovan Richards) (D)
শেরী এস. মারে (Scherie S. Murray) (R)
রিকার্ডো এ. ব্রাউন (Ricardo A. Brown) (JE)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 32**
লিউ এম. সাইমন (Lew M. Simon) (D)
এরিক এ. উলরিখ (Eric A. Ulrich) (R, C, I)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 34**
অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso) (D)
গ্লাডিস স্যান্টিয়াগো (Gladys Santiago) (SC)

ব্যালট প্রেসে পাঠানো সময় চূড়ান্ত হয়নি। প্রেসে যাবার পর হয়তো কিছুর প্রার্থীদের নাম বাদ দেয়া হতে পারে এবং প্রার্থীদের নাম উপরোক্ত তালিকা থেকে ভিন্ন ক্রমানুসারে প্রকাশ করা হবে।

## সাধারণ নির্বাচন | **সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 31**

## ডোনোভান রিচার্ডস (Donovan Richards)
**৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ডিস্ট্রিক্ট ৩১

**পূর্ববর্তী পেশা:** চীফ অফ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, James Sanders Jr. [জেমস স্যাণ্ডারস জুনিয়র], ডিস্ট্রিক্ট ৩১

**শিক্ষাগত যোগ্যতা:** ভন কলেজ অফ এরোনটিক্স থেকে এভিয়েশন ম্যানেজমেন্ট-এ এ্যাসোসিয়েট ডিগ্রী।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রাপ্ত নয়

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** চীফ অফ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, James Sanders Jr. [জেমস স্যাণ্ডারস জুনিয়র], ডিস্ট্রিক্ট ৩১।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩১-এর অধিবাসীদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে স্থানীয়ভাবে ও সিটি ব্যাপী অর্থনৈতিক উন্নতি সাধন। এই বিষয়টিকে যথাযথভাবে বাস্তবায়ন করার সবচেয়ে কার্যকারী উপায়গুলির অন্যতম হল ডিস্ট্রিক্ট অধিবাসীদের জন্য স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অবশ্যই, হ্যারিকেন স্যান্ডির অবিরাম পুনরুদ্ধার-কার্য আমাদের কাছে সবচেয়ে অগ্রাধিকার পাবে। তার সাথে সাথে, আমাদের দেখতে হবে যে, সরকারী স্কুল ও পাঠাগার-গুলিতে সিটি যেন পুনরায় বিনিয়োগ করে। এছাড়াও, আমাদের সন্তানদের জন্য নেবারহুডগুলোকে নিরাপদ রাখা, আমাদের রাস্তা থেকে অস্ত্র অপসারণ করা এবং Stop & Frisk নীতি যা আমাদের সম্প্রদায়কে আঘাত দিয়েছে ও অল্পবয়স্কদের প্রতি লক্ষীভূত হয়েছে, তা বন্ধ করতে আমাদের সংগ্রাম চালিয়ে যাব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

বিশেষ নির্বাচনে আমি বিজয়ী হবার পর এই অল্প কয়েক মাসে আমি প্রমাণ করেছি যে ডিস্ট্রিক্টের উন্নতি করতে সক্ষম। সিটির আইনপ্রণয়নে আমি এমন প্রস্তাব এনেছি যাতে স্বচ্ছতা সৃষ্টি হবে এবং ত্রাণকার্যে অর্থপ্রদানের গতিবিধি অনুসরণ করে এটা নিশ্চিত করা হবে যে যেখানে সবচেয়ে প্রয়োজন, অর্থ সেখানেই প্রদান করা হচ্ছে ও স্যাণ্ডি পুনঃনির্মাণ কাজে থেকে স্থানীয় কর্মসংস্থান হচ্ছে। আমাদের নির্বাচনী এলাকায় A ট্রেন পুনরায় চালু করার জন্যে আমি MTA-র সঙ্গেও কাজ করেছি। আরো অনেক কাজ করা বাকী আছে। আমাদের এলাকার জন্যে আমার লড়াই করার যে পূর্ব নজির আছে তাতে এটাই প্রমাণিত হয় যে, সিটি কাউন্সিলে আমার নির্বাচনী এলাকাবাসীর পক্ষ নিয়ে তাদের হয়ে নেতৃত্ব চালিয়ে যাওয়ার ক্ষমতা আমার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.donovanrichards2013.com | drichardsnyccouncil

# শেরী এস. মারে (Scherie S. Murray)

## ৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (R)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** কমিউনিটি কর্মী

**পূর্ববর্তী পেশা:** দি এসমেল গ্রুপ inc.-CEO হোয়াটজ আপ নিউ ইয়র্ক – নিউজ অ্যাঙ্কর; NYC কলেজ অফ টেকনোলজি টেক টাইমস – বরিষ্ট সম্পাদক, NYC PS ১০৫ – স্কুলের পরে জিমনাস্টিক প্রশিক্ষক

**শিক্ষাগত যোগ্যতা:** BS – ব্রডকাস্ট সাংবাদিকতা; A.S. – মাইক্রো কমপিউটার বিজনেস সিস্টেমস, ল' গর্ভানমেন্ট অ্যান্ড কমিউনিটি সার্ভিস এইচএস-ডিপ্লোমা

**সাংগঠনিক সম্পৃক্ততা:** দি গ্রেটার অ্যালেন ক্যাথিড্রাল অফ নিউ ইয়র্ক; CUNY অ্যালুমনি; ATHGO গ্লোবাল ইনোভেশন ফোরাম; কুইন্স রিপাবলিকান পার্টি; কুইন্স ভিলেজ রিপাবলিকান ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** মা, কমিউনিটি কর্মী, স্বেচ্ছাসেবিকা

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি যদি আপনাদের সিটি কাউন্সিল সদস্য রূপে নির্বাচিত হই, তাহলে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়গুলির মধ্যে যেটির সমাধান আমি করব, তা হল **কর্মসংস্থান।** নতুন ব্যবসা স্থানীয় কর্মসংস্থান সৃষ্টির করে। **রোসডেল, লরেলটন, স্প্রিংগফিল্ড গার্ডেনস** এবং **ফার রকঅ্যাওয়ের** মতন কমিউনিটিগুলিতে অনেক উৎপাদনকারী এবং গ্রাহক সেবা প্রদানকারী কোম্পানী তাদের কার্যালয় স্থাপন করার জন্য অপেক্ষায় আছে। আমি সরকারী এবং বেসরকারী সংস্থাগুলির সঙ্গে কাজ করার জন্য পরিশ্রমী হব এবং আমাদের কমিউনিটির অর্থনৈতিক উন্নতি শক্ত করার জন্য সম্পদ এবং অর্থ পাওয়া নিশ্চিত করব। এছাড়াও, রুকভিল পার্কে একটি পুল নির্মাণের কাজে যোগ্য বাসিন্দারা একটি কর্মচুক্তির জন্য বিড করার সুযোগ পাবেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি নির্বাচিত হলে অন্যান্য যে মূল সমস্যাগুলির সমাধান করব, তা হল **শিক্ষা এবং অস্ত্র-সহিংসতা।** একজন নতুন মা হিসাবে আমি নিশ্চিত করতে চাই যে, আমাদের সন্তানরা এমন একটি শিক্ষা পাবে যা তাদের আন্তর্জাতিক অর্থনীতিতে প্রতিযোগিতা করার সুযোগ করে দেবে। **বিকল্প স্কুলের অপশনগুলি** এবং কর্মসূচিগুলি করতে চাই যে আমাদের সন্তানেরা রাস্তায় নিরাপদে চলাফেরা করবে এবং একটি সমাধান তৈরী হবে ফলে অস্ত্রবাজি অবশ্যই বন্ধ হবে। **বুলেট বাই ব্যাক কর্মসূচি** আমি চালু করব যা আমাদের কমিউনিটিসহ পাঁচটি বরোর জনপথ থেকে অস্ত্র ও সহিংসতা রোধ করতে সাহায্য করার জন্য সোপান হিসাবে ব্যবহৃত হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমিই সিটি কাউন্সিলের জন্য সবচেয়ে যোগ্যতম প্রার্থী কারণ, আপনাদের গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধানের ব্যবস্থা আমি করতে পারি। **রোসেডেল, লরেলটন, স্প্রিংগফিল্ড গার্ডেনস** এবং **ফার রকঅ্যাওয়ে আমি নেতৃত্বের এক নতুন প্রজন্ম।** গত ১২ বছর ধরে আমাদের একই সিটি কাউন্সিল নেতৃত্ব ছিল, ১২ **বছরটি যথেষ্টই। এখন নতুন প্রজন্মের যুগ। এই সময়েই নতুন চিন্তা=ভাবনা এবং সমাধানের সময়। নভেম্বর ৫ই, ২০১৩ তারিখে এই সময়টি নতুন নেতৃত্বের জন্য শেরী এস, মারেকে ভোট দিন।**

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

murray2013.com | votemurray | scheriemurray

---

# রিকার্ডো ও. ব্রাউন (Ricardo A. Brown)

## ৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (JE)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ব্রাউন ইয়ং অ্যান্ড কোং, সিপিএ অ্যান্ড কনসালটেন্টস -এ প্রেসিডেন্ট এবং CEO।

**পূর্ববর্তী পেশা:** লং আইল্যান্ডের একটি গুরুত্বপূর্ণ অলাভজনক সংস্থার প্রাক্তন ডিরেক্টর অফ ফাইন্যান্স/CFO। পেনশন প্ল্যানের প্রাক্তন কন্ট্রোলার। প্রধান চারটি অ্যাকাউন্টিং সংস্থায় সুপারভাইজিং সিনিয়র। মাঝারী আকৃতির অ্যাকাউন্টিং সংস্থায় অডিট স্টাফ।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাপ্লায়েড সায়েন্স ইন অ্যাকাউন্টিং-এ অ্যাসোসিয়েটস ডিগ্রি করেছেন CUNY, লাগার্ডিয়া কমিউনিটি কলেজ থেকে। অ্যাকাউন্টিংয়ে ব্যাচেলরস ডিগ্রি করেছেন ওল্ড ওয়েস্টবারি-র SUNY কলেজ থেকে। ২০০১ থেকে CPA এবং ২০১২-তে আমি চার্টার্ড গ্লোবাল ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট (CGMA) হয়েছি।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমি স্প্রিংফিল্ড/রোজডেল সিভিক অ্যাসোসিয়েশন-এর একজন সদস্য। NYS সোসাইটি অফ CPAs এবং আমেরিকান ইন্সটিটিউট অফ CPAs-এর সদস্য। NYSSCPA-এর ইনভেস্টমেন্ট কমিটিতে আমি আছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** বিগত বছরগুলোয় আমি বিভিন্ন স্বেচ্ছাসেবক পদে কাজ করেছি, যার মধ্যে আছে তৃণমূল স্তরে সংগঠিত করা যা সেই সময়ে ওবামাকে প্রেসিডেন্ট হতে সাহায্য করেছিল। আমি কমিউনিটি গার্ডেন তৈরি ও স্থানীয় এলাকা পরিষ্কার রাখতে কাজ করছি।

brown4ny.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

(১) স্যান্ডিতে ক্ষতিগ্রস্ত এলাকার পুনর্নিমাণ ও FEMA-র ফান্ডগুলির ক্ষেত্রে জবাবদিহি করা।

(২) যুবকদের জন্য চাকরি, এমনকি যারা এখনও পড়াশুনা করছে তাদের জন্য স্বেচ্ছাসেবকের কাজ।

(৩) বৃদ্ধদের জন্য ভালো পরিচর্যা ও মনোরঞ্জনের অভিগম্যতা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

(১) কমিউনিটি ও পুলিশের মধ্যে আরও বেশি সহযোগীতা।

(২) ডিস্ট্রিক্টের প্রতিটি ভাগে স্থানীয় অ্যাসোসিয়েশন দ্বারা তৈরি একটি বেসামরিক প্যাট্রল টিম তৈরি করা।

(৩) DEP-র উদ্যোগ বাড়িয়ে কমিউনিটির নিষ্কাশনের ব্যবস্থা পরিষ্কার করা যাতে বন্যা কমানো যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি একজন ফাইন্যান্সিয়াল এক্সিকিউটিভ ও ক্ষুদ্র ব্যবসায়ী। একজন কর্মসংস্থান সৃষ্টিকারী যে কমিউনিটিকে সেবা করতে উদগ্রীব। আমি শ্রমজীবী পরিবারদের সংগ্রাম এবং কমিউনিটির প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ সেবাগুলো সম্পর্কে অবহিত। আমাদের প্রয়োজন আরও ভালো স্কুল এবং নিরাপদ সড়ক আর গ্রীষ্মে যুবাদের জন্য কাজের সুযোগ। আমাদের বয়স্ক নাগরিকদের ভালো পরিচর্যা ও বিনোদনের ব্যবস্থা থাকতে হবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

# সাধারণ নির্বাচন | সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 32

# লিউ এম. সাইমন (Lew M. Simon)

## ৩২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** বেসরকারী স্কুল শিক্ষক

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট সেনেট-এর কমিউনিটি লিয়াজঁ

**শিক্ষাগত যোগ্যতা:** বিচ চ্যানেল হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট, ব্রুকলিন কলেজেও পড়েছেন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** গুড গভর্নমেন্ট রেগুলার ডেমোক্র্যাটিক ক্লাব-এর এক্সিকিউটিভ মেম্বার, কুইন্স কাউন্টি সেন্ট প্যাট্রিকস ডে প্যারেড কমিটি-র বোর্ড অফ ডিরেক্টরস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট নেতা ১৯৯৪ থেকে এখন পর্যন্ত

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 32-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

**পুনর্নির্মাণ ও মেরামত:** হ্যারিকেন স্যান্ডির কারণে আমাদের এই ডিস্ট্রিক্টে অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। আমাদের প্রয়োজন একটি দৃঢ় নেতৃত্বের যাতে আমরা নিশ্চিত করতে পারি যে ক্ষতিগ্রস্ত স্থানে সুরক্ষা দেওয়া যায়। আমাদের প্রয়োজন জ্যামাইকা বে-এ সমুদ্র প্রতিরোধী বাঁধ, নতুন ব্রডওয়াক ও বন্যা নিয়ন্ত্রণ গেট এবং বালিয়াড়ি পদ্ধতি ও হেসকো প্রতিরোধ দ্বিগুণ করা।

groups/437100419719316

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

**পরিবহণ:** আমরা পুরোনো রক-অ্যাওয়ে বিচ LIRR লাইনকে আবার চালু করার কাজ করব, ম্যানহ্যাটনে এক্সপ্রেস বাস দিনে ২০ ঘন্টা চালানো, কুইন্সের বাসিন্দাদের জন্য ক্রস-বে ব্রিজ টোল বন্ধ করতে এবং হাওয়ার্ড বিচ ও রক-অ্যাওয়ে থেকে সপ্তাহে ৭ দিন বিনামূল্যে বা $২.০০ মূল্যের ফেরি চালানোর। ক্রস-বে ও উডহ্যাভেন বুলোভার্ড এবং HOV লেনে ব্যস্ত সময়ে ক্যামেরা লাইটস বন্ধ করা।

**শিক্ষা:** যথেষ্ট সংখ্যক স্কুল তৈরি করব যাতে সব পরিবারের শিশুদের কাছে পড়শুনা করার মতো স্থানীয় এলাকার স্কুল থাকে। মাধ্যমিক ও হাইস্কুল-কে পুরানো পন্থী হতে হবে, **কমিউনিটি এলাকায় হতে হবে,** এবং এই স্কুলগুলিতে বুলিইং (স্কুলের কিছু ছাত্র দ্বারা অন্যান্যদের ভয় দেখানো) বন্ধ করা নিশ্চিত হতে হবে। স্কুলের বন্ধ হয়ে যাওয়া ঠেকাতে হবে ও ছাত্র এবং শিক্ষকদের অদল-বদল করতে হবে। উন্নতির জন্য সম্পদ দিতে হবে।

**স্বাস্থ্য সেবা: রক-অ্যাওয়েতে আমাদের প্রয়োজন অত্যাধুনিক কমিউনিটি হাসপাতাল।**

**বৃদ্ধরা:** সিনিয়র সেন্টার বন্ধ না করা ও কোনো রকম তাদের অনুদান কমানো হবে না।

**জীবনযাত্রার মান:** প্রতিটি কমিউনিটি বোর্ডে একজন বিল্ডিং ইন্সপেক্টর নিয়োগ করা যাতে অবৈধ রূপান্তর বন্ধ করা যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

**ব্যক্তিগত সেবা দিনে ২৫ ঘন্টা চলবে।** সব ফোন কলের উত্তর দেওয়া হবে। আমি সিটি, ষ্টেট ও ফেডারেল এজেন্সিদের সাথে ভাল কর্ম সম্পর্ক গড়ে তুলেছি যাতে তাদের থেকে অবিলম্বে সহায়তা পাওয়া যায়। রাস্তায় আলো, রাস্তায় গর্ত, পানির বিল, সোশ্যাল সিকিউরিটি, NYC বিল্ডিং ডিপার্টমেন্ট, দ্রুত মেরামত ইত্যাদি। আমরা সব মিটিং ও কমিউনিটি অনুষ্ঠানে উপস্থিত থাকি এবং তহবিল গড়তে আমি নিজে উদ্যোগ নেব। সম্ভবত আমি নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে সবচেয়ে সহজলভ্য। কর্মীসহ আপনাদের কাউন্সিলম্যান-এর তুলনায় আমি ১০ গুণ বেশি কাজ করতে পারব। আমার হৃদয় খুব বড় এবং আমি আপনাদের জন্য লড়াই করে চলেছি। আমি কর্ম সম্পাদন না হওয়া পর্যন্ত থামি না।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## এরিক এ. উলরিখ (Eric A. Ulrich)

**৩২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (R, C, I)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** ২৪ ফেব্রুয়ারি ২০০৯-তে এরিক উলরিখ সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট ৩২ থেকে বিশেষ নির্বাচনে বিজয়ী হন। একই বছর নভেম্বরের সাধারণ নির্বাচনে তিনি পুনর্নির্বাচিত হন। ২৮ বছর বয়সী এরিক সিটি কাউন্সিলের সবচেয়ে নবীনতম সদস্য। তিনি নিম্নলিখিত কমিটিগুলির অন্তর্ভুক্ত হয়েছেন: সিভিল সার্ভিস অ্যান্ড লেবার, এডুকেশন, হাউজিং অ্যান্ড বিল্ডিংস, পাবলিক সেফটি, ট্রান্সপোর্টেশন এবং ওয়াটারফ্রন্টস।

**পূর্ববর্তী পেশা:** শিক্ষক, জ্যাভিরিয়ান হাই স্কুল

**শিক্ষাগত যোগ্যতা:** এরিক উলরিখ নেবারহুড সরকারী ও প্যারোকিয়াল স্কুলে পড়েছিলেন; যথাক্রমে P.S. ৬৩Q এবং নেটিভিটি BVM। তিনি স্কুল শিক্ষা সম্পূর্ণ করেছিলেন ক্যাথিড্রাল প্রিপ্যারেটরি সেমিনারি হাইস্কুল থেকে এবং তিনি তাঁর পরিবারে প্রথম ব্যক্তি যিনি একটি কলেজ ডিগ্রি ব্রুকলিন হাইটস-এর সেন্ট ফ্রান্সিস কলেজ থেকে পেয়েছিলেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নাইটস অফ কলোম্বাস, হাওয়ার্ড বিচ-এর কিওয়ানিস ক্লাব, জ্যামাইকা রোটারি অ্যান্ড ডিভাইন মার্সি কথলিক অ্যাকাডেমি-র বোর্ড অফ ডিরেক্টরস।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রাক্তন কমিউনিটি বোর্ড নং ৯-র সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 32-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

পদে আসীন হওয়ার পর থেকে কাউন্সিল সদস্য উলরিখ একটি আক্রমণাত্মক ভূমিকায় নেমেছেন, যার লক্ষ্য ছিল গ্র্যাফিটি মুছে ফেলা, সাইডওয়াক ও রাস্তার মেরামত, স্কুলের ভিড় এবং সিটির রাস্তায় বেআইনী ডাম্পিং করা। তিনি হারিকেন স্যান্ডি দ্বারা ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক ও বাসিন্দাদের প্রয়োজন বিষয়ে আওয়াজ তুলেছেন এবং দক্ষিণ কুইন্স-এর যানবাহন উন্নতির বিষয়ে লাগাতার বলে আসছেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

কুইন্স কাউন্টিতে উডহ্যাভেন বুলেভার্ড হল সবচেয়ে বেশি ট্রাফিক জ্যাম পূর্ণ করিডর। কাউন্সিল সদস্য উলরিখ সম্প্রতি DOT-র সাথে কাজ করছেন যাতে এই ৩.২ মাইল রুটে র‍্যাপিড ট্রানজিট বাস আনা যায়। যাতে এই সমস্যার বিকল্প সমাধান করা যায়। এটি হলে সরকারী যানবাহন ব্যবহারকারীদের ক্ষেত্রে ১৫-২০% গড় দৈনিক যাতায়াতের সময় বাঁচবে এবং এটি সাহায্য করবে ট্র্যাফিকের ফ্লো বাড়াতে প্রতিটি বড় মোড়ে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

*সিটিজেন্স ইউনিয়ন*, একটি দল-নিরপেক্ষ ভালো-প্রশাসনের গ্রুপ, উলরিখ-কে স্বীকৃতি দিয়েছে এইভাবে "ডিস্ট্রিক্টে গুরুত্বপূর্ণ উন্নতি ঘটাতে তাঁর স্বপ্রণোদিত প্রচেষ্টা এবং সিটি কাউন্সিল-এ নতুন ও নব ধারণা আনার [তাঁর] ক্ষমতা"।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.ericulrich.com | ericulrich32 | eric_ulrich | www.linkedin.com/pub/eric-ulrich/69/b50/ba4

# সাধারণ নির্বাচন । **সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 34**

## অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso)

**৩৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল সদস্যা ডায়না রেইনা-র চিফ অফ স্টাফ

**পূর্ববর্তী পেশা:** কমিউনিটি সংগঠক

**শিক্ষাগত যোগ্যতা:** ল্য ময়েন কলেজ, সিরাকিউস NY, রাষ্ট্রবিজ্ঞানে BS

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নিউ কিং ডেমোক্র্যাটস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কাউন্সিল সদস্যা ডায়না রেইনা-র চিফ অফ স্টাফ-এর কাজ করার আগে আমি নিউ ইয়র্ক সিটিব্যাপী চাইল্ড কেয়ার কর্মীদের কমিউনিটি ও শ্রমিক সংগঠকের কাজ করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কর্মজিবী পরিবার সমূহ তাঁদের বিল পরিশোধ ও ক্রমবর্ধমান মূল্য বৃদ্ধি সংগ্রাম করছে। তাই আমি প্রথম দিন থেকেই নিউ ইয়র্কের অর্থনীতি উন্নতি, জীবন ধারণ করা যায় এমন বেতনের চাকরি আর সাধ্যের মধ্যে আবাসনের সুযোগ বৃদ্ধি করার জন্য কাজ করব। নিউ ইয়র্ককে সুযোগের স্বর্ণক্ষেত্র হিসাবে ধরে রাখতে হবে, যেখানে আমার পরিবারের মত পরিবারগুলো তাদের সন্তানের জন্য একটি ভালো জীবন তৈরি করার লক্ষে পরিশ্রম করতে পারে। ন্যায়সঙ্গত ও দীর্ঘ মেয়াদী অর্জনের জন্য আমার কাছে থাকা সমস্ত উপায় আমি ব্যবহার করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি কাউন্সিল সদস্য হিসাবে আমাদের শিশুদের ও বৃদ্ধদের জন্য যাতে তাদের আওয়াজ সিটি হলে পৌঁছে দেওয়ায় জন্য লড়াই করব। আমি সরকারী স্কুলের পরিকাঠামো উন্নত করতে কাজ করব এবং শিশুদের শৈশব বয়সের শিক্ষার জন্য প্রয়োজনীয় তহবিল বাড়াবো। আমি নিশ্চিত করব যাতে করে আমাদের বৃদ্ধরা আর্থিক সুরক্ষা পান এবং আত্নসম্মানের সাথে থাকতে পারেন। আমি সিনিয়র সেন্টারে সেবায় বিনিয়োগ করব যেখানে নির্দিষ্ট আয়ের সিনিয়রদের সেবা করা হবে। আমাকে সিটি হলে পাঠান - আর আমি নিশ্চিত করব যাতে প্রশাসন সবার জন্য কাজ করে - শুধুমাত্র ধনী ও খুব ভালো রকম পরিচিত ব্যক্তিদের জন্যই নয়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি এই কমিউনিটিতেই জন্মেছি ও বড়ো হয়েছি এবং আমি চাই ৩৪তম ডিস্ট্রিক্টের জনগনের সেবা করতে। আমি এখানে জীবনভর থেকেছি ও কাজ করেছি, আমি আমাদের কমিউনিটিকে জানি ও তার চ্যালেঞ্জগুলি সম্পর্কে অনের বেশী অবহিত। আমি জানি যে আমাদের চাই সাধ্যের মধ্যে আবাসন, ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং চাকরির দৃঢ় সুযোগগুলি, যাতে নিউ ইয়র্ক সবার জন্যই প্রচুর সুযোগের ভূমি হয়ে উঠে তা নিশ্চিত করা। আমাদের কমিউনিটির প্রয়োজন শক্তিশালী নেতৃত্বের, যাঁর নিষ্ঠা ও অভিজ্ঞতা আছে যাতে তিনি উইলিয়ামসবার্গ, বুশউইক এবং রিজউড-এর নেবারহুডকে সেবা করতে পারেন।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.antonioreynoso2013.com

---

## গ্লাডিস স্যান্টিয়াগো (Gladys Santiago)

**৩৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (SC)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** এই কমিউনিটির সঙ্গে কাজ করছেন

**পূর্ববর্তী পেশা:** হোম হেলথ এইড

**শিক্ষাগত যোগ্যতা:** বাসউইক হাই স্কুল এবং N.Y.C.C.C

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কমিউনিটি বোর্ড নম্বর # ১,৪ ও ৫। আদালত কর্তৃক রোড নিউইয়র্ক এবং ৭এ অ্যাডমিনিস্টর তৈরী করেছেন।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০২ সালের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে ৫৪তমের ডিস্ট্রিক্ট লিডার এবং ১৯৮৬ সালের নভেম্বর মাসে ব্রুকলীন শহরে ডেমোক্রেটিক পার্টিতে প্রতিনিধিত্ব

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ক্রয়োপযোগী, নিরাপদ গৃহ তার সাথে সাথে স্বাস্থ্য কর্মসূচির উন্নতির জন্য চাইল্ড কেয়ার, শ্রমজীবি পরিবারগুলির উজ্বল ভবিষ্যতের জন্য সমতা আনা, বয়স্ক নাগরিকদের সর্বোত্তম চিকিৎসা বেছে নেবার অধিকার রক্ষা এবং আমরা সকলে আমাদের যুব সম্প্রদায়ের কথা ভুলে গেলে চলবে না, আমাদেরকে তাদের ভবিষ্যত আরো সুন্দর করে গড়ে তুলতে হবে এবং ফায়ার হাউস (দমকল) খোলা রাখার জন্য লড়াই চালিয়ে যেতে হবে, ও স্কুলের তহবিল প্রাপ্তির আমাদের যে অধিকার তার জন্য লড়াই চালাতে হবে এবং বয়স্ক কেন্দ্রগুলি খোলা রাখার লড়াই চালিয়ে যেতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি শিশু এবং বয়স্কদের স্বাস্থ্য পরিচর্যার জন্য সংগ্রাম করে যাব এবং আমার সর্বোচ্চ দেবার চেষ্টা করব যাতে আমাদের এই কমিউনিটি ভালো স্বাস্থ্যের জন্য শক্তিশালী হয়ে উঠতে পারে ও স্কুলে সফল হবার জন্য শিক্ষা পেতে পারে এবং তারা যখন স্কুল শেষ করবে যাতে তারা তাদের কাজের নিশ্চয়তা পেতে পারে তার ব্যবস্থা করা হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি সর্বদা ক্রয়োপযোগী আবাসন, চাইল্ড কেয়ার, শিক্ষা, চাকুরী এবং আমাদের এই কমিউনিটিকে সুরক্ষিত রাখবার জন্য সংগ্রাম করব। যখনই আমাকে ওদের প্রয়োজন হয় আমি তখনই তাদের মাঝে গিয়ে উপস্থিত হই, আমি কখনও কাউকে না বলি না। আমি যদি এই নির্বাচনে জয়লাভ করতে পারি সেক্ষেত্রে আমি বিভিন্ন কর্মসূচি রূপায়নের জন্য সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাব, আমি এই কার্যালয়ের জন্য নিজেকে একজন সর্বোত্তম প্রার্থী হিসাবে উপস্থাপন করব কেননা আমি কখনই কাউকে না বলি না এবং বিজয়ী বা পরাজিত হই, আমি এখানেই থাকব। এই কারণে আমি নিজেকে সর্বোত্তম প্রার্থী বলে উপস্থাপন করছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

৫ই নভেম্বর, আপনারা নিউ ইয়র্ক স্টেট সংবিধানের ছয়টি সংশোধনী প্রস্তাবের জন্য ● **হ্যাঁ** অথবা ● **না** ব্যালটে ভোট প্রদান করতে পারবেন। প্রতিটি প্রস্তাবনার জন্য, আমরা ব্যালট প্রশ্নের অফিশিয়াল বক্তব্য প্রদান করেছি; একটি সারসংক্ষেপে তা বর্ণনা হয়েছে; এবং হ্যাঁ অথবা না ভোট প্রদানের কারণ সমূহ, যা মিডিয়ার পরিবেশনা এবং অন্যান্য জনগণের মতামতের ভিত্তিতে CFB কর্তৃক তৈরী করা হয়েছে এবং এখানে প্রতিটি প্রস্তাবনার পক্ষে বা বিপক্ষের সকল কারণ প্রতিফলিত হওয়া অপরিহার্য নয়।

প্রতিটি প্রস্তাবনার পক্ষে বা বিপক্ষে বিভিন্ন প্রতিষ্ঠান সমূহ ও ব্যক্তিদের **"প্রো (pro)"** এবং **"কন (con)"** মতামতের জন্য অনলাইন ভোটার গাইডটি দেখুন **www.nyccfb.info/voterguide**।

**প্রস্তাবনা ১** । ক্যাসিনোয় জুয়া খেলা অনুমোদন

সংবিধানের অনুচ্ছেদ ১ এর ৯ ধারার সংশোধনী প্রস্তাবনার মাধ্যমে আইনসভাকে নিউ ইয়র্ক স্টেটে সাতটি পর্যন্ত ক্যাসিনো অনুমোদন করার সম্মতি প্রদান করা, এই আইন পাস করে কর্মসংস্থানের প্রবৃদ্ধি, স্কুলগুলোয় অনুদান বৃদ্ধি এবং রাজস্ব আয় করে স্থানীয় সরকার সম্পত্তি কর কম ধার্য করতে পারবে।

**এই সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

১৮৯৪ সালে স্টেট সংবিধানে সকল জুয়া খেলা নিষিদ্ধকরণ অন্তর্ভুক্ত করা হয়। তারপর স্টেট লটারি এবং ঘোড়দৌড়ে বাজি ধরা সহ নির্দিষ্ট কিছু জুয়া খেলা অনুমোদন করে সংবিধান সংশোধন করা হয় – কিন্তু ক্যাসিনোয় জুয়া খেলা নিউ ইয়র্কে বেআইনি থেকে যায়।

সংশোধনী প্রস্তাবনায় নিউ ইয়র্ক স্টেটে সাতটি পর্যন্ত ক্যাসিনো অনুমোদন করে কর্মসংস্থানের প্রবৃদ্ধি, স্কুলগুলোয় অনুদান বৃদ্ধি এবং রাজস্ব আয় করে স্থানীয় সরকার সম্পত্তি কর কম ধার্য করতে পারবে। এই বছরের স্টেট আইনসভায় যদি ব্যালট প্রস্তাবনা পাস হয়ে আইন প্রণীত হয়, তবে সাথে সাথে আপস্টেটের তিনটি স্থানেঃ দি হাডসন ভ্যালী-কেটস্কিল এলাকায়, দি ক্যাপিটাল ডিসট্রিক্ট-সারাটোগা এলাকায় এবং দি সাউদার্ন টিয়ারে চারটি ক্যাসিনো তৈরী করা হবে। সাত বছরের মধ্যে অতিরিক্ত আর কোন ক্যাসিনো প্রতিষ্ঠা করা আইন করে নিষিদ্ধ থাকবে।

যদি এই ব্যালটের প্রস্তাবনা পাস **না** হয়, তবে এই আইনের অধীনে চারটি পর্যন্ত স্থানে নতুন ভিডিও লটারি জুয়া খেলার সুবিধা অনুমোদন করা হবে।

### ● হ্যাঁ ভোট প্রদানের কারণ

» ক্যাসিনো অর্থনৈতিকভাবে পশ্চাৎপদ আপস্টেটে পর্যটক আকৃষ্ট, কর্মসংস্থান সৃষ্টি ও রাজস্ব আয় করে অর্থনীতিতে নব গতি আনবে।

» এইটি স্টেট ও স্থানীয় সরকারের জন্য প্রচুর উল্লেখযোগ্য রাজস্ব কর আনবে। এর অধিকাংশই সার্বজনীন শিক্ষা ও সম্পত্তি কর কম ধার্য করার জন্য ব্যবহৃত হবে।

» ক্যাসিনোয়ে জুয়া খেলা মজার বিনোদনমূলক কার্যক্রম, যা নিউ ইয়র্কবাসীদের জন্য আরও উন্মুক্ত হওয়া দরকার।

» স্টেটের অনেক বাসিন্দা ইতিমধ্যে প্রতিবেশী স্টেট যেমন নিউ জার্সি, কানেক্টিকাট-র ক্যাসিনো গিয়েছেন। নিউ ইয়র্কের বাসিন্দাদের জুয়া খেলার পয়সা নিউ ইয়র্কে থাকা উচিৎ, অন্য স্টেটে নয়।

» ক্যাসিনোয় জুয়া খেলার জন্য স্টেটের একটি সঙ্গতিপূর্ণ, অভিন্ন নীতিমালা থাকা প্রয়োজন। ইতিমধ্যে নিউ ইয়র্কে রেইসট্রাকে ভিডিও লটারি টার্মিনাল স্থাপনে অনুমোদন দিয়েছে ও ফেডারেল আইনের আওতায় অ্যামেরিকান আদিবাসীদের জমিতে ভেগাস-স্টাইলে পাঁচটি ক্যাসিনো রয়েছে।

### ● না ভোট দেয়ার কারণ সমূহ

» ক্যাসিনোগুলো বৈধ করলে তা অসহায় ও দরিদ্র মানুষের থেকে টাকা সংগ্রহের একটি লুণ্ঠন করার প্রকল্প হবে। যা নেশাগ্রস্তভাবে জুয়া খেলার প্রবণতা বাড়াবে, এর অর্থনৈতিক ও সামাজিক খারাপ পরিণতি ভুক্তভুগী ও তাদের প্রিয়জনরা ভোগ করবে।

» ক্যাসিনোগুলো অবৈধ কার্যক্রম যেমন জালিয়াতি, প্রতারণা, চুরি, অর্থ আত্মসাৎ এবং পতিতাবৃত্তির প্রবণতা বাড়াবে। জুয়ার আসরের কারনে এই সব ও অন্যান্য সমস্যাগুলোর মোকাবেলার জন্য স্টেটের প্রতি বছর প্রায় $৪০০ মিলিয়ন ব্যয় হতে পারে।

» আমরা আরও সাবধানের সাথে ক্যাসিনোর সম্ভাব্য প্রভাব অনুসন্ধান করার আগে নিউ ইয়র্ক-এ ক্যাসিনোর অনুমতি দেওয়া ঠিক হবে না। ক্যাসিনো অর্থনৈতিক উন্নয়নের কোন নিশ্চয়তা দেয় না এবং কোন কোন সময় তা সার্বিক অর্থনীতিতে অল্পই প্রভাব ফেলে।

» নিউ ইয়র্কে ক্যাসিনো বিশেষ লাভজনক হবে না ও আঞ্চলিক অর্থনীতিতে সামান্যই প্রভাব ফেলবে কারণ সম্প্রতি উত্তরপূর্বাঞ্চলে ক্যাসিনোতে ভরে গেছে।

» এই প্রস্তাবনায় ডাউনস্টেটে সামান্যই প্রভাব পরবে, কারণ নিউ ইয়র্ক সিটি এবং আশেপাশের কাউন্টিকেতে অন্তত সাত বছর ক্যাসিনো স্থাপন করা যাবে না।

» আমরা সব সময়ই অঙ্গীকার করি যে, নতুন রাজস্ব শিক্ষা খাতে ও কর হ্রাসের জন্য ব্যবহৃত হবে, কিন্তু বাস্তবে তা কখনই হয় না।।

**প্রস্তাবনা ২** । নিয়োগ-পরবর্তী প্রত্যায়িত প্রতিবন্ধী সাবেক সেনাদের জন্য অতিরিক্ত সিভিল সার্ভিস ক্রেডিট

সংবিধানের ৫ নং অনুচ্ছেদের ৬ নং ধারার প্রস্তাবিত সংশোধনীতে একজন সাবেক সেনা যে সিভিল সার্ভিসে নিয়োগ বা পদোন্নতির জন্য সিভিল সার্ভিস ক্রেডিট পেয়েছেন এবং পরবর্তীকালে প্রত্যায়িত প্রতিবন্ধী হিসাবে আবার নিয়োগ বা পদোন্নতির জন্য অতিরিক্ত সিভিল সার্ভিস ক্রেডিট পাবেন।

**এই প্রস্তাবিত সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

স্টেটের সংবিধানের আওতায় সবেক সামরিক সেনারা সিভিল সার্ভিস পরীক্ষায় অতিরিক্ত ক্রেডিট পেয়ে থাকেনঃ মূল নিয়োগের জন্য ৫ পয়েন্ট এবং পদন্নোতির জন্য ২ ১/২ পয়েন্ট। প্রত্যায়িত প্রতিবন্ধী সাবেক সেনারা অধিক পয়েন্ট পেয়ে থাকেনঃ মূল নিয়োগের জন্য ১০ পয়েন্ট এবং পদন্নোতির জন্য ৫ পয়েন্ট। বর্তমানে সামরিক বাহিনীর জন্য সিভিল সার্ভিস ক্রেডিট কেবলমাত্র একবারই প্রযোজ্য হয়-যদি পরবর্তীতে সাবেক সেনা প্রতিবন্ধী হিসাবে চিহ্নিত হন, তবে তিনি আর কোন অধিক পরিমাণ ক্রেডিট পাবেন না।

এই প্রস্তাবনায় যে সকল সাবেক সেনা নিয়োগ বা পদোন্নতির জন্য একবার ক্রেডিট পেয়েছেন পরবর্তীকালে প্রতিবন্ধী হিসাবে প্রত্যায়ন করার পর আরো একবার ক্রেডিট পাওয়ার সুযোগ থাকবে। প্রতিবন্ধী হিসাবে প্রত্যায়ন হওয়ার পর সাবেক সেনা মূল নিয়োগ বা পদোন্নতির সময় যে ক্রেডিট পেয়েছেন ও ১০-র মধ্যে যে পার্থক্য সেই পরিমাণ ক্রেডিট অতিরিক্ত ক্রেডিট হিসাবে পাবেন। এর কারনে একজন সাবেক সেনা পরিবর্তী সময়ে পদোন্নতি বা নিয়োগের সময় অতিরিক্ত মোট ১০ সিভিল সার্ভিস ক্রেডিট পেতে পারেন।

### ● হ্যাঁ ভোট প্রদানের কারণ

» একজন প্রতিবন্ধী সাবেক সেনার জন্য সিভিল সার্ভিস ক্রেডিট গণনা করা কোন বিষয় নয়। এই প্রস্তাবনা সেই ঘাটতি পূরণ করবে।

» আমাদের সাবেক সেনারা আমাদেরই জন্য তাদের জীবনের ঝুঁকি নেয় এবং এই জন্য তারা যখন ফিরে আসে তখন আমাদের পূর্ণ সমর্থন তাদের প্রাপ্য।

### ● না ভোট দেয়ার কারণ সমূহ

» সিভিল সার্ভিস সিস্টেম প্রতিবন্ধী সাবেক সেনাদের ইতিমধ্যে পর্যাপ্ত প্রতিদান দিয়েছে। আর প্রতিদানের কোন প্রয়োজন নেই।

**প্রস্তাবনা ৩** । পয়ঃনিষ্কাশন সুবিধার জন্য দায়বদ্ধ চুক্তি হতে অব্যাহতি।

সংবিধানের ৫ নং অনুচ্ছেদের ৮ নং ধারার প্রস্তাবিত সংশোধনী ১০ বছরের জন্য বাড়িয়ে জানুয়ারী ১লা, ২০২৪ পর্যন্ত করা হবে, পয়ঃনিষ্কাশন সুবিধা নির্মাণ বা পুনঃ নির্মাণের জন্য কাউন্টি, সিটি, শহর ও গ্রামগুলোর কর্তৃপক্ষের সম্পাদিত দায়বদ্ধ চুক্তি তাঁদের সাংবিধানিক ঋণ সীমার আওতা মুক্ত থাকবে।

**এই প্রস্তাবিত সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

স্টেট সংবিধানের আওতায় কাউন্টি, সিটি, শহর এবং গ্রাম সমূহের জন্য ঋণের সীমা নির্দিষ্ট করে দেয়া আছে। বর্তমানে, ১৯৬২ সাল থেকে এই বছরের শেষ পর্যন্ত পয়ঃনিষ্কাশনের সুবিধা নির্মাণ ও পুনর্নির্মাণে গৃহীত ঋণ সাংবিধানিক ঋণ সীমার আওতা মুক্ত। এই প্রস্তাবনায় অব্যাহতির সময় সীমা আরও দশ বছর বাড়িয়ে ২০২৩ সালের শেষ পর্যন্ত এই ধরণের সকল গৃহীত ঋণ অন্তর্ভুক্ত করা হবে।

### ● হ্যাঁ ভোট প্রদানের কারণ

» এই অব্যাহতি সিটি ও টাউন সমূহকে সাংবিধানিক ঋণ সীমা অতিক্রম না করে উন্নতমানের পয়ঃ নিষ্কাশনের পদ্ধতি রক্ষণাবেক্ষণ করতে সাহায্য করবে।

» এই প্রস্তাবনা ৫০ বছরের বেশি সময় থেকে প্রচলিত উপযুক্ত আর্থিক ব্যবস্থাপনা মেনে চলতে মিউনিসিপালটিগুলোকে সুযোগ করে দিবে।

### ● না ভোট দেয়ার কারণ সমূহ

» এই প্রস্তাবনা মিউনিসিপালটিগুলোকে অত্যাধিক ঋণের পরিমাণ জমাতে দিবে যা ভবিষ্যতে করদাতাদের উপর চাঁপাতে বাধ্য হবে পারে।

» এই অব্যাহতি মিউনিসিপালটিগুলোর ঋণের সীমা এড়ানোর সুযোগ করে দিলে তা একটি খারাপ উদাহরণ সৃষ্টি হবে। আমরা যদি মনে করি এই ঋণ সীমা খুব দুর্বহ, তবে এই ঋণ সীমা আমরা পুনর্বিবেচনা করতে পারি।

**প্রস্তাবনা ৪ । বনসংরক্ষণ বিষয়ক বিবাদযুক্ত টাইটেলের নিস্পত্তি**

সংবিধানের ১৪ নং অনুচ্ছেদের ১ নং ধারার প্রস্তাবিত সংশোধনীর মাধ্যমে স্টেট ও বেসরকারি প্রতিষ্ঠানদের মধ্যে লং লেক, হেমিল্টন কাউন্টির সংরক্ষিত বনের মধ্যে কিছু নির্দিষ্ট দাগের জমি নিয়ে দীর্ঘদিন যাবত চলতে থাকা বিবাদের নিস্পত্তি করার জন্য আইনসভাকে ক্ষমতা প্রদান করবে। বিবাদমান দাগের জমির দাবী ছেড়ে দেয়ার বিনিময়ে স্টেট বন সংরক্ষণ সম্পর্কিত সে সকল ভূমি পাবে যা বন সংরক্ষণের বর্তমানের বিবাদমান দাগের ভূমি চেয়ে বেশি লাভমান হবে।

**এই প্রস্তাবিত সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

স্টেটের সংবিধান অনুযায়ী স্টেটের-মালিকানাধীন এদিরনডেক্সের সকল জমি "সর্বদা বন্য" হিসাবে থাকতে হবে। শত বছরেরও বেশি সময় ধরে হেমিল্টন কাউন্টির টাউন অফ লং লেক-এর দাগের ভূমির টাইটেলে স্টেট ও বেসরকারি ব্যক্তিবর্গ মালিকানা দাবি করে বিবাদ করে আসছেন। স্টেট সংবিধানে সংশোধনী ছাড়া স্টেট এই দাগের কোন ভূমি ব্যক্তি মালিকানায় হস্তান্তর করতে পারে না। এই প্রস্তাবিত সংশোধনীর মাধ্যমে স্টেট বৃহৎ মূল্যের ভূমি যা এডিরনডেক পার্কের সাথে যুক্ত হতে পারে এর পরিবর্তে বিবাদমান জমির দাবী ছেড়ে দিতে পারবে। এই সম্ভাব্য হস্তান্তর তখনই সম্পাদিত হবে যখন আইনসভা দেখবে বিবাদী জমি থেকে বন সংরক্ষণের জন্য পরিবর্তিত জমিটি বেশী সুফল বয়ে আনবে।

### হ্যাঁ ভোট প্রদানের কারণ

- এই প্রস্তাবানায় ঐ সকল বিবাদমান দাগের জমিতে বসবাসকারী বাসিন্দা সেখানেই থাকবে যখন জনসাধারণের উপভোগের জন্য আরও বন ভূমি সংরক্ষিত জমির সাথে যুক্ত হবে।
- দশক থেকে দশক চলা বিবাদ আদালতের মাধ্যমে মিটানো ব্যয় বহুল হতে পারে; এই প্রস্তাবনা পাস হলে স্টেট এই সম্ভাব্য ব্যয় বাঁচাতে পারবে।

### না ভোট দেয়ার কারণ সমূহ

- স্টেট সরকারী জমি কোনভাবে ব্যক্তি মালিকানায় দেয়া উচিৎ নয়।
- সংবিধান অনুযায়ী এই জমি "সর্বদা বন্য" হিসাবে রাখতে হবে। যদি স্টেট জমির জন্য সংগ্রাম করা বন্ধ করে দেয়, তবে পুরো সংরক্ষিত বনাঞ্চল ঝুঁকির মধ্যে পরবে।
- ভূমি হস্তান্তরের বিষয়ে আইনসভার উপর আস্থা রাখা যায় না যে, তারা বিবাদী দাগের জমি থেকে সংরক্ষিত বনের স্বার্থের ভূমি অধিদখল করতে পারবে।

**প্রস্তাবনা ৫ । NYCO মিনারালস, Inc-এর সাথে স্টেটের সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে ভূমি বদল সংক্রান্ত**

সংবিধানের ১৪ নং অনুচ্ছেদের ১ নং ধারার প্রস্তাবিত সংশোধনীর মাধ্যমে আইনসভা এসেক্স কাউন্টির টাউন অফ লুইসে অবস্থিত সংরক্ষিত বনাঞ্চল. NYCO মিনারালস, Inc. একটি বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদান করবেন, যারা সংরক্ষিত বনাঞ্চলের সংলগ্ন জমিতে তাদের বর্তমানের পরিচালিত খনির কাজ সম্প্রসারণ করার অনুমোদন দিতে পারবে। এর বদলে NYCO মিনারালস, Inc. প্রায় সমমূল্যের কমপক্ষে $১ মিলিয়ন মূল্যের প্রায় সমপরিমাণ জমি সংরক্ষিত বনের সাথে সংযুক্ত করার জন্য প্রদান করবে। যখন NYCO মিনারালস তাদের খনির কাজ সম্পন্ন করবে তখন তারা জমিটি পূর্বাবস্থায় এনে সংরক্ষিত বনাঞ্চলে ফিরিয়ে দিবে।

**এই প্রস্তাবিত সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

স্টেটের সংবিধান অনুযায়ী স্টেটের-মালিকানাধীন এদিরনডেক্সের সকল জমি "সর্বদা বন্য" হিসাবে থাকতে হবে। অতএব এখানের কোন জমি অন্য কোন মালিকানায় হস্তান্তর করতে হলে স্টেটের সংবিধানে সংশোধন করতে হবে।

এই প্রস্তাবনায় স্টেট এসেক্স কাউন্টির এদিরনডেক পার্কের প্রায় ২০০ একর জমি NYCO মিনারালস, Inc. একটি বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদান করবে, যারা সংরক্ষিত বনাঞ্চলের সংলগ্ন জমিতে তাদের বর্তমানের পরিচালিত খনির কাজ সম্প্রসারণ করবে। এর বদলে NYCO মিনারালস, Inc. প্রায় সমমূল্যের কমপক্ষে $১ মিলিয়ন মূল্যের প্রায় সমপরিমাণ জমি সংরক্ষিত বনের সাথে সংযুক্ত করার জন্য প্রদান করবে। যখন NYCO মিনারালস তাদের খনির কাজ সম্পন্ন করবে তখন তারা জমিটি পূর্বাবস্থায় এনে সংরক্ষিত বনাঞ্চলে ফিরিয়ে দিবে।

এই প্রস্তাবিত সংশোধনীতে NYCO মিনারালস ভূমি হস্তান্তরের পূর্বে, যে জমি তাদেরকে প্রদান করা হবে সে জমিতে কি পরিমাণ ও মানের খনিজ রয়েছে তা পরীক্ষা করার সুযোগ পাবে। NYCO মিনারালস তাদের পরীক্ষার ফলাফল স্টেটকে প্রদান করবে যাতে স্টেট জমির মূল্য নির্ধারণ করে NYCO মিনারালসকে জানাতে পারে। এই প্রস্তাবিত সংশোধনীতে আরও থাকবে যে, পরীক্ষার পর যদি NYCO মিনারালস সংরক্ষিত বনাঞ্চলের জমি না চায়, তবে পরীক্ষা চালানোর জন্য সংরক্ষিত বনাঞ্চলের যে পরিমাণ ভূমি ক্ষতিগ্রস্থ হয়েছে NYCO মিনারালস সে পরিমাণ জমি বা কমপক্ষে সমমূল্যের জমি অবশ্যই স্টেটকে প্রদান করবে। এই জমি সংরক্ষিত বনাঞ্চলের সাথে যুক্ত হবে।

### হ্যাঁ ভোট প্রদানের কারণ

- NYCO মিনারালসকে জমি ব্যবহারের অনুমতি প্রদান করে এর খনির আয়ুকাল কমপক্ষে এক দশক বৃদ্ধি পাবে এবং এলাকায় শতাধিক চাকুরী রক্ষা পাবে। বর্তমানে এই প্রতিষ্ঠানের খনি কাজ পরিচালনার সম্ভাব্য মেয়াদ আর মাত্র তিনটি বছর আছে।
- এই অঞ্চলের মধ্যে কেবলমাত্র সংরক্ষিত বনাঞ্চলই খনির জন্য উপযুক্ত। সম্ভাব্য অন্যান্য স্থানে খনির কাজ পরিচালনা হবে আরও কঠিন ও ব্যয়বহুল।
- এই প্রস্তাবনা জনগণের স্বল্প মেয়াদী উপভোগের জন্য জমির পরিমাণ হ্রাস করবে না এবং শেষ পর্যন্ত বনাঞ্চলের আকার বড় হবে যখন NYCO মিনারালস স্টেটের কাছে ভূমি ফেরত দিবে।

### না ভোট দেয়ার কারণ সমূহ

- এইটি একটি খারাপ উদাহরণ সৃষ্টি করবে, কারণ এদিরনডেক পার্কের জমি প্রথমবারের মত বেসরকারি ব্যবসায়ী স্বার্থে হস্তান্তর করা হচ্ছে।
- NYCO-র এদারনডেক পার্কের জমিতে খনির কাজ পরিচালনা করা উচিৎ হবে না যখন তারা মাত্র দুই মাইল দূরে ওক হিল নামক স্থানে বিকল্প জমিতে খনির কাজ সম্পাদন করতে পারে।
- খনির যে ভূমি পার্ককে ফেরত দেয়া হবে, সে জমি পরিবেশগত বিনাশের শিকার হবে।
- বেশ কিছু কারনে NYCO মিনারালস হয়তোবা অঙ্গীকারবদ্ধ জমি না দিতে পারে বা ক্ষতিগ্রস্থ ভূমিই ফেরত দিতে পারে কারণ প্রতিষ্ঠানটি দেউলিয়া হয়ে গেছে বলে। ফলে ভূমিটি জনসাধারণের ব্যবহার উপযোগী থাকবে না অথবা তা পুনঃসংস্কারের জন্য জনগণের অর্থ ব্যয় করতে হবে।

**প্রস্তাবনা ৬ । স্টেট বিচারক দায়িত্ব পালন করতে পারেন তা নিশ্চিত করা পর্যন্ত বয়স সীমা বৃদ্ধি**

সংবিধানের ৬ নং অনুচ্ছেদের ২ এবং ২৫ নং ধারার প্রস্তাবিত সংশোধনীতে বলা হয়েছে যে, সর্বোচ্চ বয়স সীমা বৃদ্ধি সে পর্যন্ত করা যাতে নির্দিষ্ট স্টেট বিচারকগণ দায়িত্ব পালন করে যেতে পারেনঃ (ক) সুপ্রিম কোর্টের একজন বিচারক বর্তমান অবসরের বয়স ৭০-র পর অতিরিক্ত পাঁচ বার দুবছর মেয়াদী টার্মের জন্য উপযুক্ত, এখন তা তিনটি টার্মের জন্য আছে; এবং (খ) আপীল কোর্টের একজন বিচারক ৭০ বছর বয়সে পৌঁছে গেছেন তথাপি তিনি তাঁর দায়িত্ব ১০ বছর পর্যন্ত পালন করে যেতে পারবেন, বর্তমান অবসরের বয়স ৭০ বছর হলেও তিনি যে মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছেন তা তিনি সম্পন্ন করবেন।

**এই প্রস্তাবিত সংশোধনী কি পাস করা হবে?** ○ **হ্যাঁ** অথবা ○ **না**

আপীল বিভাগের বিচারক - স্টেটের সর্বোচ্চ আদালত – ১৪-বছর মেয়াদী দায়িত্ব পালন করবেন, কিন্তু স্টেটের সংবিধানের আওতায়, একবার অবসরের বাধ্যতামূলক বয়স ৭০ বছরের পৌঁছলে তাঁদের অবসরে যেতেই হবে। এই প্রস্তাবিত সংশোধনী অনুযায়ী একজন বিচারকের ৭০ বছর হলেও তিনি আরও অতিরিক্ত ১০ বছর পর্যন্ত দায়িত্ব পালন করে যেতে পারবেন, তিনি যে মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছেন তা তিনি সম্পন্ন করবেন।

সুপ্রীম কোর্টের বিচারক – স্টেটের ট্রায়াল এবং আপিলেট বিভাগ আদালত – সংবিধান অনুযায়ী ৭০ বছর বয়সে অবসরে যেতে হবে, কিন্তু তাঁদের অবসরের বয়সে পৌঁছালেও তাঁরা আরও তিনবার দুই বছর মেয়াদী টার্ম দায়িত্ব পালন করতে পারবেন যদি তাঁদের সেবার প্রয়োজন হয় এবং তাঁরা সঠিকভাবে তাঁদের দায়িত্ব পালনে উপযুক্ত থাকেন। এই প্রস্তাবনায় অবসরের পর তাঁরা আরও দুইটি টার্ম এবং ৮০ বছর বয়স পর্যন্ত তাঁরা দায়িত্ব পালন করতে পারবেন।

### হ্যাঁ ভোট প্রদানের কারণ

- বর্তমানের বাধ্যতামূলক অবসরে বয়স সীমা ১৮৬৯ সালে ঠিক করা হয়েছিল। এখনকার আয়ুকাল অনেক বেশি এবং বহু বয়স্ক নাগরিকরা কর্মঠ ও সুস্থ্য জীবন যাপন করছেন, একজন বিচারককে ৭০ বছর বয়সে জোর করে অবসরে পাঠানোর কোন মানে হয় না।
- এই প্রস্তাবনায় সবচেয়ে অভিজ্ঞ বিচারকই দায়িত্বে থাকবেন। বয়স্ক বিচারকরা তাঁদের প্রজ্ঞার জন্য অল্প বয়সী বিচারকদের থেকে বেশী কার্যকরী এবং সত্যিকার বিষয়টি হল তাঁদের সিদ্ধান্ত তাঁদের ব্যক্তিগত ক্যারিয়ার দ্বারা কম প্রভাবিত।
- U.S. সুপ্রীম কোর্টের বর্তমান বিচারকদের মধ্যে চারজন ৭০ বছর উর্ধ্ব এবং তাঁদের মধ্যে ধীরে চলার কোন লক্ষণ নেই। এই বিচারকদেরকে যদি নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ আদালতের দায়িত্ব দেয়া হত, তা হলে হয়তো তাঁদেরকে ইতিমধ্যে জোর করে অবসরে পাঠানো হত।

### না ভোট দেয়ার কারণ সমূহ

- আদালতে নতুনত্ব আনার জন্য আমাদের প্রয়োজন অল্প বয়স্ক এবং বিভিন্ন ধারার বিচারক – দীর্ঘ দিন দায়িত্বরত বয়স্ক বিচারকগণ নয়।
- এই প্রস্তাবনার ফলে এমন হতে পারে যে, একজন মানসিক ও শারীরিকভাবে আর সামর্থ্য না থাকা সত্বেও বিচারকের দায়িত্ব পালন করে যাচ্ছেন।
- নিউ ইয়র্ক স্টেটের সকল বিচারকদের একই বাধ্যতামূলক অবসরের বয়স থাকা উচিৎ। এই সংশোধনীর ফলে দু'স্তরের পদ্ধতি সৃষ্টি হবে, যেখানে স্টেটব্যাপী বিচারকরা স্থানীয় এবং বিশেষায়িত আদালতের বিচারকদের তুলনায় পরে অবসর নিচ্ছেন কারণ তাঁদের বর্তমানের অবসরের বয়স ৭০ বছর অপরিবর্তিত থাকবে।



1

## 1 | আপনার ব্যালট সংগ্রহ করুন

» আপনার নির্দিষ্ট ভোটদান কেন্দ্রে যান, নাম সই করুন, এবং আপনার কাগজের ব্যালট এবং ভোটের কার্ড ভোট কর্মীর কাছ সংগ্রহ করুন।

» ব্যালটটিতে আপনার ভোট দেওয়া হয়ে গেলে আপনার ভোটটি যাতে কেউ দেখতে না পান তার জন্যে আপনাকে একটি গোপনীয়তা থাম দেওয়া হবে।

» গোপন কক্ষটিতে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এর জন্যে ব্যবহার করার অনুরোধ করুন।



2

## 2 | আপনার ব্যালটের দুই দিকেই ভোট দিন

» আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার পছন্দের পাশের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ভোটটি দিন।

**সঠিক**

J. Doe ⬤

**ভুল**

J. Doe (✗) | J. Doe (✓) | J. Doe (◯)

» কোন "✗" অথবা একটি "✓" ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগাবেন না, অথবা ব্যালটটিতে অপ্রয়োজনীয় দাগ দেবেন না।

» একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।

» আপনার ব্যালট টি ভাঁজ করবেন না।



3

## 3 | আপনার ব্যালটটি স্ক্যান করুন

» আপনার ব্যালট এবং ভোটার কার্ডটি স্ক্যান করার জায়গায় নিয়ে যান।

» আপনার পছন্দের ভাষাটি স্ক্রিনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।

» আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিন আপনার ভোটটি প্রদান করুন। স্ক্যানারটি উভয় দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে আপনার ভোটটি জমা করা হয়েছে।

## ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করা



### BMDটি দুইভাবে ভোটারদের ব্যালটটি ব্যবহার করতে দেয়:

১। ব্যালটটি প্রদর্শিত স্ক্রিনে দেখুন।

২। ব্যালটটি হেডফোনের মাধ্যমে শুনুন।

### BMDটি চারভাবে ভোটারদের ব্যালটে ভোট দান করতে দেয়:

১। স্ক্রিন স্পর্শ করে

২। কিই প্যাড (ব্রেইল)

৩। সিপ এন্ড পাফ যন্ত্র

৪। রকার প্যাডেল

### BMD-এতে নিম্নোক্ত ধাপগুলির মাধ্যমে আপনার ব্যালটটিত ভোট দিন:

» আপনার ব্যালটটিতে কেমন করে ও কি ভাবে ভোটটি দেবেন তা ঠিক করে নিন।

» আপনার ব্যালটটি ভোট জমা করার ট্রেতে ঢুকিয়ে দিন।

» আপনার ভাষাটি পছন্দ করে নিন।

» BMDটি আপনার পছন্দ বাছাই ও তা পর্যালোচনা করার পুরো প্রক্রিয়াটি প্রদর্শন করবে।

» কোন মত বদল করার জন্য, কোন প্রতিদ্বন্দ্বিতা বা বিষয় আপনি বদলাতে চান, সেটি আবার বেঁছে নিয়ে সঠিক উত্তরটি আবার নিন। সংক্ষিপ্তসার পর্দায় ফেরত যাওয়ার জন্যে "NEXT" চাপ দিন।

» আপনার ব্যালটটি মুদ্রণের জন্য "Mark Ballot"-এ চাপ দিন।

» আপনার মুদ্রিত ব্যালট এবং ভোটার কার্ড স্ক্যান করার জায়গায় নিয়ে যান।

» ব্যালটটি স্ক্যানারের ভেতরে ঢোকানোর জন্যে যদি আপনার কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মী আপনাকে সাহায্য করবেন।

# গুরুত্বপূর্ণ নির্দেশনা এবং সাধারণ সমস্যাবলীর সমাধান সমূহ!

## মনে রাখবেন...

**আপনার ব্যালটটির অপর দিকটি দেখুন!**
উল্টো দিকে ভোট দানের জন্য প্রার্থীদের নাম এবং/অথবা ব্যালট প্রস্তাবসমূহ থাকতে পারে।

**মনে করে প্রতিটি অফিসের জন্য ভোট দিবেন এবং ব্যালটের প্রতিটি প্রশ্নের উত্তর দেবেন।**
স্ক্যানারটি আপনাকে জানাবে না যে আপনি একটি বা অধিক পদের বা ব্যালটের প্রশ্নের উত্তর গোলাকার স্থানে সঠিকভাবে গোল করতে ব্যর্থ হয়েছেন। এটিকে বলা হয় "Undervoting"। স্ক্যান করার আগে আপনার ব্যালটটি ভালোভাবে দেখে নিন। প্রতিটি পদ এবং ব্যালট প্রস্তাবনায় আপনি ভোট দিয়েছেন তা নিশ্চিত করুন। স্ক্যানারটি আপনার ব্যালটটি একবার নিয়ে নিলে আপনি আর দ্বিতীয় সুযোগ পাবেন না।

**গোলাকার জায়গাটি সম্পূর্ণভাবে পূরণ করুন।**
"X" অথবা "✓" ব্যবহার করবেন না অথবা গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগ দিবেন না।

**শুধুমাত্র একজন ব্যক্তিকেই ভোট দেবেন, যদি না অন্যভাবে নির্দেশ দেওয়া থাকে।**
প্রথম কলামে, ব্যালটটিতে লেখা থাকবে আপনি কয়টি পছন্দ করতে পারবেন। বেশিরভাগ ক্ষেত্রে, লেখা থাকবে, "একজনকে ভোট দিন" "Vote for ONE", কিন্তু কোন কোন ক্ষেত্রে এটি লেখা থাকতে পারে "যে কোন দুজনকে ভোট দিন" "Vote for any TWO", "যে কোন তিনজনকে ভোট দিন" "Vote for any THREE", ইত্যাদি। অনুগ্রহ করে ব্যালটটি ভালো করে পড়ে নিন, যাতে আপনি বেশি বা কম ভোট না দেন।

**আপনি একজন রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।**
যদি আপনি কোন প্রার্থীকে ভোট দিতে চান যাঁর নাম ব্যালটে, তবে আপনাকে অবশ্যই:

(১) রাইট-ইন প্রার্থীদের জন্যে নির্দিষ্ট জায়গাটির গোলাকার জায়গাটিকে সম্পূর্ণ পূরণ করতে হবে এবং

(২) সেই প্রার্থীর নাম এই বক্সে লিখতে হবে অথবা স্ট্যাম্প দিতে হবে।

**বেশিরভাগ ভোটকেন্দ্রেই একাধিক স্ক্যানার থাকে।**
আপনার ভোটার কার্ড ভোটকর্মীকে দিয়ে দিন এবং তিনি আপনাকে বলে দেবেন কোন স্ক্যানারটি ব্যবহার করতে হবে।

## অসুবিধা এবং সমাধান সমূহ

**আমি ভোট দিতে ভুল করে ফেলেছি।**
ব্যালটে মুছে ফেলার অথবা বদল করার চেষ্টা করবেন না। একজন ভোটকর্মীকে নতুন একটি ব্যালট দিতে বলুন। প্রতিটি ভোটদাতা সর্বোচ্চ তিনটি ব্যালট চাইতে পারেন।

**আমি "বেশি ভোট দিয়ে ফেলেছি" (একজন প্রার্থীর জন্যে অনেকগুলো গোলাকার স্থান পূরণ করে ফেলেছি)।**
কোন অফিস অথবা ব্যালট প্রস্তাবনায় আপনি যদি বেশী ভোট দেন, তবে তা গণ্য হবে না। যদি আপনি ব্যালটটি স্ক্যানারে রাখার আগে বুঝতে পারেন যে আপনি বেশি ভোট দিয়ে ফেলেছেন, তবে একজন ভোটকর্মীকে পূরণ করার জন্য নতুন একটি ব্যালট দিতে বলুন। যদি আপনি অতিরিক্ত ভোট দেওয়ার পরে একটি ব্যালট স্ক্যানারে ঢোকান, সেটির পর্দাটি দুটি উপায়সহ একটি ভুল বার্তা দেখাবে "জমা করবেন না – ব্যালটটি ফেরত দিন" উপায়টি বাছুন, এবং স্ক্যানারটি আপনার ব্যালটটি ফেরত দিয়ে দেবে যাতে আপনি একজন ভোটকর্মীর কাছ থেকে পূরণ করার জন্য একটি নতুন ব্যালট চেয়ে নিতে পারেন। যদি আপনি "ব্যালটটি জমা করুন" উপায়টি বাছেন, তাহলে স্ক্যানারটি আপনার ব্যালটটি রেখে নেবে তবে যে প্রতিদ্বন্দ্বিতার জন্য বেশী ভোট দিয়ে দিয়েছেন তা আর গণ্য হবে না, কিন্তু আপনার বাকী ভোটগুলো গণনা করা হবে।

**লেখাগুলি অতিরিক্ত ছোট; আমি আমার কাগজের ব্যালট পড়তে পারছিনা।**
বড় লেখার কাগজ থাকবে। আপনি ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করে অথবা কোন বন্ধুকে আপনাকে সাহায্য করার জন্যে বলতে পারেন।

**ছয়টি ব্যালট প্রস্তাবনার সমূহের সবকয়টিতে ভোট দেয়া নিশ্চিত করবেন!**

» প্রশ্ন সমূহ অপর পাতায় থাকতে পারে।

» ভোট ◯ **হ্যাঁ** বা ◯ **না** প্রতিটি প্রশ্নের জন্য সঠিক গোলাকার পূরণ করে।

ব্যালট প্রস্তাবনা সমূহ সম্পর্কে আরও জানতে হলে 28-29 পৃষ্ঠায় দেখুন।

## ভিডিও ভোটার গাইড সময়সূচী

ভিডিও ভোটার গাইডটি প্রচারিত হবে **NYC gov**এ প্রত্যেক রাত **৭ টায়**, শুরু হবে সোমবার ২৮ই অক্টোবর থেকে। প্রতিটি সম্প্রচার শুরু হবে সিটিব্যাপী পদের প্রার্থীদের নিয়ে এবং তাদের অনুসরণ করবে বোরো প্রেসিডেন্ট ও সিটি কাউন্সিল প্রার্থীগণ। প্রতি রাতে ভিন্ন একটা বোরো অগ্রণী ভূমিকায় থাকেবন।

| ব্রুকলিন | ব্রঙ্কস | ম্যানহাট্টান | কুইনস | ষ্টেটেন আইল্যান্ড |
|---|---|---|---|---|
| **সোমবার, অক্টোবর ২৮** | **মঙ্গলবার, অক্টোবর ২৯** | **বুধবার, অক্টোবর ৩০** | **বৃহস্পতিবার, অক্টোবর ৩১** | **শুক্রবার, নভেম্বর ১** |

ক্যাবলভিশন ও টাইমওয়ার্নার-**এ চ্যানেল ৭৪**, আরসিএন-**এ চ্যানেল ৮১** বা **ভেরাইজন** ফায়স-**এ চ্যানেল ২৪**-এ **NYC gov** দেখুন।

## আসন্ন সাধারণ নির্বাচনী বিতর্ক

### মেয়র

**মঙ্গলবার, অক্টোবর ২২শে, সন্ধ্যা ৭টায়**

| | |
|---|---|
| *টিভি* | সিবিএস নিউজ ইংরাজী<br>ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ স্প্যানিশ |
| *রেডিও* | ১০১০ উইন্স<br>ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০ |

**মঙ্গলবার, অক্টোবর ২৯শে, সন্ধ্যা ৭টায়**

| | |
|---|---|
| *টিভি* | এনবিসি ৪ নিউ ইয়র্ক ইংরাজী<br>টেলিমোন্ড নিউভা ইয়র্ক স্প্যানিশ |
| *রেডিও* | ডাব্লিউওআর রেডিও |

### পাবলিক অ্যাডভোকেট

**শনিবার, অক্টোবর ১৯শে, সন্ধ্যা ৭টায়**

| | |
|---|---|
| *টিভি* | এনবিসি ৪ নিউ ইয়র্ক ইংরাজী<br>টেলিমোন্ড নিউভা ইয়র্ক স্প্যানিশ |
| *রেডিও* | ডাব্লিউওআর রেডিও |

### কম্পট্রোলার

**বৃহস্পতিবার, অক্টোবর ২৪শে, সন্ধ্যা ৭টায়**

| | |
|---|---|
| *টিভি* | সিবিএস নিউজ ইংরাজী<br>ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ স্প্যানিশ |
| *রেডিও* | ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০ |

যদি একজন মাত্র প্রার্থী বিতর্কের জন্য উপযুক্ত হন, তবে সেই বিতর্ক বাতিল করা হবে।

**বিতর্কগুলো স্পন্সর করেছেন**

## সম্প্রসারণটি আপনি দেখতে পারেননি?

সকল প্রার্থীদের ভিডিওগুলো স্ট্রিম করার জন্য তাদের প্রোফাইল পাতায় যান **www.nyccfb.info/voterguide**।
বিগত বিতরকগুলো দেখতে হলে **www.nyccfb.info/debates**।

## নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড

একটি নিরপেক্ষ, স্বতন্ত্র সিটি এজেন্সি যা নির্বাচনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকাকে আরো উন্নত করে। CFB-র উদ্দেশ্য হল ভোটদাতাদের অংশগ্রহণ ও সচেতনতা বাড়ানো, ক্যাম্পেনের আর্থিক স্থিতি জনগণকে জানানো, আরো নাগরিকদের পদপ্রার্থী হতে উৎসাহিত করা, ক্ষুদ্র সহায়তা প্রদানকারীদের ভূমিকা জোরালো করা, এবং প্রকৃত বা কল্পিত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

CFB-র NYC ভোটস ক্যাম্পেন কমিউনিটির সহযোগ এবং সরকারি ও বেসরকারি সংস্থার সঙ্গে অংশীদারির মাধ্যমে ভোটার রেজিস্ট্রেশন, ভোট প্রদান এবং সামাজিক অংশগ্রহণে সহায়তা করে। সম্ভাব্য ভোটদাতাদের জন্য প্রোগ্রাম ও ইভেন্টস সম্বন্ধে জানার জন্য ফোন করুন 212-306-7100 নম্বরে বা এই ওয়েবসাইট দেখুন-**www.nyccfb.info/nycvotes**।

CFB ক্যাম্পেন ফাইন্যান্স অ্যাক্ট প্রয়োগ করে থাকে, যা স্থানীয় পদপ্রার্থীদের প্রতি আর্থিক ক্যাম্পেন সহায়তার উপর সীমারেখা ও বিধি নিষেধ আরোপ করে। প্রার্থীদের জানাতে হয় যে, ঠিক কোথা থেকে তাঁদের আর্থিক সাহায্য এসেছে এবং সেই অর্থ কিভাবে খরচ করা হয়েছে। CFB স্থানীয় নির্বাচনে **স্বতন্ত্র খরচ** সম্বন্ধেও তথ্য সংগ্রহ ও প্রকাশ করে। CFB-র ওয়েবসাইট **www.nyccfb.info**-তে এই তথ্যাদি জনগনকে জানানো হয়। প্রার্থীদের "ব্যবসা করার" নিষেধাজ্ঞাও মেনে চলতে হয় যা স্থানীয় প্রশাসনে "টাকা উড়ানোর" ধারণা কমাতে সাহায্য করে। প্রার্থীরা স্বেচ্ছায় ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে যোগ দিতে পারেন, যা কঠোরভাবে খরচের সীমারেখা মেনে চলতে স্বীকৃত যোগ্য প্রার্থীকে পাবলিক ম্যাচিং ফাণ্ডস সরবরাহ করে। পাবলিক ম্যাচিং ফাণ্ডস প্রোগ্রাম জনগণের সমর্থনপ্রাপ্ত প্রার্থীদের বৃহৎ পরিমাণে চাঁদা বা ব্যক্তিগত সম্পত্তির উপর নির্ভর করতে বাধ্য না করে যথেষ্ট জনগণের সাহায্যে প্রতিযোগিতামূলক ক্যাম্পেন পরিচালানো করতে সাহায্য করে।

আপনি যদি কোনো নাগরিক পদের জন্য প্রার্থী হতে আগ্রহী হন, বা কিভাবে CFB নিউ ইয়র্কে NYC ইলেকশনকে আরো বেশি উন্মুক্ত ও গণতান্ত্রিক হতে সাহায্য করে থাকে, তা জানতে চান, তাহলে আমাদের ওয়েবসাইট **www.nyccfb.info** দেখুন বা CFB-র সঙ্গে যোগাযোগ করুন এই ঠিকানায়-40 Rector St., 7th Floor, New York, NY 10006। আপনি আমাদেরকে ইমেলও করতে পারেন এই ঠিকানায়-**info@nyccfb.info**।

চলার পথে ভোটের তথ্য জানার জন্য আপনার মোবাইল ডিভাইস থেকে **www.nycvotes.org**-এ দেখুন

**Joseph P. Parkes, S. J.** | চেয়ারম্যান

**Art Chang** | সদস্যবৃন্দ
**Richard J. Davis** | সদস্যবৃন্দ
**Courtney C. Hall** | সদস্যবৃন্দ
**Mark S. Piazza** | সদস্যবৃন্দ

**Amy M. Loprest** | এক্সিকিউটিভ ডাইরেক্টর

**Elizabeth Bauer** | চিফ অফ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস
**Daniel Cho** | ডাইরেক্টর অফ ক্যাণ্ডিডেট সার্ভিসেস
**Onida Coward Mayers** | ডাইরেক্টর অফ ভোটার অ্যাসিস্টেন্স
**Sue Ellen Dodell** | জেনারেল কাউন্সেল
**Eric Friedman** | ডাইরেক্টর অফ ক্যাম্পেন ফাইন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন
**Peri Horowitz** | ডাইরেক্টর অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্স
**Jonnathon Kline** | ডাইরেক্টর অফ অডিটিং অ্যাণ্ড অ্যাকাউন্টিং
**Kenneth O'Brien** | ডাইরেক্টর অফ সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন
**Jesse Schaffer** | ডাইরেক্টর অফ স্পেশাল কমপ্লায়েন্স
**Elizabeth A. Upp** | ডাইরেক্টর অফ কমিউনিকেশনস
**Peggy A. Willens** | ডাইরেক্টর অফ ম্যানেজমেন্ট অ্যানালিসিস অ্যাণ্ড রেকর্ডস অ্যাডমিনিস্ট্রেশন

এই ভোটার গাইডটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের যোগাযোগ ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত: Jinhui Bao, Jing Cao, Crystal Choy, Winnie Ng, Karina Schroeder এবং Elizabeth A. Upp, সহযোগিতায় Hannah Egerton, Anne Guo, Katharine G. Loving, Maran-Atha Taylor, এবং Simon C. Wu।

নিউ ইয়র্ক সিটি 2013 সাধারণ নির্বাচনের ভোটার গাইড।গ্রন্থ স্বত্বের স্বত্বাধিকারী © 2013 নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা। সকল অধিকার সংরক্ষিত।প্রচ্ছদ ও অভ্যন্তরীণ নকশা করেছেন Baseline Group NY। মার্কিন যুক্ত রাষ্ট্রে তৈরী।

# সাধারণ নির্বাচনের দিন
# মঙ্গলবার ৫ই নভেম্বর




nyc votes
New York City Campaign Finance Board

সকল নির্বাচন কেন্দ্রগুলো খোলা থাকবে সকাল ৬ টা থেকে–রাত ৯ টা পর্যন্ত। নিশ্চিত নন যে কোথায় ভোট? দিবেন কল করুন 866-VOTE-NYC অথবা দেখুন nyc.pollsitelocator.com